* তৃতীয়েনোদ্ভিজ্জশব্দেন সংশোকজস্য স্বেদজস্য অবরোধঃ সংগ্রহঃ কৃতঃ, শ্রুতৌতি শেষঃ। শ্রুতি উদ্ভিজ্জ শব্দে স্বেদজ জাতির সংগ্রহ করিয়াছেন, ইহা বুঝিতে হইবেক।

সাভাব্যাপত্তিরুপপত্তেঃ ॥ ৩ । ১ । ২২ ॥ †

ইষ্টাদিকারিণশ্চন্দ্রমসমাসাদ্য "তস্মিন্ যাবৎ সম্পাত-মুষিত্বা ততঃ সানুশয়া অবরোহন্তি" ইত্যুক্তম্। অথাবরোহ-প্রকারঃ পরীক্ষ্যতে। তত্রেয়মবরোহশ্রুতির্ভবতি "অথৈতমেবা-ধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেতম্—আকাশমাকাশাদ্বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাভ্রং ভবত্যভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি" ইতি। তত্র সংশয়ঃ—কিমাকাশাদিস্বরূপ-মেবাবরোহন্তঃ প্রতিপদ্যন্তে কিং বাকাশাদিসাম্যমিতি। তত্র প্রাপ্তং তাবদাকাশাদিস্বরূপমেব প্রতিপদ্যন্ত ইতি। কুতঃ? এবং হি শ্রুতির্ভবতি, ইতরথা লক্ষণা স্যাৎ। শ্রুতি-লক্ষণা-বিশয়ে চ শ্রুতির্ন্যায্যা, ন লক্ষণা। তথা চ "বায়ুর্ভূত্বা ধূমো

যদ্যপি "যথেতমাকাশমাকাশাদ্বায়ুম্" ইত্যেতো ন তাদাত্ম্যং স্ফুটমবগম্যতে, তথাপি বায়ুর্ভূত্বেত্যাদেঃ স্ফুটতরতাদাত্ম্যাবগমাদ্ যথেতমাকাশমিত্যেতদপি তাদাত্ম্য এবাবতিষ্ঠতে। ন চান্যস্যান্যভাবানুপপত্তিঃ। মনুষ্যশরীরস্য নন্দিকেশ্বরস্য দেবদেহ-রূপপরিণামস্মরণাৎ, এবং দেবদেহস্য চ নহুষস্য তির্য্যক্ত্বস্মরণাৎ। তস্মান্মুখ্যার্থ-পরিত্যাগেন ন গৌণী বৃত্তিরাশ্রয়ণীয়া। গৌণ্যাঞ্চ বৃত্তৌ লক্ষণাশব্দঃ প্রযুক্তো গুণে লক্ষণায়াঃ সম্ভবাৎ। যথাহুঃ—"লক্ষ্যমাণগুণৈর্যোগাদ্বৃত্তেরিষ্টা তু গৌণতা" ইতি। এবং প্রাপ্তে ব্রূমঃ—'সাভাব্যাপত্তিঃ"।

ইষ্টাদিপুণ্যকর্ম্মকারীরা চন্দ্রমা প্রাপ্ত হইয়া পতনের পূর্ব্বপর্য্যন্ত সে স্থানে বাস করিয়া অবশেষে অভুক্ত কর্ম্মসংস্কারের সহিত অবরোহণ করে অর্থাৎ পুনর্ব্বার এতল্লোকে জন্ম গ্রহণ করে, ইহা বলা হইল। এক্ষণে কি রূপে অবরোহণ করে, তাহা বিচারিত হইবে। অবরোহণবিষয়িণী শ্রুতি এইরূপ—"অনন্তর তাহারা যথাগত পথে পুনরাগমন করে। ভোগান্তে শরীর দ্রবীভূত হইলে তাহারা প্রথমে আকাশ প্রাপ্ত হয়, আকাশ হইতে বায়ুপ্রাপ্ত, বায়ু হইয়া ধূম হয়, ধূমের পর অব্‌ভ্র হয়, অব্‌ভ্র হইয়া মেঘ হয়, মেঘ হইয়া বর্ষণ করে।" ইত্যাদি। [তত্র... ইতি] এখানে সংশয় এই যে, অবরোহণকারীরা কি আকাশাদির স্বরূপ প্রাপ্ত হয়? অথবা আকাশাদির তুল্যতা প্রাপ্ত হয়? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, আকাশাদির স্বরূপ প্রাপ্ত হয়। তাহাই শ্রুতির অর্থ, অন্যথা শ্রুত্যর্থে লক্ষণা করিতে হয়। (মুখ্যার্থের সম্ভব থাকিলে লাক্ষণিক অর্থ গ্রহণ করা অন্যায্য)। যে স্থানে শ্রৌত অর্থাৎ আক্ষরিক অর্থ ও লক্ষণা-জনিত অর্থ উপস্থিত থাকে, সে স্থানে আক্ষরিক

---

† সমানো ভাবো ধর্ম্মো যস্য স সভাবস্তস্য ভাবঃ সাভাব্যং সাম্যমিত্যর্থঃ। সাম্যাপত্তির্ভবতি, ন তু তত্তদ্ভাবাপত্তিরিত্যভিপ্রায়ঃ। তদেব হ্যুপপদ্যতে ন ত্বন্যৎ।

অবরোহণকারীরা অবরোহণ কালে আকাশাদির সমান হয়, আকাশাদি হয় না। কেন-না, আকাশাদির সমান হওয়াই যুক্তিসিদ্ধ।

ভবতি" ইত্যেবমাদীন্যক্ষরাণি তৎস্বরূপোপপত্তাবেব কল্পন্তে। তস্মাদাকাশাদিস্বরূপোপপত্তিরিত্যেবং প্রাপ্তে ক্রমঃ,—আকাশাদিসাম্যং প্রতিপদ্যন্ত ইতি।

চন্দ্রমণ্ডলে যদম্ময়ং শরীরমুপভোগার্থমারব্ধং, তদুপভোগক্ষয়ে সতি প্রবিলীয়মানং সূক্ষ্মমাকাশসমং ভবতি, ততো বায়োর্ব্বশমেতি, ততো ধূমাদিভিঃ সংসৃজ্যত ইতি। তদেতদুচ্যতে "যথেতমাকাশমাকাশাদ্বায়ুম্" ইত্যেবমাদিনা। কুত এতৎ? উপপত্তেঃ। এবং হ্যেতদুপপদ্যতে। ন হ্যন্যস্যান্যভাব উপপদ্যতে। আকাশস্বরূপপ্রতিপত্তৌ চ বায়াদিক্রমেণাবরোহো

সমানো ভাবো রূপং যেষাং, তে সভাবাস্তেষাং ভাবঃ সাভাব্যং সারূপ্যং সাদৃশ্যমিতি যাবৎ। কুতঃ? উপপত্তেঃ। এতদেব ব্যতিরেকমুখেন ব্যাচষ্টে—"ন হ্যন্যস্যান্যভাব উপপদ্যতে"। সুগমেতদ্, যদ্দেবশরীরমজগরভাবেন পরিণমতে, দেবদেহসময়েঽজগরশরীরস্যাভাবাৎ। যদি তু দেবাজগরশরীরে সমসময়ে স্যাতাং, ন দেবশরীরমজগরশরীরং শিল্পিশতেনাপি ক্রিয়তে। ন হি দধিপয়সী সমসময়ে পরস্পরাত্মনী শক্যে সম্পাদয়িতুং, তদেহাপি সূক্ষ্মশরীরাকাশয়োর্যুগপদ্ভাবান্ন পরস্পরাত্মত্বং ভবিতুমর্হতি। এবং বায়ুাদিষ্বপি যোজ্যম্। তথা চ তদ্ভাবস্তৎ-

অর্থেরই গ্রহণ হয়, অন্যথা বলিয়া লাক্ষণিক অর্থের গ্রহণ হয় না। লাক্ষণিক অর্থের গ্রহণ না হইলেই "বায়ু হইয়া ধূম হয়" এইরূপ এইরূপ পাঠ সেই সেই পদার্থের স্বরূপ প্রাপ্তির বোধক হইয়া থাকে; সুতরাং পাওয়া গেল, অবরোহণকারীরা অবরোহণকালে আকাশাদির স্বরূপ হয়, আকাশাদির তুল্য হয় না। সূত্রকার এইরূপ পক্ষ প্রাপ্ত হইয়া বলিতেছেন, তাহারা আকাশাদির স্বরূপ প্রাপ্ত হয় না; কিন্তু আকাশাদির সহিত তুল্যতা প্রাপ্ত হয়।

[চন্দ্রমণ্ডলে…উপপদ্যতে] ভোগের নিমিত্ত চন্দ্রমণ্ডলে যে জলময় ভোগদেহ উৎপন্ন হইয়া থাকে, ভোগ সমাপ্তিতে তাহা বিলীন হইয়া যায়। বিলীন বা বিদ্রুত হইয়া (গলিয়া গিয়া) সূক্ষ্ম আকাশের সমান হয়। আকাশের ন্যায় সূক্ষ্ম ও লঘু হয় বলিয়া বায়ুর বশ্য হয়, বায়ুবশ্য হইয়া ধূমাদির সহিত সংসৃষ্ট (মিশ্রিত) হয়। এতদ্রূপ ক্রমে অব্ভ্রপ্রবিষ্ট (জলগর্ভ মেঘ অব্ভ্র এবং বর্ষণকারী মেঘ মেঘ। মেঘের সঞ্চয়াবস্থা অব্ভ্র, আর বর্ষণাবস্থা মেঘ)। তৎপরে বৃষ্টিজলে প্রবিষ্ট, তৎপরে পৃথিবীতে আসিয়া ধান্যাদি মধ্যে প্রবিষ্ট হয়। শ্রুতি এই তথ্যটী "যথাগত আকাশকে প্রাপ্ত হয় এবং আকাশ হইতে বায়ু প্রাপ্ত হয়" ইত্যাদি শব্দে বলিয়াছেন। ইহাই উপপন্ন অর্থাৎ সঙ্গতার্থ। ঐরূপ হইলেই শ্রুত্যর্থও ঠিক থাকে, অন্যথা মুখ্যার্থের অবরোধ হয়, অর্থাৎ উক্ত স্থলে মুখ্যার্থ অসম্ভব বা অনুপপন্ন হয়। [আকাশস্বরূপ…দ্যতে] জীব আকাশত্ব প্রাপ্ত হইলে, তাহার বায়ু-আদিক্রমে অবরোহণ

নোপপদ্যতে। বিভূত্বাচ্চাকশেন নিত্যসম্বদ্ধত্বান্ন তৎসাদৃশ্যাপত্তেরন্যস্তৎসম্বন্ধো ঘটতে। শ্রুত্যসম্ভবে চ লক্ষণাশ্রয়ণং ন্যায্যমেব। অত আকাশাদিতুল্যতাপত্তিরেবাত্রাকাশাদিভাব ইত্যুপচর্য্যতে ॥ ৩ । ১ । ২২ ॥

নাতিচিরেণ বিশেষাৎ ॥ ৩ । ১ । ২৩ ॥ *

তত্রাকাশাদিপ্রতিপত্তৌ প্রাগ্‌ব্রীহ্যাদিপ্রতিপত্তের্ভবতি বিশয়ঃ—কিং দীর্ঘং কালং পূর্ব্বপূর্ব্বসাদৃশ্যেনাবস্থায়োত্তরোত্তরসাদৃশ্যং গচ্ছন্তি, উতাল্পমল্পমিতি। তত্রানিয়মঃ, নিয়মকারিণঃ শাস্ত্রস্যাভাবাৎ—ইত্যেবং প্রাপ্ত ইদমাহ—নাতিচিরেণেতি।

সাদৃশ্যেনৌপচারিকো ব্যাখ্যেয়ঃ। নন্বাকাশভাবেন সংযোগমাত্রং লক্ষ্যতাং, কিং সাদৃশ্যেনেত্যত আহ—"বিভুত্বাচ্চাকাশেন" ইতি ॥ ৩ । ১ । ২২ ॥

দুর্নিষ্প্রপতরমিতি দুঃখেন নিঃসরণং ব্রূতে, ন তু বিলম্বেনেতি মন্যতে পূর্ব্ব-

উপপন্ন হয় না। আকাশ বিভু, তাহার সহিত জীবের নিত্য-সম্বন্ধ। সে কারণ, আকাশ-সদৃশ হওয়া ব্যতীত অন্য সম্বন্ধ সঙ্গত হয় না। যেখানে শ্রুত্যর্থের অর্থাৎ আক্ষরিক অর্থের অসম্ভাবনা, সেখানে লক্ষণার আশ্রয়ই ন্যায্য। সেই জন্যই বলি, শ্রুতি আকাশসাম্য হওয়াকেই উপচারক্রমে আকাশভাব প্রাপ্তি বলিয়াছেন ॥ ৩ । ১ । ২২ ॥

বলা হইল, অনুশয়ী জীব আকাশাদিপ্রাপ্তিক্রমে পৃথিবীতে আসিয়া ধান্যাদিভাব প্রাপ্ত হয়। এই স্থানে সংশয়, ধান্যাদিভাব প্রাপ্তির পূর্ব্বে যে, আকাশাদিভাব প্রাপ্তির ক্রম আছে, সে ক্রম কি শীঘ্র সমাপ্ত হয়? কিংবা বিলম্বে সমাপ্ত হয়? অর্থাৎ জীব কি দীর্ঘকাল পূর্ব্ব পূর্ব্ব পদার্থের সাদৃশ্য-বিশিষ্ট থাকিয়া পর পর পদার্থের সদৃশ হয়? কিংবা অল্প কালে হয় অর্থাৎ শীঘ্রই পূর্ব্বপূর্ব্ব সাদৃশ্য অতিক্রম করিয়া পর পর সদৃশ হইয়া পৃথিবীতে অবতরণ করে? সংশয়ের পর পূর্ব্বপক্ষ। তাহাতে পাওয়া যায়, এ বিষয়ে কোন নিয়ম নাই। কেন-না, নিয়মকারী শাস্ত্র নাই; (অতএব বিলম্বেও হইতে পারে, শীঘ্রও হইতে পারে)। এই পূর্ব্বপক্ষের সমাধানার্থ "নাতিচিরেণ" সূত্র বলা হইল।

* নাতিচিরেণ অনতিবিলম্বেনাকাশাদিসাম্যেনাবস্থায় ভুবমাপতন্তীতি শেষঃ। তত্র বিশেষাদিতি হেতুঃ। বিশিনষ্টি হি শ্রুতির্ব্রীহ্যাদিভাবাপত্তিং "অতোবৈ খলু দুর্নিষ্প্রপতরং" ইত্যাদিনা সন্দর্ভেণ। অত্র দুঃখেন ব্রীহ্যাদিভাবান্নিঃসরণমুক্তম্। তেনান্যত্র সুখেনাকাশাদিভাবান্নিঃসরণমবগম্যতে, তদেব চ বিশেষদর্শনমিতি।

অনুশয়ী জীব অল্পে অল্পে বা শীঘ্র শীঘ্র আকাশাদিভাব হইতে নিষ্ক্রান্ত হইয়া পৃথিবীতে আইসে। পৃথিবীতে আসিলে যে শস্যাদিভাব প্রাপ্ত হয়, সে অবস্থা শীঘ্র যায় না, এ কথা শ্রুতি বলিয়াছেন। শ্রুতির সে কথায় বুঝা যায়, পূর্ব্ব পূর্ব্ব অবস্থা শীঘ্র শীঘ্র অতিক্রান্ত হয়, কেবল ধান্যাদি অবস্থা বিলম্বে অতিক্রান্ত হয়।

অল্পমল্পং কালমাকাশাদিভাবেনাবস্থায় বর্ষধারাভিঃ সহেমাং ভুবমাপতন্তি। কুত এতৎ। বিশেষদর্শনাৎ। তথা হি ব্রীহ্যাদিভাবাপত্তেরনন্তরং বিশিনষ্টি "অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরম্" ইতি। তকার একশ্ছান্দস্যাং প্রক্রিয়ায়াং লুপ্তো মন্তব্যঃ। দুর্নিষ্প্রপততরং দুর্নিষ্ক্রমতরং দুঃখতরমস্মাৎ ব্রীহ্যাদিভাবান্নিঃসরণং ভবতীত্যর্থঃ। তদত্র দুঃখং নিষ্প্রপতনং প্রদর্শয়ন্ পূর্ব্বেষু সুখং নিষ্প্রপতনং দর্শয়তি। সুখদুঃখতাবিশেষশ্চায়ং নিষ্প্রপতনস্য কালাল্পত্বদীর্ঘত্বনিমিত্তঃ। তস্মিন্নবধৌ শরীরানিষ্পত্তেরুপভোগাসম্ভবাৎ। তস্মাৎ ব্রীহ্যাদিভাবাপত্তেঃ প্রাগল্পেনৈব কালেনাবরোহঃ স্যাদিতি ॥ ৩। ১। ২৩॥

অন্যাধিষ্ঠিতে পূর্ব্ববদভিলাপাৎ ॥৩।১।২৪॥*

তস্মিন্নেবাবরোহে প্রবর্ষণানন্তরং পঠ্যতে "ত ইহ ব্রীহিযবা

পঙ্কী। বিনা স্থূলশরীরং ন সূক্ষ্মশরীরে দুঃখভাগিতি দুর্নিষ্প্রপতরং বিলম্বং লক্ষয়তীতি রাদ্ধান্তঃ ॥ ৩। ১। ২৩ ॥

আকাশসারূপ্যং বায়্বাদিসম্পর্কোঽন্যশরীরনামুক্তঃ, ইহেদানীং ব্রীহিযবা

অর্থ এই যে, অল্পকাল মাত্র আকাশাদিভাবে অবস্থান করিয়া বৃষ্টিধারাদির সহিত এই পৃথিবীতে অবতরণ করে। বিশেষ দর্শন থাকাতেই উক্ত সিদ্ধান্ত অবিচাল্য। [তথাহি...স্যাদিতি] বিশেষ কি? তাহা বলিতেছি। ধান্যাদি-শস্যভাব প্রাপ্ত হইলে সে অবস্থা যে পূর্ব্বাবস্থাপেক্ষা বিশিষ্ট, শ্রুতি তাহা দেখাইয়াছেন। যথা—"ইহা হইতে দুর্নিষ্প্রপতর হয়।" বৈদিকপ্রক্রিয়া অনুসারে একটী 'ত' লুপ্ত হইয়াছে। উহার অর্থ দুর্নিষ্ক্রমতর অর্থাৎ জীব অতি দুঃখে ব্রীহ্যাদি ভাব হইতে নিষ্ক্রান্ত হয়। এই দুঃখনিষ্ক্রমই পূর্ব্ব পূর্ব্ব অবস্থার সুখনিষ্ক্রমণ বলিতেছে। নিষ্ক্রমের সুখদুঃখ—কালের অল্পত্ব দীর্ঘত্ব ঘটিত। অর্থাৎ অল্পকালে নিষ্ক্রান্ত হওয়াই সুখ, আর দীর্ঘকাল ব্রীহ্যাদিভাবে থাকাই দুঃখ। সে সময়ে শরীরনিষ্পত্তি হয় না, সুতরাং তদবস্থায় উপভোগ অসম্ভব। এই সকল হেতুবাদ দ্বারা স্থির হয় যে, অনুশয়ী জীব যত দিন না ধান্যাদিভাব প্রাপ্ত হয়, তত দিন শীঘ্র শীঘ্র আকাশাদিভাব হইতে নিষ্ক্রান্ত হইয়া অল্পকালের মধ্যেই পৃথিবীতে আইসে ॥ ৩। ১। ২৩॥

শ্রুতি স্বর্গচ্যুত জীবের অবতরণ প্রণালী বলিতে যাইয়া বৃষ্টিধারাবর্ষণ পর্য্যন্ত

---

* অন্যেন জীবান্তরেণাধিষ্ঠিতে জাতিস্থাবরে ব্রীহ্যাদৌ সংসর্গমাত্রমনুশয়িনঃ প্রতিপদ্যন্ত ইতি পূরণীয়ম্। কুত এতৎ? তত্রাহ পূর্ব্ববদিতি। অত্রাপি পূর্ব্ববৎ বায়্বাদিবৎ অভিলাপঃ—শ্রৌতং সঙ্কীর্ত্তনমস্তীতি।—

স্বর্গচ্যুত কর্ম্মশেষী জীবেরা জাতিস্থাবর হয় না। জীবান্তরাধিষ্ঠিত জাতিস্থাবরে সংশ্লেষমাত্র

ওষধিবনস্পতয়স্তিলমাষা ইতি জায়ন্তে” ইতি। তত্র সংশয়ঃ। কিমস্মিন্নেবাবধৌ স্থাবরজাত্যাপন্নাঃ স্থাবরসুখদুঃখভাজো-ঽনুশয়িনো ভবন্তি? আহোস্বিৎ ক্ষেত্রজ্ঞান্তরাধিষ্ঠিতেষু স্থাবর-শরীরেষু সংশ্লেষমাত্রং গচ্ছন্তীতি। কিং তাবৎ প্রাপ্তম্? স্থাবরজাত্যাপন্নাস্তৎসুখদুঃখভাজোঽনুশয়িনো ভবন্তীতি। কুত এতৎ। জনের্মুখ্যার্থত্বোপপত্তেঃ, স্থাবরভাবস্য চ শ্রুতি-স্মৃত্যোরুপভোগস্থানত্বপ্রসিদ্ধেঃ, পশুহিংসাদিযোগাচ্চেষ্টাদেঃ কর্ম্মজাতস্যানিষ্টফলত্বোপপত্তেঃ। তস্মান্মুখ্যমেবানুশয়িনাং ব্রীহ্যাদিজন্ম শ্বাদিজন্মবৎ। যথা শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বেতি মুখ্যমেবানুশয়িনাং শ্বাদিজন্ম তৎসুখ-দুঃখান্বিতং ভবতি, এবং ব্রীহ্যাদিজন্মাপীতি। এবং প্রাপ্তে ব্রুমঃ।

ওষধিবনস্পতয়স্তিলমাষা ইতি জায়ন্ত ইতি শ্রূয়তে। তত্র সংশয়ঃ। কিমনু-শয়িনাং ভোগাধিষ্ঠানং ব্রীহিযবাদয়ঃ স্থাবরা ভবন্ত্যাহোস্বিৎ ক্ষেত্রজ্ঞান্তরাধি-ষ্ঠিতেষ্বেষু সংসর্গমাত্রমনুভবন্তীতি। তত্র মনুষ্যো জায়তে দেবো জায়ত ইত্যাদৌ প্রয়োগে জনেঃ শরীরপরিগ্রহে প্রসিদ্ধত্বাদত্রাপি ব্রীহ্যাদিশরীরপরিগ্রহ এব জনির্মুখ্যার্থ ইতি ব্রীহ্যাদিশরীরা এবানুশয়িন ইতি যুক্তম্। ন চ রমণীয়চরণাঃ কপূয়চরণা ইতিবৎ কর্ম্মবিশেষাসঙ্কীর্ত্তনাত্তদভাবে ব্রীহ্যাদীনাং শরীরভাবাভাবাৎ

বলিয়া বলিয়াছেন “তাহারা ধান্য, যব, ওষধি, বনস্পতি, তিল, মাষ,—ইত্যাদি ইত্যাদি হয়।” এখানে সংশয় এই যে, স্বর্গচ্যুত জীবেরা স্থাবর-জাতি প্রাপ্ত হইয়া স্থাবরোচিত সুখদুঃখভাগী হয়? অথবা জীবান্তরাধিষ্ঠিত সেই সেই স্থাবরশরীরে প্রবেশমাত্র লাভ করে? প্রথমতঃ পাওয়া যায়, স্থাবর-জাত্যাপন্ন কর্ম্মশেষী স্বর্গচ্যুত জীবেরা স্থাবরোচিত সুখদুঃখভাগী হয়। ইহা কেন বলি? না, ঐরূপ হইলেই জন-ধাতুর অর্থের মুখ্যতা থাকে। স্থাবরভাব যে, সুখদুঃখভোগের স্থান, তাহা শ্রুতি-স্মৃতি উভয়ত্রই প্রসিদ্ধ। অপিচ, ইষ্টা-পূর্ত্তাদিকর্ম্মে পশুহিংসাদির সংযোগ থাকায় সে সকলের তাদৃশ অনিষ্টফল হওয়া অসম্ভব নহে। অতএব, কর্ম্মশেষী স্বর্গচ্যুত জীবের যে, ধান্যাদি জন্ম হয়, অবশ্যই তাহা কুক্কুরাদি জন্মের ন্যায় মুখ্য জন্ম। [যথা...জন্মাপীতি] “কুক্কুর-যোনি, শূকর-যোনি, চণ্ডাল-যোনি” ইত্যাদিস্থলে যেমন তত্তৎ সুখ-দুঃখান্বিত মুখ্য কুক্কুরাদি যোনি প্রাপ্তি অভিহিত হইয়াছে, ধান্যাদি জন্মও সেইরূপ জানিবে।

[এবং...পূর্ব্ববং] এইরূপ প্রথম পক্ষ প্রাপ্তিতে বলা হইল, স্বর্গচ্যুত

লাভ করে। কারণ এই যে, শ্রুতি ব্রীহ্যাদি জন্মেও পূর্ব্বের ন্যায় বায়ু ধূমাদিভাব প্রাপ্তির তুল্যতা বলিয়াছেন।

অন্যৈর্জীবৈরধিষ্ঠিতেষু ব্রীহ্যাদিষু সংসর্গমাত্রমনুশয়িনঃ প্রতিপদ্যন্তে, ন তৎসুখদুঃখভাজো ভবন্তি পূর্ব্ববৎ। যথা বায়ুধূমাদিভাবোঽনুশয়িনাং তৎসংশ্লেষমাত্রম্, এবং ব্রীহ্যাদিভাবোঽপি জাতিস্থাবরৈঃ সংশ্লেষমাত্রম্। কুত এতৎ। তদ্বদেবেহাপ্যভিলাপাৎ। কোঽভিলাপস্য তদ্বদ্ভাবঃ। কর্ম্মব্যাপারমন্তরেণ সঙ্কীর্ত্তনম্। যথাকাশাদিষু প্রবর্ষণান্তেষু ন কঞ্চিৎ কর্ম্মব্যাপারং পরামৃশতি, এবং ব্রীহ্যাদিজন্মন্যপি। তস্মান্নাস্ত্যত্র সুখদুঃখভাক্ত্বমনুশয়িনাম্। যত্র তু সুখদুঃখভাক্ত্বমভিপ্রৈতি, পরামৃশতি তত্র তত্র কর্ম্মব্যাপারং "রমণীয়চরণাঃ কপূয়চরণাঃ" ইতি।

অপি চ, মুখ্যেঽনুশয়িনাং ব্রীহ্যাদিজন্মনি ব্রীহ্যাদিষু লূয়মানেষু কণ্ড্যমাণেষু ভজ্যমানেষু পচ্যমানেষু ভক্ষ্যমাণেষু চ তদভিমানি-

---

ক্ষেত্রজ্ঞান্তরাধিষ্ঠিতানামেব তৎসম্পর্কমাত্রমিতি সাম্প্রতম্। ইষ্টাদিকারিণামিষ্টাদিকর্ম্মসঙ্কীর্ত্তনাদিষ্টাদেশ্চ হিংসাদোষদূষিতত্বেন সাবদ্যফলতয়া চন্দ্রলোকভোগানন্তরং স্থাবরশরীরভোগ্যদুঃখফলত্বস্যাপ্যুপপত্তেঃ। ন চ ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি সামান্যশাস্ত্রস্যাগ্নিষোমীয়পশুহিংসাবিষয়বিশেষশাস্ত্রেণ বাধনং, সামান্যশাস্ত্রস্য হিংসাসামান্যদ্বারেণ বিশেষোপসর্পণং বিলম্বেনেতি সাক্ষাদ্বিশেষস্পৃশঃ শাস্ত্রাৎ শীঘ্রতরপ্রবৃত্তাদ্দুর্ব্বলত্বাদিতি সাম্প্রতম্। ন হি বলবদিত্যেব দুর্ব্বলং

কর্ম্মশেষা জীব জীবান্তরাধিত ধান্যাদিতে অর্থাৎ বায়ু ধূমাদির ন্যায় স্থাবর ভূতে সংশ্লেষমাত্র প্রাপ্ত হয়; সুতরাং স্থাবর-সুখদুঃখভাগী হয় না। [যথা...শয়িনাম্] অনুশয়ী অর্থাৎ কর্ম্মশেষী স্বর্গচ্যুত জীবের বায়ু ধূমাদিভাব যেমন প্রকৃত বায়ুধূমাদিভাব নহে, সংশ্লেষমাত্র, সেইরূপ, ধান্যাদিভাবও জাতিস্থাবরের সহিত সংশ্লেষমাত্র। ইহা অভিলাপের অর্থাৎ শ্রৌত কথনের তদ্বদ্ভাবের দ্বারা জানা যায়। অভিলাপের তদ্বদ্ভাব=কর্ম্মব্যাপারের অকীর্ত্তন। শ্রুতি যেমন আকাশাদি প্রবর্ষণ পর্য্যন্ত অবস্থায় কোনরূপ কর্ম্মব্যাপার বলেন নাই, তেমনি, ব্রীহ্যাদিজন্মেও কর্ম্মব্যাপার বলেন নাই। (কর্ম্মব্যাপার=পুণ্যপাপের অনুযায়ী জন্মপ্রণালী)। অতএব, স্বর্গচ্যুত অনুশয়ী জীব ধান্যাদিভাব প্রাপ্তিতে তজ্জাতীয় সুখদুঃখভাগী হয় না। [যত্র তু...ভবতি] যেস্থলে সুখদুঃখভাগিতা ও জন্মবিশেষ কর্ম্ম-বিশেষ উল্লেখে কথিত হয়, সেই স্থানেই মুখ্য জন্ম জানিবে। যেমন, বলা হইয়াছে—রমণীয়াচারী রমণীয় যোনি প্রাপ্ত হয় এবং নিন্দিতাচারী নিন্দিত যোনি লাভ করে। [অপিচ...   ] আরও দেখ, যদি অনুশয়ীদিগের ধান্যাদি জন্ম মুখ্যই হয়, তাহা হইলে তদভিমানী অনুশয়ীরা অবশ্যই ধান্যাদির

নোঽনুশয়িনঃ প্রবসেয়ুঃ। যো হি জীবো যচ্ছরীরমভিমন্যতে, স তস্মিন্ পীড্যমানে প্রবসতীতি প্রসিদ্ধম্। তত্র ব্রীহ্যাদিভাবাদ্ রেতঃসিগ্‌ভাবোঽশয়িনাং নাভিলপ্যেত। অতঃ সংসর্গমাত্রমনুশয়িনামন্যাধিষ্ঠিতেষু ব্রীহ্যাদিষু ভবতি। এতেন জনেমু‌খ্যার্থত্বং প্রতিক্রয়াৎ—উপভোগস্থানত্বঞ্চ স্থাবরভাবস্য। ন চ বয়মুপভোগস্থানত্বং স্থাবরভাবস্যাবজানীমহে। ভবত্বন্যেষাং জন্তূনামপুণ্যসামর্থ্যেন স্থাবরভাবমুপগতানামেতদুপভোগস্থানম্, চন্দ্রমসস্ত্ববরোহন্তোঽনুশয়িনো ন স্থাবরভাবমুপভুঞ্জত ইত্যাচক্ষ্মহে॥ ৩.১।২৪॥

বাধতে, কিন্তু সতি বিরোধে। ন চেহাস্তি বিরোধো ভিন্নগোচরচারিত্বাৎ। অগ্নীষোমীয়ং পশুমালভেতেতি হি ক্রতুপ্রকরণে সমাম্নাতং ক্রত্বর্থতামস্য গময়তি, ন ত্বপনয়তি নিষেধাপাদিতামস্য পুরুষং প্রত্যনর্থহেতুতাম্। তেনাস্য নিষেধাদস্য পুরুষং প্রত্যনর্থহেতুতা বিধেশ্চ ক্রত্বর্থতা, কো বিরোধঃ? যথাহুঃ—

"যো নাম ক্রতুমধ্যস্থঃ কলঞ্জাদীনি ভক্ষয়েৎ।
ন ক্রতোস্তত্র বৈগুণ্যং যথা চোদিতসিদ্ধিতঃ॥" ইতি।

তস্মাজ্জনের্মুখ্যার্থত্বাদ্‌ব্রীহ্যাদিশরীরা অনুশয়িনো জায়ন্ত ইতি প্রাপ্তেঽভিধীয়তে—

ছেদনে, কুট্টনে, ভর্জ্জনে, পচনে ও ভক্ষণে অর্থাৎ ধান্যাদি দেহের নাশে তদ্দেহ হইতে উৎক্রান্ত হয়, ইহা মানিতে হইবেক। (মানিলে রেতঃসেক-যোগে মনুষ্যাদিদেহোৎপত্তি, এ সিদ্ধান্ত বিঘটিত হইবেক) প্রসিদ্ধই আছে যে, যে জীব যে দেহের অভিমানী, সে সে দেহের পীড়নে প্রয়াণ করে অর্থাৎ সে দেহ ত্যাগ করিয়া যায়। ধান্যাদি জন্ম মুখ্য জন্ম হইলে শ্রুতি ধান্যাদিভাবপ্রাপ্তিপূর্ব্বক রেতঃসেকযোগে দেহোৎপত্তি হয়, এরূপ বলিবেন কেন? এই সকল কারণে স্থির হয়, জীবান্তরাধিষ্ঠিত স্থাবর দেহে চন্দ্রমণ্ডলচ্যুত অনুশয়ীদিগের কেবলমাত্র সংশ্লেষ হয়, মুখ্য ধান্যাদি জন্ম হয় না। [এতেন...চক্ষ্মহে] এই বিচারের ফলিতার্থে বলিতে হইবেক, প্রতিবাদ করিতে হইবেক যে, ঐ জন্মশ্রুতি মুখ্যা নহে এবং সেই স্থাবরভাব তাহাদের মুখ্য ভোগায়তনও নহে। আমরা সামান্যতঃ স্থাবরভাবের ভোগস্থানতার প্রতিবাদ করি না। পাপপ্রভাবে অন্যান্য জীব স্থাবরত্ব প্রাপ্ত হইলে তাহাদের দেহ সেই সেই পাপভোগের আয়তন হয় হউক, কিন্তু যাহারা চন্দ্রলোক হইতে অবতরণ করে, করিয়া স্থাবরভাব প্রাপ্ত হয়, তাহারা স্থাবরে সংশ্লিষ্ট হয় মাত্র, সুতরাং সেই সেই স্থাবরদেহ তাহাদের ভোগায়তন নহে, ইহাই আমাদের ঐ কথা বলিবার উদ্দেশ্য॥ ৩। ১। ২৪॥

অশুদ্ধমিতি চেন্ন শব্দাৎ ॥ ৩ । ১ । ২৫ ॥

যৎ পুনরুক্তং, পশুহিংসাদিযোগাদশুদ্ধমাধ্বরিকং কর্ম্ম, তস্যানিষ্টমপি ফলমবকল্পতে—ইত্যতো মুখ্যমেবেহানুশয়িনাং ব্রীহ্যাদিজন্মাস্তু, তত্র গৌণী কল্পনানর্থিকেতি, তৎ পরিহ্রীয়তে। ন। শাস্ত্রহেতুত্বাদ্ধর্ম্মাধর্ম্মবিজ্ঞানস্য। অয়ং ধর্ম্মোঽয়মধর্ম্ম ইতি শাস্ত্রমেব বিজ্ঞানে কারণম্, অতীন্দ্রিয়ত্বাৎ তয়োঃ, অনিয়তদেশকাল-নিমিত্তত্বাচ্চ। যস্মিন্ দেশে কালে নিমিত্তে চ যো ধর্ম্মোঽনুষ্ঠীয়তে, স এব দেশকালনিমিত্তান্তরেষ্বধর্ম্মো ভবতি। তেন ন

ভবেদেতদেবং, যদি রমণীয়চরণাঃ কপূয়চরণা ইতিবদ্ব্রীহ্যাদিষ্বনুশয়বতাং কর্ম্মবিশেষঃ কীর্ত্ত্যেত। ন চৈতদস্তি। ন চেষ্টাদেঃ কর্ম্মণঃ স্থাবরশরীরোপভোগদুঃখফলপ্রসবহেতুভাবঃ সম্ভবতি। তস্য ধর্ম্মত্বেন সুখৈকহেতুত্বাৎ। ন চ তদঙ্গভূতায়াঃ পশুহিংসায়া ন হিংস্যাদিতি নিষেধাৎ ক্রত্বর্থায়া অপি দুঃখফলত্ব-সম্ভবঃ। পুরুষার্থায়া এব ন হিংস্যাদিতি প্রতিষেধাৎ। তথাহি ন হিংস্যাদিতি নিষেধস্য নিষেধ্যাধীননিরূপণতয়া তদর্থং নিষেধ্যং, তদর্থ এব নিষেধো বিজ্ঞায়তে। ন চৈতৎ "নানৃতং বদেৎ" "ন তৌ পশৌ করোতি" ইতিবৎ কস্যচিৎ প্রকরণে সমাম্নাতং, যেনানৃতবদনবদস্য নিষেধস্য ক্রত্বর্থত্বে নিষেধোঽপি ক্রত্বর্থঃ স্যাৎ। পশৌ নিষিদ্ধয়োরাজ্যভাগয়োঃ ক্রত্বর্থত্বেন নিষেধস্যাপি ক্রত্বর্থত্বং ভবেৎ। এবং হি সত্যাজ্যভাগরহিতৈরপ্যঙ্গান্তরৈরাজ্যভাগসাধ্যঃ ক্রতূপকারো বিজ্ঞায়তে।

বলা হইয়াছে যে, পশুহিংসাদি সম্পর্ক থাকায় যজ্ঞকার্য্য অশুদ্ধ; সেই কারণে তাহা অনিষ্ট ফল প্রসব করিতে সমর্থ এবং সেই হেতু চন্দ্রলোকচ্যুত অনুশয়ীদিগের ধান্যাদি জন্ম মুখ্য, গৌণ নহে। ধান্যাদিজন্মের গৌণত্ব কল্পনা নিরর্থক। এই সূত্রে সেই পূর্ব্বোক্ত দোষবাদের পরিহার। [ন...বক্তুম্] যজ্ঞাদি-জনিত অপূর্ব্ব (ধর্ম্ম) অশুদ্ধ অর্থাৎ দুরিতাপূর্ব্বমিশ্রিত নহে। কারণ এই যে, তদ্বিজ্ঞানের প্রতি অর্থাৎ ধর্ম্মাধর্ম্মজ্ঞানের প্রতি একমাত্র শাস্ত্রই হেতু (গমক বা বোধক)। ধর্ম্মাধর্ম্ম অতীন্দ্রিয়, চক্ষুরাদি ইন্দ্রিয়ের অবিষয়, সুতরাং শাস্ত্র ব্যতীত তাহা জানিবার অন্য উপায় নাই। বিশেষতঃ তদুভয়ের দেশকালাদির নিয়ম নাই। যে দেশে যে কালে ও যে উপলক্ষ্যে বা যে নিমিত্তের বশে যাহা ধর্ম্ম বলিয়া গণ্য হয়, তাহাই আবার দেশান্তরে কালান্তরে ও নিমিত্তান্তরের বশে অধর্ম্ম হইয়া দাঁড়ায়, সুতরাং

* অশুদ্ধং অনর্থহেতুনা দুরিতাপূর্ব্বেণ মিলিতমাধ্বরিকং কর্ম্ম হিংসাদিযোগাদিতি ন। হেতুমাহ শব্দাদিতি। শব্দাৎ। শাস্ত্রাদেব হি তস্য শুদ্ধত্বমবধার্য্যতে।

জ্যোতিষ্টোমাদি যাগ পশুহিংসাসাধ্য, সে কারণ তৎপ্রভব অপূর্ব্ব (ধর্ম্ম) অশুদ্ধ (অধর্ম্ম-মিশ্রিত), সেই কারণে চন্দ্রমণ্ডলচ্যুত জীব ধর্ম্মফলভোগান্তে অধর্ম্মফল ভোগার্থ স্থাবর জন্ম পায়, এরূপ বলিতে পার না। কারণ, শাস্ত্রে নিশ্চিত আছে, যজ্ঞীয় হিংসায় দুরিতাপূর্ব্ব জন্মে না অর্থাৎ অধর্ম্ম হয় না। যদি তাহা না হয়, তবে তৎফলভোগার্থ স্থাবর হইবে কেন ?

শাস্ত্রাদৃতে ধর্ম্মাধর্ম্মবিষয়ং বিজ্ঞানং কস্যচিদস্তি। শাস্ত্রাচ্চ হিংসা-নুগ্রহাদ্যাত্মকো জ্যোতিষ্টোমো ধর্ম্ম ইত্যবধারিতম্। স কথম-শুদ্ধ ইতি শক্যতে বক্তুম্। নমু "ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শাস্ত্রমেব ভূতবিষয়ায়াং হিংসায়ামধর্ম্ম ইত্যবগময়তি। বাঢ়ম্। উৎসর্গস্তু সঃ, অয়ঞ্চাপবাদঃ—অগ্নীষোমীয়ং পশুমালভেতেতি। উৎসর্গাপবাদয়োশ্চ ব্যবস্থিতবিষয়ত্বম্। তস্মাদ্বিশুদ্ধং বৈদিকং কর্ম্ম, শিষ্টৈরনুষ্ঠীয়মানত্বাদনিন্দ্যমানত্বাচ্চ। তেন ন তস্য প্রতি-

---

তস্মাদনারভ্যাধীতেন ন হিংস্যাদিত্যনেনাভিহিতস্য বিধ্যুপহিতস্য পুরুষ-ব্যাপারস্য বিধিবিভক্তিবিরোধাদ্দুঃখাত্মকপ্রকৃত্যর্থহিংসাকর্ম্মভাব্যত্বপরিত্যাগেন পুরুষার্থ এব ভাব্যোঽবতিষ্ঠতে। আখ্যাতানভিহিতস্যাপি পুরুষস্য কর্তৃব্যাপারা-ভিধানদ্বারেণোপস্থাপিতত্বাৎ কেবলং তস্য রাগতঃ প্রাপ্তত্বাত্তদনুবাদেন নঞর্থং বিধিরূপসংক্রামতি। তেন পুরুষার্থো নিষেধ্য ইতি তদধীননিরূপণো নিষে-ধোঽপি পুরুষার্থো ভবতি। তথা চায়মর্থঃ সম্পদ্যতে—যৎ পুরুষার্থং হননং, তন্ন কুর্য্যাদিতি ক্রত্বর্থস্যাপি চ নিষেধে হিংসায়াঃ ক্রতূপকারকত্বমপি কল্প্যেত। ন চ দৃষ্টে পুরুষোপকারকত্বে প্রত্যর্থিনি সতি তৎ কল্পনাস্পদম্। ন চ স্বাত-ন্ত্র্যপারতন্ত্র্যে অসতি সংযোগপৃথক্ত্বে খাদিরতাদিবদেকত্র সম্ভবতঃ। তস্মাৎ-পুরুষার্থপ্রতিষেধো ন ক্রত্বর্থত্বমপ্যাস্কন্দতীতি শুদ্ধসুখফলত্বমেবেষ্টাদীনাং, ন স্থাবরশরীরোপভোগ্যদুঃখফলত্বমপীতি। আকাশাদিদ্বিব কর্ম্মব্যাপারমন্তরেণা-ভিলাপাৎ। অনুশয়িনাং ব্রীহ্যাদিসংযোগমাত্রং, ন তু দেহত্বমিতি।

অয়মেবার্থ উৎসর্গাপবাদকথনেনোপলক্ষিতঃ। "অপি চ মুখ্যোঽনুশয়িনাং

শাস্ত্রাবলম্বন ব্যতীত কোনও ব্যক্তির ধর্ম্মাধর্ম্ম-বিষয়ক বিজ্ঞান জন্মিতে পারে না। তাদৃশ শাস্ত্রে ইহাই অবধারিত হইয়াছে যে, হিংসাদি-অনুগৃহীত অথবা হিংসা ও অনুগ্রহাদিযুক্ত (যজ্ঞে হিংসাও আছে, অনুগ্রহও আছে) জ্যোতিষ্টোমাদি যাগ ধর্ম্ম (ধর্ম্মজনক)। অতএব, শাস্ত্রাবধৃত যজ্ঞকর্ম্মকে কি-রূপে অশুদ্ধ বলিতে পার? [নমু···স্থাবরত্বম্] বলিতে পার যে, "সর্ব্বভূতে অহিংসা করিবেক" এই নিষেধ শাস্ত্র ভূত-(ভূত=প্রাণি-)বিষয়ক হিংসার অধর্ম্মজনকতা জানাইতেছে। স্বীকার করি, উহাও শাস্ত্র, কিন্তু উহা উৎ-সর্গ অর্থাৎ সামান্য শাস্ত্র। ঐ সামান্য শাস্ত্রের অপবাদক অর্থাৎ বিশেষ শাস্ত্র এই—"অগ্নি ও সোম দেবতার উদ্দেশে পশুঘাত করিবেক।" সামান্য ও বিশেষ—দ্বিবিধ দর্শন হইলে বিষয়ভেদে ব্যবস্থা হইয়া থাকে। বিশেষের অবিষয় স্থলগুলিতেই সামান্য শাস্ত্রের অধিকার নির্ণীত হয়। (তাৎপর্য্য এই যে, অবৈধ হিংসায় অধর্ম্ম, আর বৈধ হিংসায় ধর্ম্ম)। অতএব, বৈদিক কর্ম্মকলাপ অশুদ্ধ নহে, কিন্তু শুদ্ধ। শুদ্ধ বলিয়াই শিষ্টগণ তাহার অনুষ্ঠান করেন এবং কোনও শাস্ত্রে ঐ সকল কর্ম্মের নিন্দা অভিহিত হয় নাই। যদি তাহা অশুদ্ধ

রূপং ফলং জাতিস্থাবরত্বম্। ন চ শ্বাদিজন্মবদপি ব্রীহ্যাদিজন্ম ভবিতুমর্হতি। তদ্ধি কপূয়চরণানধিকৃত্যোচ্যতে, নৈবমিহ বৈশেষিকঃ কশ্চিদধিকারোঽস্তি। অতশ্চন্দ্রস্খলাৎ স্খলিতানামনুশয়িনাং ব্রীহ্যাদিসংশ্লেষমাত্রং তদ্ভাব ইত্যুপচর্য্যতে ॥ ৩।১।২৫ ॥

রেতঃসিগ্‌যোগোঽথ ॥ ৩।১।২৬ ॥*

ইতশ্চ ব্রীহ্যাদিসংশ্লেষমাত্রং তদ্ভাবঃ; যৎকারণং ব্রীহ্যাদিভাবস্যানন্তরমনুশয়িনাং রেতঃসিগ্‌ভাব আম্নায়তে "যো যো হ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি, তদ্ভূয় এব ভবতি" ইতি। ন চাত্র মুখ্যো রেতঃসিগ্‌ভাবঃ সম্ভবতি। চিরজাতো হি প্রাপ্তযৌবনো রেতঃসিগ্‌ভবতি, কথমিবানুপচরিততদ্ভাবমন্নমানানমনুগতোঽনুশয়ী

ব্রীহ্যাদিজন্মনি" ইতি ব্রীহ্যাদিভাবমাপন্নাঃ খল্বনুশয়িনঃ পুরুষৈরুপভুক্তা রেতঃসিগ্‌ভাবমনুভবন্তীতি শ্রূয়তে। তদেতদ্‌ব্রীহ্যাদিদেহত্বেঽনুশয়িনাং নোপপদ্যতে। ব্রীহ্যাদিদেহত্বে হি ব্রীহ্যাদিষু লুনেষ্ববহস্তিনা ফলীকৃতেষু চ ব্রীহ্যাদিদেহবিনাশাদনুশয়িনঃ প্রবসেয়ুরিতি কথমনুশয়িনাং রেতঃসিগ্‌ভাবঃ। সংসর্গমাত্রে তু সংসর্গিষু ব্রীহ্যাদিষু নষ্টেষ্বপি ন সংসর্গিণোঽনুশয়িনঃ প্রবসেয়ুরিতি রেতঃসিগ্‌ভাব উপপদ্যতে। শেষমুক্তম্। (প্রবাসো নির্গমঃ) ॥ ৩।১।২৪-২৫ ॥

সদ্যোজাতো হি বালো ন রেতঃসিগ্‌ ভবত্যপি তু চিরজাতঃ প্রৌঢ়যৌবনঃ, ত-

না হয়, তবে, কি-জন্য তাহার জাতিস্থাবরত্ব ফল হইবে? [ন চ...চর্য্যতে] ধান্যাদিজন্ম কুকুরাদিজন্মের সমান হইতেই পারে না। কেন-না, সে সকল পাপকর্ম্মাচরণ উপলক্ষ্যে কথিত হইয়াছে। এ স্থলে কোন বিশেষ অধিকার বা উপলক্ষ্যও নাই। উল্লিখিত হেতুসমূহের দ্বারা সিদ্ধ হয় যে, চন্দ্রলোকচ্যুত অনুশয়বান্ জীব ব্রীহিপ্রভৃতির সহিত সংশ্লিষ্ট হয় মাত্র, ব্রীহিযবাদি ভাব প্রাপ্ত হয় না। শ্রুতি সেই সংশ্লেষভাবকেই উপচারবাক্যে ব্রীহ্যাদিভাব-শব্দে বলিয়াছেন ॥৩।১।২৫॥

ব্রীহ্যাদিসংশ্লেষই ব্রীহ্যাদিভাব, এতৎপ্রতি অন্য কারণ এই যে, ব্রীহ্যাদিভাবের পর অনুশয়ী রেতঃসিগ্‌ভাব প্রাপ্ত (রেতঃসেক্তা) হয়। এতদর্থে শ্রুতি এই যে "যেযে অন্ন ভক্ষণ করে, এবং রেতঃসেক করে, পুনর্ব্বার সেই ভাব সে প্রাপ্ত হয়।" বিবেচনা কর, এখানে মুখ্য রেতঃসিগ্‌ভাব সম্ভব হয় না। যে জন্মিয়া অনেক কাল অতিবাহন করিয়াছে, প্রাপ্ত-যৌবন হইয়াছে, সে-ই রেতঃসেক্তা হয়। অতএব, উপচার বা রূপক কল্পনা ব্যতীত অন্নানুগত অনুশয়ী জীব কিরূপে মুখ্য রেতঃসিগ্‌ভাব প্রাপ্ত হইতে পারে? এ স্থলে ইহা অবশ্য স্বীকার্য্য হইবে যে, রেতঃসিকসম্বন্ধ হওয়াই রেতঃসিগ্‌ভাব প্রাপ্তি

* অথ ব্রীহ্যাদিভাবপ্রাপ্ত্যানন্তরং রেতঃসিগ্‌যোগঃ স্যাদনুশয়িনামিতি যোজনা।

অনুশয়ী ব্রীহ্যাদিভাব প্রাপ্তির পর রেতঃসিকসম্বন্ধ প্রাপ্ত হয়। (ফলিতার্থ ভাষ্যে ব্যক্ত হইয়াছে)।

প্রতিপদ্যতে। তত্র তাবদবশ্যং রেতঃসিগ্‌যোগ এব রেতঃসিগ্‌ভাবোঽভ্যুপগন্তব্যঃ। তদ্বৎ ব্রীহ্যাদিভাবোঽপি ব্রীহ্যাদিযোগ এবেত্যবিরোধঃ ॥ ৩। ১। ২৬ ॥*

যোনেঃ শরীরম্ ॥ ৩। ১। ২৭ ॥

অথ রেতঃসিগ্‌ভাবানন্তরং যোনৌ নিষিক্তে রেতসি যোনেরধি শরীরমনুশয়িনামনুশয়ফলোপভোগায় জায়ত ইত্যাহ শাস্ত্রং "তদ্ য ইহ রমণীয়চরণাঃ" ইত্যাদি। তস্মাদপ্যবগম্যতে নাবরোহে ব্রীহ্যাদিভাবাবসরে তচ্ছরীরমেব সুখদুঃখান্বিতং ভবতীতি। তস্মাৎ ব্রীহ্যাদিসংশ্লেষমাত্রমনুশয়িনাং তজ্জন্মেতি সিদ্ধম্ ॥ ৩। ১। ২৭ ॥

ইতি শ্রীমচ্ছারীরকমীমাংসাভাষ্যে শ্রীশঙ্করভগবৎপাদকৃতৌ, তৃতীয়াধ্যায়স্য প্রথমঃ পাদঃ ॥ ৩। ১ ॥

স্মাদপি সংসর্গমাত্রমিতি গম্যতে। তৎ কিমিদানীং সর্ব্বত্রৈবানুশয়িনাং সংসর্গমাত্রং। তথা চ রমণীয়চরণা ইত্যাদিষু তথাভাব আপদ্যেতেতি, নেত্যাহ ॥৩।১।২৬॥

সুগমম্ ॥ ৩। ১। ২৭ ॥

ইতি শ্রীবাচস্পতিমিশ্রবিরচিতায়াং ভামত্যাং তৃতীয়স্যাধ্যায়স্য প্রথমঃ পাদঃ।

[এবং কর্ম্মিণাং গত্যাগতিসংসারো দুর্ব্বার ইত্যনুসন্ধানাৎ কর্ম্মফলাদ্বৈরাগ্যং তত্ত্বজ্ঞানসাধনং সিদ্ধমিতি পাদার্থমুপসংহরতি—ইতি সিদ্ধমিতি। ইতি রত্নপ্রভা।।৩।১॥২৭]

(অভিপ্রায় এই যে, দেহ বিচূর্ণিত হইলে সে দেহে জীব থাকে না, বহির্গত হইয়া যায়, সুতরাং দেহমাত্র ভক্ষণে ভক্ষক জীবের সহিত সম্বন্ধ ঘটে না। সংশ্লেষ স্বীকার করিলে তৎসংশ্লিষ্ট ব্রীহ্যাদিদেহ ভক্ষণেও সম্বন্ধ সম্ভব হয়।) এবং দৃষ্টান্তে ব্রীহ্যাদি সংশ্লিষ্ট হওয়াই ব্রীহ্যাদিভাব প্রাপ্তি; এইরূপেই বিরোধ ভঞ্জন হইতে পারে। ৩। ১। ২৬ ॥

রেতঃসিগ্‌ভাব প্রাপ্তির পর যোনিনিষিক্ত রেতে যোনির অভ্যন্তরে অনুশয়ীদিগের ভোগায়তন অর্থাৎ দেহ জন্মে। এ কথাও "যাহারা ইহলোকে রমণীয়াচরণ করে" ইত্যাদি শাস্ত্রে অভিহিত হইয়াছে। ইহার দ্বারা ও জানা যায়, অবরোহণকালে যে, ব্রীহ্যাদি প্রাপ্তি হয়, তাহা বা সেই ব্রীহ্যাদি শরীর তৎসম্বন্ধী সুখদুঃখান্বিত নহে। প্রদর্শিত হেতুবাদের দ্বারা সিদ্ধ হইতেছে যে, অনুশয়ীদিগের ব্রীহ্যাদিজন্ম প্রকৃত জন্ম নহে, তৎসংশ্লিষ্ট হওয়াই উপচারক্রমে তজ্জন্ম নামে কথিত হইয়াছে ॥ ৩। ১। ২৭ ॥

---

* যোনেঃ শরীরমিতি শ্রুতের্ন ব্রীহ্যাদিশরীরত্বমনুশয়িনামিতি সূত্রার্থঃ।

রেতঃসিগ্‌ভাব প্রাপ্তির পর যোনিদেশে ও রেত-উপাদানে অনুশয়ীদিগের অভুক্ত শেষ কর্ম্মের ফলভোগযোগ্য শরীর জন্মে। (কথাগুলির ফল ভাষ্য ব্যাখ্যায় ব্যক্ত আছে)।

দ্বিতীয়ঃ পাদঃ।

সন্ধ্যে সৃষ্টিরাহ হি ॥ ৩। ২। ১ ॥*

অতিক্রান্তে পাদে পঞ্চাগ্নিবিদ্যামুদাহৃত্য জীবস্য সংসারগতি-প্রভেদঃ প্রপঞ্চিতঃ, ইদানীং তস্যৈবাবস্থাভেদঃ প্রপঞ্চ্যতে। ইদমামনন্তি "স যত্র প্রস্বপিতি" ইত্যুপক্রম্য "ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্তি, অথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে" ইত্যাদি। তত্র সংশয়ঃ— কিং প্রবোধ ইব স্বপ্নেঽপি

ইদানীন্তু তস্যৈব জীবস্যাবস্থাভেদঃ স্বয়ংজ্যোতিষ্ট্বসিদ্ধ্যর্থং প্রপঞ্চ্যতে— "কিং প্রবোধ ইব স্বপ্নেঽপি পারমার্থিকী সৃষ্টিরাহোস্বিন্মায়াময়ী" ইতি। যদ্যপি ব্রহ্মণোঽন্যস্যানির্ব্বাচ্যতয়া জাগ্রৎস্বপ্নাবস্থাগতয়োরুভয়োরপি সর্গয়োর্ম্মায়াময়ত্বং. তথাপি যথা জাগ্রৎসৃষ্টির্ব্রহ্মাত্মভাবসাক্ষাৎকারাৎ প্রাগনুবর্ত্ততে, ব্রহ্মাত্মভাব-সাক্ষাৎকারাত্তু নিবর্ত্ততে, এবং কিং স্বপ্নসৃষ্টিরাহোস্বিৎ প্রতিদিনমেব নিবর্ত্তত ইতি বিমর্শার্থঃ। "দ্বয়োঃ" ইহলোকপরলোকস্থানয়োঃ সন্ধৌ ভবং সন্ধ্যম্। ঐহলৌকিকচক্ষুরাদ্যব্যাপারাদ্রূপাদিসাক্ষাৎকারোপজননাদনৈহলৌকিকং, পার-লৌকিকেন্দ্রিয়াদিব্যাপারস্য চ ভবিষ্যত্বোঽপ্রত্যুৎপন্নত্বেন ন পারলৌকিকম্। নচ ন রূপাদিসাক্ষাৎকারোঽস্তি স্বপ্নদৃশা, তস্মাদুভয়োর্লোকয়োরন্তরালত্বমিতি ব্রহ্মাত্মভাবসাক্ষাৎকারাৎ প্রাক্ তথারূপৈব সৃষ্টির্ভবিতুমর্হতি।

অব্যবহিত পূর্ব্বপাদে পঞ্চাগ্নি-বিদ্যার উদাহরণে জীবের নানাপ্রকার সংসার-গতি সবিস্তরে বলা হইয়াছে; এক্ষণে এই পাদে তাহার (জীবের) অবস্থাভেদ (বিবিধ অবস্থা) বলা হইবেক।

[ইদ…সৃষ্টিরিতি] শ্রুতি "সেই জীব যাহাতে সুপ্ত হয়" এই উপক্রমে বলিয়াছেন—"সেখানে রথ নাই, অশ্বাদি নাই এবং পথ নাই। জীব রথ, রথযোগ (অশ্ব) ও পথ সৃজন করেন।" এখানে সংশয় এই যে, স্বাপ্নিক সৃষ্টি কি জাগ্রৎ সৃষ্টির ন্যায় পারমার্থিক?—সত্য? অথবা মায়াময়ী?—রজ্জু

* দ্বয়োর্লোকস্থানয়োর্জ্জাগ্রৎসুষুপ্তিস্থানয়োর্ব্বা সন্ধৌ অন্তরালে ভবং সন্ধ্যং স্বপ্নঃ। তস্মিন্ যা সৃষ্টিঃ, সা তথ্যরূপা ভবিতুমর্হতি। হি যতঃ, আহ শ্রুতিরিতি শেষঃ। পূর্ব্বপক্ষসূত্রমেতৎ।

ইহ-পর-লোকের সন্ধিতে (মরণ হইয়াছে, জন্ম হয় নাই, এই অন্তরালাবস্থায়) অথবা জাগ্রৎ সুষুপ্তির মধ্যে স্বপ্নস্থান, তত্রত্য সৃষ্টি জাগ্রৎসৃষ্টির ন্যায় সত্য। এ কথা বলিবার কারণ এই যে, শ্রুতি তাহাই বলিয়াছেন। (এটী পূর্ব্বপক্ষ সূত্র)।

পারমার্থিকী সৃষ্টিরাহোস্বিন্মায়াময়ীতি। তত্র তাবৎ প্রতিপদ্যতে— সন্ধ্যে সৃষ্টিরিতি। সন্ধ্যমিতি স্বপ্নস্থানমাচষ্টে, বেদে প্রয়োগ-দর্শনাৎ "সন্ধ্যং তৃতীয়ং স্বপ্নস্থানম্" ইতি। দ্বয়োর্লোকস্থানয়োঃ প্রবোধসম্প্রসাদস্থানয়োর্ব্বা সন্ধৌ ভবতীতি সন্ধ্যং, তস্মিন্ সন্ধ্যে স্থানে তথ্যরূপৈব সৃষ্টির্ভবিতুমর্হতি। কুতঃ? যতঃ প্রমাণভূতা

অয়মভিসন্ধিঃ—ইহ হি সর্ব্বাণ্যেব মিথ্যাজ্ঞানান্যুদাহরণং, তেষাং সত্যত্বং প্রতিজ্ঞায়তে। প্রকৃতোপযোগিতয়া তু স্বপ্নজ্ঞানমুদাহৃতম্। জ্ঞানং যমর্থ-মববোধয়তি, স তথৈবেতি যুক্তম্। তথাভাবস্য জ্ঞানারোহাৎ। অতথাত্বস্য ত্বপ্রতীয়মানস্য তথাভাবপ্রমেয়বিরোধেন কল্পনানাস্পদত্বাৎ। বাধকপ্রত্যয়াদতথাত্ব-মিতি চেৎ, ন, তস্য বাধকত্বাসিদ্ধেঃ। সমানগোচরে হি বিরুদ্ধার্থোপসংহারিণী জ্ঞানে বিরুধ্যেতে। বলবদবলবত্ত্বানিশ্চয়াচ্চ বাধ্যবাধকভাবং প্রতিপদ্যেতে। ন চেহ সমানবিষয়ত্বম্। কালভেদেন ব্যবস্থোপপত্তেঃ। তথাহি ক্ষীরং দৃষ্টং কালান্তরে দধি ভবতি, এবং রজতং দৃষ্টং কালান্তরে শুক্তির্ভবেৎ। নানারূপং বা তদ্বস্তু। তদ্যস্য তীব্রাতপক্লান্তিসহিতং চক্ষুঃ, স তস্য রজতরূপতাং গৃহ্লাতি। যস্য তু কেবলমালোকমাত্রোপকৃতং, স তস্যৈব শুক্তিরূপতাং গৃহ্লাতি। এবমুৎপল-মপি নীললোহিতং দিবা সৌরীভির্ভাভিরভিব্যক্তং নীলতয়া গৃহ্যতে। প্রদীপা-ভিব্যক্তন্তু নক্তং লোহিততয়া। এবমসত্যাং নিদ্রায়াং সতোঽপি রথাদীন্ ন গৃহ্লাতি, নিদ্রাণস্তু গৃহ্লাতীতি সামগ্রীভেদাদ্বা কালভেদাদ্বা বিরোধাভাবঃ। নাপি পূর্ব্বোত্তরয়োর্ব্বলবদবলবত্ত্বনির্ণয়ঃ। দ্বয়োরপি স্বগোচরচারিতয়া সমান-ত্বেন বিনিগমনাহেতোরভাবাৎ। তস্মাদপ্যবশ্যমবিরোধো ব্যবস্থাপনীয়ঃ। তৎ সিদ্ধমেতৎ। বিবাদাস্পদং প্রত্যযাঃ সম্যঞ্চঃ প্রত্যয়ত্বাজ্জাগ্রৎস্তম্ভাদিপ্রত্যয়ব-

সর্পাদির ন্যায় মিথ্যা? এই সংশয়ের পূর্ব্বপক্ষ কোটীতে পাওয়া যায়, সন্ধ্য অর্থাৎ স্বপ্নস্থানীয় সৃষ্টি সত্য। [সন্ধ্য...মর্হতি] সন্ধ্য-শব্দে স্বপ্নস্থান। বেদেও স্বপ্নস্থান-অর্থে সন্ধ্য-শব্দের প্রয়োগ দেখা যায়। যথা—"তৃতীয় স্বপ্নস্থান; তাহা সন্ধ্য আখ্যায় অভিহিত।" যাহা দুই লোকের † (ইহ-পরলোকের) অথবা জাগ্রৎ ও সুষুপ্তি, এই দুই অবস্থার সন্ধিতে বা অন্তরালে হয়, তাহা সন্ধ্য। এই ব্যুৎপত্তি অনুসারেও সন্ধ্য-শব্দে স্বপ্ন। এই স্বপ্নস্থানের সৃষ্টি (স্বপ্নে যাহা দেখা যায়, তাহা) বস্তুভূত অর্থাৎ জাগ্রৎ সৃষ্টির ন্যায় সত্য। [কুতঃ···গম্যতে] সত্য বলিবার কারণ এই যে,

† ইহ পর-লোকের অন্তরালে বা সন্ধিতে জীবের এক প্রকার দর্শন অথবা স্বপ্ন-সদৃশ প্রতীতি উপস্থিত হয়। তাহা কাদাচিৎক ও নিত্যস্বপ্নের ন্যায় সন্ধ্য। মৃত্যুকালে যখন সমুদায় ইন্দ্রিয় নির্ব্যাপার হয়, তখন আর সে এ লোক অনুভব করে না। তখন সে বাসনা বা সংস্কারমাত্র অবলম্বনে এতল্লোক অতি অস্পষ্টরূপে স্মরণ করিতে থাকে। ঐ সময়ে তাহার পূর্ব্বকর্ম্ম-বলে মানস পরলোকের স্ফূর্ত্তিরূপ জ্ঞান উদিত হইতে থাকে। অর্থাৎ সে পরলোকে যেরূপ হইবেক, সেইরূপটী তাহার ভাবনা পথে আইসে। এই ভাবনাময় জ্ঞান স্বপ্নসদৃশ বলিয়া স্বপ্ন। এই স্বপ্ন উক্ত প্রকারে লোকদ্বয়ের সন্ধিতে হয় বলিয়া সন্ধ্য।

শ্রুতিরেবমাহ "অথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে" ইত্যাদি। "স হি কর্ত্তা ইতি" চোপসংহারাদেবমেবাবগম্যতে ॥ ৩। ২। ১।

নির্ম্মাতারঞ্চৈকে পুত্রাদয়শ্চ ॥ ৩। ২। ২ ॥*

অপি চ, একে শাখিনোঽস্মিন্নেব সন্ধ্যে স্থানে কামানাং নির্ম্মাতারমাত্মানমামনন্তি "য এষ সুপ্তেষু জাগর্ত্তি কামং কামং পুরুষো নির্ম্মিমাণঃ" ইতি। পুত্রাদয়শ্চ তত্র কামা অভিপ্রেয়ন্তে—কাম্যন্ত ইতি। নন্বু কামশব্দেনেচ্ছাবিশেষা এবোচ্যেরন্, ন; "শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব" ইতি প্রকৃত্য, অন্তে "কামানাং

দিতি। ইমমর্থং শ্রুতিরপি দর্শয়তি—"অথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে"ইতি। ন চ "ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্তীতি বিরোধাদুপচরিতার্থা সৃজত-ইতি শ্রুতির্ব্যাখ্যেয়া, সৃজত ইতি হি শ্রুতেঃ। বহুশ্রুতিসম্বাদাৎ প্রমাণান্তর-সম্বাদাচ্চ। বলীয়স্ত্বেন তদনুগুণতয়া ন তত্র রথা ইত্যস্যা ভাক্তত্বেন ব্যাখ্যা-নাৎ জাগ্রদবস্থাদর্শনযোগ্যা ন সন্তি, ন তু রথা ন সন্তীতি। অতএব কর্ত্তৃশ্রুতিঃ শাখান্তরশ্রুতিরুদাহৃতা। প্রাজ্ঞকর্ত্তৃকত্বাচ্চাস্য পারমার্থিকত্বং বিয়দাদিসর্গবৎ। ন চ জীবকর্ত্তৃকত্বান্ন প্রাজ্ঞকর্ত্তৃকত্বমিতি সাম্প্রতম্। অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদিতি প্রাজ্ঞস্যৈব প্রকৃতত্বাৎ। জীবকর্ত্তৃকত্বেঽপি চ প্রাজ্ঞাদভেদেন জীবস্য প্রাজ্ঞত্বাৎ।

অপি চ জাগ্রৎপ্রত্যয়সম্বাদবন্তোঽপি স্বপ্নপ্রত্যয়াঃ কেচিদ্দৃশ্যন্তে। তদ্যথা—স্বপ্নে শুক্লাম্বরধরঃ শুক্লমাল্যানুলেপনো ব্রহ্মণায়নঃ প্রিয়ব্রতং প্রত্যাহ—প্রিয়ব্রত পঞ্চমেঽহনি প্রাতরেবোর্ব্বরাপ্রায়ভূমিদানেন নরপতিস্ত্বাং মানয়িষ্যতীতি। স চ জাগ্রত্তথাত্মনো মানমনুভূয় স্বপ্নপ্রত্যয়ং সত্যমভিমন্যতে। তস্মাৎ সন্ধ্যে পারমার্থিকী সৃষ্টিরিতি প্রাপ্তে উচ্যতে॥ ৩। ২। ১।

[কিঞ্চ, স্বপ্নার্থাঃ সত্যাঃ প্রাজ্ঞনির্ম্মিতত্বাৎ আকাশাদিবদিতি সূত্রার্থমাহ—

প্রমাণরূপা শ্রুতি তাহাকে সত্য বলিয়াছেন। যথা—"অনন্তর রথ, রথ-যোগ ও পথ সৃজন করেন।" "তিনিই কর্ত্তা অর্থাৎ সৃষ্টি করেন"।এই শেষ বাক্যেও উহার সত্যতা প্রতীত হয় ॥ ৩। ২। ১ ॥

আরও দেখ, কোন কোন শাখায় কথিত আছে, সন্ধ্য অর্থাৎ স্বপ্ন-স্থানে কাম্যনিবহের অর্থাৎ অভীপ্সিত পুত্রাদি পদার্থের সৃজনকর্ত্তা আত্মা। যথা—"ইন্দ্রিয়গণ সুপ্ত হইলে যে পুরুষ কাম অর্থাৎ বাঞ্ছিত পদার্থ সৃষ্টি করতঃ জাগ্রৎ থাকেন—" ইত্যাদি। এই শ্রুতিতে যে কাম-শব্দ আছে, তাহার অর্থ পুত্রাদি কাম্য পদার্থ। যাহা কামের অর্থাৎ ইচ্ছার বিষয় তাহাও কাম। [নন্বু...ইতি] কাম-শব্দের দ্বারা ইচ্ছা-বিশেষই কথিত হয়,

---

* একে শাখিনঃ কামানাং নির্ম্মাতারমাত্মানমামনন্তি কামাশ্চ পুত্রাদয়ঃ। কাম্যা ইত্যস্মি-ন্নর্থে কামা ইতি।

কোনকোন শাখা (বেদভাগ) বলিয়াছেন, সন্ধ্যস্থানে যে কাম্য নির্ম্মাণ হয়, তাহার কর্ত্তা আত্মা। আত্মাই সেই সেই পদার্থ সৃষ্টি করেন অর্থাৎ দেখেন।

ত্বা কামভাজং করোমি" ইতি প্রকৃতেষু তত্র পুত্রাদিষু কামশব্দস্য প্রযুক্তত্বাৎ। প্রাজ্ঞং চৈনং নির্ম্মাতারং প্রকরণবাক্যশেষাভ্যাং প্রতীমঃ। প্রাজ্ঞস্য হীদং প্রকরণং "অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাৎ" ইত্যাদি। তদ্বিষয় এব চ বাক্যশেষোঽপি—

"তদেব শুক্রং তদ্‌ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন॥" ইতি।

প্রাজ্ঞকর্ত্তৃকা চ সৃষ্টিস্তথ্যরূপা সমধিগতা জাগরিতাশ্রয়া, তথা স্বপ্নাশ্রয়াপি সৃষ্টির্ভবিতুমর্হতি। তথা চ শ্রুতিঃ "অথো খল্বাহুর্জ্জাগরিতদেশ এবাস্যৈষ ইতি, যানি হ্যেব জাগ্রৎ পশ্যতি তানি সুষুপ্তঃ" ইতি স্বপ্নজাগরিতয়োঃ সমানন্যায়তাং শ্রাবয়তি। তস্মাৎ তথ্যরূপৈব সন্ধ্যে সৃষ্টিরিত্যেবং প্রাপ্তে প্রত্যাহ॥ ৩।২।২॥

অপি চেত্যাদিনা। রূঢ়িমাশঙ্ক্য প্রকরণন্নিরস্যতি—নন্বিত্যাদিনা। সঃ সুপ্তেষু করণেষু জাগর্ত্তি, তদেব শুক্রং স্বপ্রকাশং ব্রহ্মেত্যর্থঃ। স্বপ্নস্য জাগ্রদর্থৈঃ সমানদেশত্বশ্রুতেরভেদশ্রুতেশ্চ সত্যত্বে তাৎপর্য্যমিত্যাহ—অথো খল্বাহুরিতি। ইতি রত্নপ্রভা॥ ৩।২।২॥]

অন্য কিছু কথিত হয় না, তাহা নহে। কেন-না, "তুমি শতবর্ষজীবী পুত্রপৌত্র প্রার্থনা কর" এই প্রক্রমের পর "শেষে তোমাকে কামভাগী অর্থাৎ পুত্রপৌত্রাদিবিশিষ্ট করিব" এই বাক্যে প্রস্তাবিত পুত্রপৌত্রাদি পদার্থে কাম-শব্দের প্রয়োগ দেখা যাইতেছে। অপিচ, প্রকরণ ও প্রস্তাবের শেষ বাক্য, এই দুএর দ্বারা জানা যাইতেছে, প্রাজ্ঞ আত্মাই ঐ সন্ধ্যস্থানীয় পদার্থের নির্ম্মাতা অর্থাৎ সৃষ্টি-কর্ত্তা। প্রকরণটী প্রাজ্ঞবিষয়ক। কেন-না, উহা "যাহা ধর্ম্মাতীত, অধর্ম্মাতীত, কার্য্যকারণের অতীত, তাহা বল—" ইত্যাদিবাক্যের পর উক্ত হইয়াছে। প্রকরণের শেষেও ধর্ম্মাদ্যতীত প্রাজ্ঞ আত্মার কথন আছে। যথা—"সেই বস্তুই শুক্র অর্থাৎ স্বপ্রকাশ, ব্রহ্ম অর্থাৎ নিরতিশয় বৃহৎ, অমৃত অর্থাৎ মুক্ত। এই সমুদায় লোক তাহাতেই আশ্রিত (স্থিত) এবং কেহই তদ্বস্তু অতিক্রম করিতে সমর্থ নহে।"

[প্রাজ্ঞ...প্রত্যাহ] যেহেতু স্বাপ্নিক সৃষ্টির স্রষ্টা প্রাজ্ঞের প্রস্তাবে কথিত, সেই হেতু স্বাপ্নিক সৃষ্টির স্রষ্টা প্রাজ্ঞ। জাগ্রৎ সৃষ্টি যখন সত্য; তখন তাঁহার স্বাপ্নিক সৃষ্টিও সত্য। এ বিষয়ে শ্রুতিবাক্যও আছে। যথা—"পণ্ডিতেরা বলিয়াছেন, এই জাগ্রৎ স্থানও ইঁহার। ইনি জাগ্রৎস্থানে যাহা দেখেন, তাহাই সুপ্ত অর্থাৎ স্বপ্ন-স্থানস্থিত হইয়া দেখেন।" এই শ্রুতি স্বপ্নের ও জাগ্রতের সাম্য দেখাইয়াছেন। অতএব, সন্ধ্য-সৃষ্টিও জাগ্রৎসৃষ্টির ন্যায় তথ্যরূপা। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্তে সূত্রকার প্রত্যুত্তর বলিতেছেন—॥ ৩। ২। ২॥

মায়ামাত্রন্তু কাৎস্ন্যেনানভিব্যক্ত-স্বরূপত্বাৎ॥ ৩।২।৩॥*

তুশব্দঃ পক্ষং ব্যাবর্ত্তয়তি। নৈতদস্তি—যদুক্তং সন্ধ্যে সৃষ্টিঃ পারমার্থিকীতি। মায়াময়্যেব সন্ধ্যে সৃষ্টির্ন তত্র পরমার্থগন্ধোঽপ্যস্তি। কুতঃ। কাৎস্ন্যেনানভিব্যক্তস্বরূপত্বাৎ। ন হি কাৎস্ন্যেন পরমার্থবস্তুধর্ম্মেণাভিব্যক্তস্বরূপঃ স্বপ্নঃ। কিং পুনরত্র কাৎস্ন্যমভিপ্রেতম্? দেশকালনিমিত্তসম্পত্তিরবাধশ্চ। ন হি পরমার্থবস্তুবিষয়াণি দেশকালনিমিত্তান্যবাধশ্চ স্বপ্নে সম্ভাব্যন্তে। ন তাবৎ স্বপ্নে রথাদীনামুচিতো দেশঃ সম্ভবতি। ন তাবৎ সংবৃতে দেহদেশে রথাদয়োঽবকাশং লভেরন্।

ইদমত্রাকূতম্। ন তাবৎ ক্ষীরস্যেব দধি, রজতস্য পরিণামঃ শুক্তিঃ সম্ভবতি। ন হি জাম্বীশ্বরগৃহে চিরস্থিতান্যপি রজতভাজনানি শুক্তিভাবমনুভবন্তি দৃশ্যন্তে। ন চেতরস্য রজতানুভবসময়েঽন্যোঽনাকুলেন্দ্রিয়ো ন তস্য শুক্তিভাবমনুভবতি প্রত্যেতি চ। ন চোভয়রূপং বস্তু। সামগ্রীভেদাত্তু কদাচিদস্য তোয়ভাবোঽনুভূয়তে কদাচিন্মরীচিত্বেতি সাম্প্রতম্। পারমার্থিকে হ্যস্য তোয়ভাবে তৎসাধ্যামুদন্যোপশমলক্ষণার্থক্রিয়াং কুর্য্যান্মরীচিসাধ্যামপি রূপপ্রকাশলক্ষণাম্। ন মরীচিভিঃ কস্যচিত্তৃষ্ণায়া উদন্যোপশাম্যতি। ন চ তোয়মেব দ্বিবিধমুদন্যোপশমন-তদন্নুপশমনমিতি যুক্তম্। তদর্থক্রিয়াকারিত্বব্যাপ্তং তোয়ত্বং মাত্রয়াপি তামকুর্ব্বত্তোয়মেব ন স্যাৎ। অপি চ তোয়প্রত্যয়-সমীচীনতায়াঽস্য দ্বৈবিধ্যমভ্যুপেয়তে, তচ্চাভ্যুপগমেঽপি ন সেদ্ধুমর্হতি। তথা হ্যসমর্থধিয়া তোয়মেতদিতি মন্বানো ন

সূত্রস্থ তু-শব্দ উদঘাটিত পূর্ব্বপক্ষের নিরাসক। বলিয়াছিলে যে, স্বাপ্নিক সৃষ্টি জাগ্রৎসৃষ্টির ন্যায় সত্য। তাহা নহে। স্বাপ্নিক সৃষ্টি মায়াময়ী। তাহাতে সত্যের নাম গন্ধও নাই। কারণ এই যে, তাহা সম্পূর্ণরূপে অভিব্যক্ত নহে। সত্য বস্তুর যে যে ধর্ম্ম, সে সকল ধর্ম্ম স্বপ্নের স্বরূপে প্রকাশ প্রাপ্ত হয় না। দেশ, কাল, নিমিত্ত ও বাধরাহিত্য, এই গুলি সূত্রস্থ কাৎস্ন্য-শব্দের দ্বারা গ্রহণ করিবে। সত্যবস্তু দর্শনবিষয়ক দেশ, কাল, নিমিত্ত ও বাধ-রাহিত্য, এ সকল স্বাপ্ন পদার্থে সম্ভাবিত নহে। [ন তাবৎ... লভেরন্] স্বপ্নস্থানে কি রথাদি থাকিবার যোগ্য দেশ আছে? না এই

* তু-শব্দেন পূর্ব্বপক্ষং নিষেধতি। সন্ধ্যে সৃষ্টির্ন পারমার্থিকীতি যাবৎ। সা মায়ামাত্রং মায়াময্যেব। যতঃ সা কাৎস্ন্যেন দেশকালনিমিত্তাদিরূপেণ পরমার্থবস্তুধর্ম্মেণ অভিব্যক্তস্বরূপা ন ভবতি, ততঃ সা সৃষ্টির্ন পরমার্থরূপা, কিন্তু মায়াময়ী। জাগ্রদর্থস্য সত্যত্বব্যাপকো যো যো ধর্ম্মঃ, স্বপ্নে তদভাবো দৃশ্যত ইতি নিষ্কর্ষঃ।

স্বাপ্নিক সৃষ্টি জাগ্রৎ সৃষ্টির ন্যায় তথারূপা নহে। তৎপ্রতি কারণ এই যে, তাহা জাগ্রৎপদার্থে ধর্ম্ম সমূহের দ্বারা অভিব্যক্ত নহে অর্থাৎ প্রকাশিত নহে। (ভাষ্যানুবাদ দেখ)।

স্যাদেতৎ। বহির্দ্দেহাৎ স্বপ্নং দ্রক্ষ্যতি, দেশান্তরিতদ্রব্যগ্রহণাৎ। দর্শয়তি চ শ্রুতির্ব্বহির্দ্দেহাৎ স্বপ্নং—

"বহিঃ কুলায়াদমৃতশ্চরিত্বা
স ঈয়তে অমৃতো যত্র কামম্"। ইতি।

স্থিতিগতিপ্রত্যয়ভেদশ্চ নানিষ্ক্রান্তে জন্তৌ সামঞ্জস্যমশ্নুবীতেতি।

নেত্যুচ্যতে। ন হি সুপ্তস্য জন্তোঃ ক্ষণমাত্রেণ যোজনশতান্তরিতং দেশং পর্য্যেতুং বিপর্য্যেতুঞ্চ ততঃ সামর্থ্যং সম্ভাব্যতে। ক্বচিচ্চ প্রত্যাগমনবর্জ্জিতং স্বপ্নং শ্রাবয়তি—কুরুষ্বহং শয্যায়াং শয়ানো নিদ্রয়াভিপ্লুতঃ স্বপ্নে পঞ্চালানভিগতশ্চাস্মিন্ প্রতি-

তৃষ্ণয়াপি মরীচিতোয়মভিধাবেৎ, যথা মরীচীনমুভবন্। অথাশক্তং শক্তমভিমন্যমানোঽভিধাবতি। কিমপরাদ্ধং মরীচিষু তোয়বিপর্য্যাসেন সার্ব্বজনীনেন, যন্তমতিলঙ্ঘ্য বিপর্য্যাসান্তরং কল্প্যতে। ন চ ক্ষরদধিপ্রত্যয়বদাচার্য্যমাতুলব্রাহ্মণপ্রত্যয়বদ্বা তোয়মরীচিবিজ্ঞানে সমুচ্চিতাবগাহিনী, স্বানুভবাৎ। পরস্পরবিরুদ্ধয়োর্ব্বাধ্যবাধকভাবাবভাসনাৎ। তত্রাপি রজতজ্ঞানং পূর্ব্বমুৎপন্নং বাধ্যমুত্তরঞ্চ বাধকং শুক্তিজ্ঞানং, প্রাপ্তিপূর্ব্বকত্বাৎ প্রতিষেধস্য। রজতজ্ঞানাৎ প্রাক্ প্রাপকাভাবেন শুক্তেরপ্রাপ্তায়াঃ প্রতিষেধাসম্ভবাৎ পূর্ব্বজ্ঞানপ্রাপ্তস্ত রজতং শুক্তিজ্ঞানমপবাধিতুমর্হতি। তদপবাধাত্মকঞ্চ স্বানুভবাদবসীয়তে। যথাহ :—

"আগামিত্বাদবাধিত্বা পরং পূর্ব্বং হি জায়তে।
পূর্ব্বং পুনরবাধিত্বা পরং নোৎপদ্যতে ক্বচিৎ॥"

সঙ্কুচিত দেহস্থানে রথাদি পর্য্যাপ্ত হয়? [স্যাদেতৎ...বীতেতি] আচ্ছা, এমন হইতেও ত পারে যে, জীব দেহের বাহিরে গিয়া স্বপ্ন দেখে? জীব যখন দেশান্তরীয় দ্রব্য দর্শন করে, তখন কেন না মনে করিব যে, জীব দেহ হইতে নিষ্ক্রান্ত হইয়া স্বপ্ন সন্দর্শন করে? শ্রুতিও দেহের বাহিরে যাওয়ার কথা বলিয়াছেন। যথা—"সেই অমৃত পুরুষ (আত্মা) কুলায়ের অর্থাৎ দেহ-গৃহের বাহিরে যথা ইচ্ছা তথায় ইচ্ছানুরূপ বিহার করেন।" আরও দেখ, জীব যদি দেহ হইতে নিষ্ক্রান্ত না হয়, তাহা হইলে স্থিতি, গতি ও ভিন্ন ভিন্ন জ্ঞানের কারণ (অমুক স্থানে অবস্থান করিতেছি, যাইতেছি ও অমুক দেশের অমুক পদার্থ দেখা হইল, এ সকল বা ইত্যাদি প্রকার স্বপ্ন) সঙ্গত হয় না।

[নেত্যুচ্যতে...কল্পয়েৎ] প্রশ্নকারীর এই প্রশ্ন সাধু বা সঙ্গত নহে। কেন? তাহা বিবেচনা কর। সুপ্ত জীব কি ক্ষণকালমধ্যে শত যোজন দূরে গিয়া

বুদ্ধশ্চ' ইতি। দেহাচ্চেদপেয়াৎ, পঞ্চালেষ্বেব প্রতিবুধ্যেত—তানসাবভিগত ইতি, কুরুষ্বেব তু প্রতিবুধ্যতে। যেন চায়ং দেহেন দেশান্তরমশ্নুবানো মন্যতে, তমন্যে পার্শ্বস্থাঃ শয়নদেশ এব পশ্যন্তি। যথাভূতানি চায়ং দেশান্তরাণি স্বপ্নে পশ্যতি, ন তানি তথাভূতান্যেব ভবন্তি। পরিধাবংশ্চেৎ পশ্যেজ্জাগ্রদ্বৎ, বস্তু ভূতমর্থমাকলয়েৎ। দর্শয়তি চ শ্রুতিরন্তরের দেহে স্বপ্নং "স যত্রৈতৎ স্বপ্ন্যয়াচরতি" ইত্যুপক্রম্য "সে শরীরে যথাকামং পরিবর্ত্ততে" ইতি। অতশ্চ শ্রুত্যুপপত্তিবিরোধাদ্বহিঃ কুলায়-শ্রুতির্গৌণী ব্যাখ্যাতব্যা—"বহিরিব কুলায়াদমৃতশ্চরিত্বা' ইতি। যো হি বসন্নপি শরীরে ন তেন প্রয়োজনং করোতি, স বহিরিব শরীরাদ্ভবতীতি।

ন চ বর্ত্তমানরজতাবভাসি জ্ঞানং ভবিষ্যত্তামস্য গোচরয়ন্ন ভবিষ্যত্তা স্বসময়বর্ত্তিনীং শুক্তিং গোচরয়তা প্রত্যয়েন বাধ্যতে, কালভেদেন বিরোধাভা-বাদিতি যুক্তম্। মা নামাঽস্যাজ্ঞাসীৎ প্রত্যক্ষং ভবিষ্যত্তাং, তৎপৃষ্ঠভাবিত্তানু-মানমুপকারহেতুভাবমিবাসতি বিনাশপ্রত্যয়োপনিপাতে স্থেমানমাকলয়তি। অসতি বিনাশপ্রত্যয়োপনিপাতে রজতমিদং স্থিরং রজতত্বাদনুভূতপ্রত্যভি-জ্ঞাতরজতবং। তথা চ ভবিষ্যচ্ছুক্তিকাজ্ঞানকালং রজতং ব্যাপ্নুয়াদিতি বিরোধাৎ শুক্তিজ্ঞানেন বাধ্যতে। যথাহু:—

"রজতং গৃহ্যমাণং হি চিরস্থায়ীতি গৃহ্যতে।
ভবিষ্যচ্ছুক্তিকাজ্ঞানকালং ব্যাপ্নোতি তেন তৎ ॥" ইতি

পুনর্ব্বার ফিরিয়া আসিতে পারে? না তাহার তাদৃশ সামর্থ্য সম্ভাবিত? (তাহা কি যুক্তির দ্বারা বুদ্ধিস্থ করা যায়?) আবার এমন স্বপ্নও আছে, যাহা প্রত্যা-গমনবর্জ্জিত। শ্রুতিও ঐরূপ একটী স্বপ্ন শুনাইয়াছেন। যথা—"আমি কুরুদেশে শয্যায় শয়ন করিয়া নিদ্রায় অভিভূত হইয়া স্বপ্নযোগে পাঞ্চাল-দেশে গেলাম এবং তন্মুহূর্ত্তে প্রতিবুদ্ধ হইলাম। (সে দেশ হইতে আর প্রত্যাবর্ত্তন করা ঘটিল না,)" জীব যদি সত্য সত্যই পঞ্চালদেশে যাইত, তাহা হইলে পঞ্চালদেশেই থাকিত, পঞ্চালদেশেই জাগ্রৎ হইত, কিন্তু সে পঞ্চালদেশে থাকে নাই, জাগ্রৎও হয় নাই, সে সেই কুরুদেশেই আছে ও জাগ্রৎ হইয়াছে। সে স্বপ্নকালে যে-দেহে দেশান্তরে গিয়াছিল, পার্শ্বস্থ লোক তাহার সে দেহ শয্যাতেই অবস্থিত দেখিয়াছিল। অপিচ, স্বপ্নে যে-প্রকার দেশান্তর দেখে, সে দেশান্তর ঠিক্ প্রকার নহে। বাহিরে গিয়া দেখিলে, স্বপ্নে অবশ্যই জাগ্রদ্দর্শনের সমান দর্শন হইত; কিন্তু তাহা হয় না। স্বপ্নে অনেক বিপর্য্যয় ও অস্পষ্ট দর্শনও হয়। [দর্শয়তি...ভবতি ইতি] দেহের মধ্যেই স্বপ্ন দর্শন হয়, ইহা শ্রুতিও বলিয়াছেন। যথা—"যাহাতে

স্থিতিগতিপ্রত্যয়ভেদোঽপ্যেবং সতি বিপ্রলম্ভ এবাভ্যুপগন্তব্যঃ। কালবিসম্বাদোঽপি চ স্বপ্নে ভবতি, রজন্যাং সুপ্তো বাসরং ভারতে বর্ষে মন্যতে, তথা মুহূর্ত্তমাত্রপ্রবর্ত্তিনি স্বপ্নে কদাচিৎ বহূন্ বর্ষপূগানতিবাহয়তি। নিমিত্তান্যপি চ স্বপ্নে ন বুদ্ধয়ে কর্ম্মণে বোচিতানি বিদ্যন্তে। করণোপসংহারাদ্ধি নাস্য রথাদিগ্রহণায় চক্ষুরাদীনি সন্তি। রথাদিনির্ব্বর্ত্তনেঽপি কুতোঽস্য নিমেষমাত্রেণ সামর্থ্যং, দারূণি বা। বাধ্যন্তে চৈতে রথাদয়ঃ স্বপ্নদৃষ্টাঃ প্রবোধে। স্বপ্ন এব চৈতে সুলভবাধা ভবন্তি, আদ্যন্তয়োর্ব্ব্যভিচারদর্শনাৎ। রথোঽয়মিতি হি কদাচিৎ স্বপ্নে নির্দ্ধারিতঃ ক্ষণেন মনুষ্যঃ সম্প-

---

প্রত্যক্ষেণ চিরস্থায়ীতি গৃহ্যত ইতি কেচিদ্ব্যাচক্ষতে, তদসক্তম্। যদি চিরস্থায়িত্বং যোগ্যতা, ন সা প্রত্যক্ষগোচরঃ, শক্তেরতীন্দ্রিয়ত্বাৎ। অথ কালান্তরব্যাপিত্বং, তদপ্যসক্তং, কালান্তরেণ ভবিষ্যতেন্দ্রিয়স্য সংযোগাযোগাৎ, তদুপহিতসীম্নো ব্যাপিত্বস্যাতীন্দ্রিয়ত্বাৎ। ন চ প্রত্যভিজ্ঞাপ্রত্যয়বদত্রাপি সংস্কারঃ সহকারী, যেনাবর্ত্তমানমপ্যাকলয়েৎ। তস্মাদত্যন্তাভ্যাসবশেন প্রত্যক্ষানন্তরং শীঘ্রতরোৎপন্নবিনশ্যদবস্থানুমানসহিতপ্রত্যক্ষাভিপ্রায়মেব চিরস্থায়ীতি গৃহ্যত-ইতি মন্তব্যম্।

অত এবৈতৎ সূক্ষ্মতরং কালব্যবধানমবিবেচয়ন্তঃ সৌগতাঃ প্রাহুঃ—দ্বিবিধো হি

দর্শন হয়” এই উপক্রমে বলা হইয়াছে “তিনি স্বীয় শরীরেই কামানুরূপ পরিবর্ত্তিত হন।” অতএব, জীব নিজ দেহের বাহিরে স্বপ্ন দর্শন করে, এই শ্রুতির গৌণ ব্যাখ্যা গ্রহণ করিবে, তাহা হইলে আর শ্রুতি-যুক্তি-বিরোধ হইবে না। সে গৌণ ব্যাখ্যা এই—“অমৃত (আত্মা), যেন শরীরের বাহিরে গিয়া—” ইত্যাদি। যে শরীরে থাকিয়াও শরীর দ্বারা প্রয়োজন সাধন করে না, সে অবশ্যই শরীরবহির্বর্ত্তীর ন্যায় হয়।

[স্থিতি...বাহয়তি] স্বপ্নে অবস্থান ও যাওয়া প্রভৃতিও ঐরূপ অর্থাৎ গৌণ (যেন যাইতেছে, ইত্যাদিবিধ) বলিয়া স্বীকার করিতে হইবে। স্বপ্নেতে কালের বিরুদ্ধতাও দেখা যায়। রজনী সময়ে স্বপ্নগত হইবামাত্র স্বপ্নদ্রষ্টার এই ভারতবর্ষেই দিবস দর্শন হয়। আরও দেখ, স্বপ্ন মুহূর্ত্তমাত্র প্রবর্ত্তিত, কিন্তু স্বপ্নদ্রষ্টা কখন কখন দেখে, শত শত বর্ষ অতিবাহিত হইয়াছে। [নিমিত্তান্যপি...দৃষ্টাঃ] স্বপ্নবিষয়িণী বুদ্ধির অথবা ক্রিয়ার উপযুক্ত নিমিত্তও থাকে না, (নিমিত্ত=কারণ)। তৎকালে ইন্দ্রিয়গণ সুপ্ত, সুতরাং তখন রথাদি দর্শনের উপযুক্ত চক্ষুরাদি ইন্দ্রিয় নাই। জীবের কি নিমেষকালমধ্যে রথাদি প্রস্তুত করিবার সামর্থ্য আছে? না, তথায় কাষ্ঠাদি উপকরণ দ্রব্য আছে? তাহা নাই। আরও দেখ, স্বপ্নদৃষ্ট রথাদি জাগ্রদ্দশায় রজ্জুসর্পের ন্যায় বাধিত হয় অর্থাৎ থাকে

ষ্যতে। মনুষ্যোঽয়মিতি বা নির্ধারিতঃ ক্ষণেন বৃক্ষঃ। স্পষ্ট-ঞ্চাভাবং রথাদীনাং স্বপ্নে শ্রাবয়তি শাস্ত্রং "ন তত্র রথা ন রথ-যোগা ন পন্থানো ভবন্তি" ইত্যাদি। তস্মান্মায়ামাত্রং স্বপ্ন-দর্শনম্ ॥ ৩। ২। ৩॥

সূচকশ্চ হি শ্রুতেরাচক্ষতে চ তদ্বিদঃ ॥৩।২।৪॥*

মায়ামাত্রত্বাৎ তর্হি ন কশ্চিৎ স্বপ্নে পরমার্থগন্ধ ইতি। নেত্যুচ্যতে। সূচকশ্চ হি স্বপ্নো ভবতি ভবিষ্যতোঃ সাধ্ব-সাধুনোঃ। তথা হি শ্রূয়তে—

বিষয়ঃ প্রত্যক্ষস্য—গ্রাহ্যশ্চাধ্যবসেয়শ্চ। গ্রাহ্যক্ষণ একঃ স্বলক্ষণোঽধ্যবসেয়শ্চ সন্তান ইতি। এতেন স্বপ্নপ্রত্যয়ো মিথ্যাত্বেন ব্যাখ্যাতঃ। যত্তু সত্যং স্বপ্নদর্শনমুক্তং, তদাপ্যাখ্যাত্রা ব্রাহ্মণায়নেনাখ্যাতে সম্বাদাভাবাৎ। প্রিয়ব্রতস্যাখ্যাতসম্বাদস্য কাকতালীয়ো ন স্বপ্নজ্ঞানং প্রমাণয়িতুমর্হতি। তাদৃশস্যৈব বহুলং বিসম্বাদদর্শনাৎ। দর্শিতশ্চ বিসম্বাদো ভাষ্যকৃতা কালস্যানভিব্যক্তিং বিবৃণ্বতা—রজন্যাং স্বপ্ন ইতি। রজনীসময়েঽপি হি ভারতাদ্বর্ষান্তরে কেতুমালাদৌ বাসরো ভবতীতি ভারতে বর্ষ ইত্যুক্তম্ ॥ ৩। ২। ৩॥

দর্শনং সূচকম্। তচ্চ স্বরূপেণ সৎ, অসত্তু দৃশ্যম্। অত এব স্ত্রীদর্শন-

---

না, অদর্শনপ্রাপ্ত হয়। অধিক কি, স্বপ্নকালেও তাহা বাধিত (লুপ্ত) হয়। স্বপ্নে নিশ্চয় হইল, এটা রথ, কিন্তু ক্ষণকাল পরেই তাহা আর রথ রহিল না। রথের পরিবর্ত্তে তাহা মনুষ্য হইল, দেখিতে দেখিতে তাহা আবার বৃক্ষ হইল। [স্পষ্টঞ্চ...দর্শনম্] শ্রুতি স্বপ্নদৃষ্ট রথাদির অভাব স্পষ্টরূপে শুনাইয়াছেন। যথা—"সেখানে রথ নাই, অশ্বাদি নাই, পথও নাই।" ইত্যাদি। এই সকল কারণে স্থির হয়, স্বাপ্নিক সৃষ্টি মায়িক অর্থাৎ মায়াময়।

স্বপ্ন মায়িক (সংস্কার-সহায় অজ্ঞানের পরিণামবিশেষ), তাই বলিয়া যে, তাহাতে সত্যের লেশ নাই, সত্যের সহিত তাহার আদৌ সম্পর্ক নাই, এমত নহে। স্বপ্ন ভবিষ্যৎ শুভাশুভের সূচকও হয়। এ কথা শ্রুতিতেও শুনা যায় এবং স্বপ্নতত্ত্ববিৎ পণ্ডিতেরাও সে কথা বলেন। শ্রুতি যথা—"যদি

---

* মায়িকোঽপি স্বপ্নঃ সাধ্বসাধুনোর্ভবিষ্যতোঃ সূচকোঽনুমাপকঃ, অতস্তত্র পরমার্থগন্ধো নাস্তীতি ন বক্তব্যম্। শ্রূয়তে হি স্বপ্নস্য ভবিষ্যৎসাধ্বসাধুসূচকত্বম্। তদ্বিদঃ স্বপ্নবিদ আচক্ষতে চ।

সত্য বটে, স্বপ্ন মায়ামাত্র, কিন্তু তাহা ভবিষ্যৎ শুভাশুভের সূচক—অনুমাপক। কেন-না, শ্রুতি ও স্বপ্নতত্ত্ববিৎ পণ্ডিতগণ স্বপ্নের তদ্রূপতা বলিয়াছেন।

"যদা কর্ম্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি।
সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ননিদর্শনে ॥" ইতি।

তথা "পুরুষং কৃষ্ণং কৃষ্ণদন্তং পশ্যতি, স এনং হন্তি" ইত্যেবমাদিভিঃ স্বপ্নৈরচিরজীবিত্বমাবেদ্যত ইতি শ্রাবয়তি। আচক্ষতে চ স্বপ্নাধ্যায়বিদঃ "কুঞ্জরারোহণাদীনি স্বপ্নে ধন্যানি, খরযানাদীন্যধন্যানি" ইতি। মন্ত্রদেবতাদ্রব্যবিশেষনিমিত্তাশ্চ কেচিৎ স্বপ্নাঃ সত্যার্থগন্ধিনো ভবন্তীতি মন্যন্তে। তত্রাপি ভবতু নাম শূচ্যমানস্য বস্তুনঃ সত্যত্বং, সূচকস্য তু স্ত্রীদর্শনাদের্ভবত্যেব বৈতথ্যং, বাধ্যমানত্বাদিত্যভিপ্রায়ঃ।

তস্মাদুপপন্নং স্বপ্নস্য মায়ামাত্রত্বম্। যদুক্তম্ "আহ হীতি, তদেবং সতি ভাক্তং ব্যাখ্যাতব্যং, যথা লাঙ্গলং গবাদীনুদ্বহতীতি। নিমিত্তমাত্রত্বাদেবমুচ্যতে, ন তু প্রত্যক্ষমেব লাঙ্গলং গবাদীনুদ্বহতি। এবং নিমিত্তমাত্রত্বাৎ সুপ্তো রথাদীন্ সৃজতে, স হি

স্বরূপসাধ্যাশ্চরমধাতুবিসর্গাদয়ো জাগ্রদবস্থায়ামনুবর্ত্তন্তে। স্ত্রীসাধ্যাস্তু মাল্যবিলেপনদন্তক্ষতাদয়ো নানুবর্ত্তন্তে।

স্বপ্নে কাম্যকর্ম্মবিষয়ে স্ত্রী সন্দর্শন করে, তাহা হইলে জানিবে, সেই স্বপ্নদর্শনের দ্বারা সে কার্য্যের সমৃদ্ধি বা সুসিদ্ধি হইবে।" "স্বপ্নে যদি কৃষ্ণদন্ত ও কৃষ্ণবর্ণ পুরুষ দৃষ্ট হয়, তবে, সেই স্বপ্নদৃষ্ট পুরুষ তাহাকে বিনষ্ট করে।" ইত্যাদিবিধ স্বপ্ন স্বপ্নদ্রষ্টার মরণের নৈকট্য জানায়। [আচক্ষতে...প্রায়ঃ] স্বপ্নাধ্যায়-(শাস্ত্রবিশেষ) বেত্তৃগণও বলিয়াছেন, স্বপ্নে কুঞ্জরারোহণাদি শুভ, আর গর্দ্দভারোহণাদি অশুভ। মন্ত্রের দ্বারা, দেবতানুগ্রহের দ্বারা ও ঔষধবিশেষ সেবনের দ্বারা যে সকল স্বপ্নবিশেষ দৃষ্ট হয়, সে সকলের অনেকগুলি সত্য। (এতাবতা এই বলা হইল যে, স্বপ্ন নিজে মিথ্যা হইলেও তাহা ভবিষ্যৎ সত্য ঘটনার বোধক হয়)। ফলিতার্থ বা অভিপ্রায় এই যে, সূচ্যমান বস্তু সত্য হয় হউক, সূচক স্ত্রীসন্দর্শনাদি মিথ্যা।

[তস্মা...সৃজতি] প্রদর্শিত হেতু সমূহের দ্বারা স্বপ্নের মায়িকত্ব উৎপন্ন হয়। স্বপ্নের তথ্যরূপতা পক্ষে যে শ্রুতিপ্রমাণ আছে, তাহা গৌণ অর্থে যোজনা কর। যেমন নিমিত্তমাত্র লক্ষ্য করিয়া লোকে বলে, লাঙ্গল গো প্রভৃতিকে চালাইতেছে, বস্তুতঃ লাঙ্গল গবাদির চালক নহে; তেমনি, নিমিত্তসামান্য লক্ষ্য করিয়া শ্রুতি বলিয়াছেন, সুপ্তব্যক্তি রথাদি সৃষ্টি করে এবং সুপ্ত রথাদির সৃজন-

কর্ত্তেতি চোচ্যতে, ন তু প্রত্যক্ষমেব সুপ্তো রথাদীন্ সৃজতি। নিমিত্তত্বস্য রথাদিপ্রতিভাননিমিত্ত-মোদত্রাসদর্শনাৎ তন্নিমিত্তভূতয়োঃ সুকৃতদুষ্কৃতয়োঃ কর্ত্তৃত্বেনেতি বক্তব্যম্। অপি চ, জাগরিতে বিষয়েন্দ্রিয়সংযোগাদাদিত্যাদিজ্যোতির্ব্যতিকরাচ্চাত্মনঃ স্বয়ংজ্যোতিষ্ট্বং দ্রষ্টুর্দ্দুর্ব্বিবেচনমিতি তদ্বিবেচনায় স্বপ্ন উপন্যস্তঃ। তত্র যদি রথাদিসৃষ্টিবচনং শ্রুত্যা নোচ্যেত, স্বয়ংজ্যোতিষ্ট্বং ন নির্ণীতং স্যাৎ। তস্মাদ্রথাদ্যভাববচনশ্রুত্যা রথাদিসৃষ্টিবচনং ভাক্তমিতি ব্যাখ্যেয়ম্। এতেন নির্ম্মাণশ্রবণং ব্যাখ্যাতম্।

যদপ্যুক্তং "প্রাজ্ঞমেনং নির্ম্মাতারমামনন্তি" ইতি, তদপ্যসৎ। শ্রুত্যন্তরে "স্বয়ং বিহত্য স্বয়ং নির্ম্মায় স্বেন ভাসা স্বেন জ্যোতিষা প্রস্বপিতি" ইতি জীবব্যাপারশ্রবণাৎ। ইহাপি চ "য এষ

ন চাস্মাভিঃ স্বপ্নেঽপি প্রাজ্ঞব্যাপাব ইতি। প্রাজ্ঞব্যাপারত্বেন পারমার্থিকত্বানুমানং প্রত্যক্ষেণ বাধকপ্রত্যয়েনাবিরুধ্যমানং নাস্মাং লভত ইতি ভাবঃ। বন্ধমোক্ষয়োরাস্তরালিকং তৃতীয়মৈশ্বর্য্যমিতি ॥ ৩। ২। ৪ ॥

কর্ত্তা। কিন্তু তিনি বাস্তব পক্ষে রথাদি সৃজন করেন না। [নিমিত্তত্ব...ব্যাখ্যাতম্] স্বপ্নেও রথাদি দর্শনের পর হর্ষবিষাদাদি হয়। তাহাতে বিবেচনা করিতে হইবে, মানিতে হইবে যে, সেই সেই স্বপ্নসন্দর্শনের কারণীভূত সুকৃত দুষ্কৃত (পুণ্য-পাপ) সেই সেই স্বপ্নসন্দর্শনের প্রযোজক নিমিত্ত কারণ। অন্য কথা এই যে, জাগ্রৎকালে বিষয়েন্দ্রিয়সংযোগ থাকে এবং আদিত্যাদি প্রকাশক পদার্থের ব্যতিকর (মিশ্রণ, স্পষ্ট সম্পর্ক বা প্রকাশ) থাকে, সেই কারণে আত্মার স্বয়ম্প্রকাশতা তৎকালে দুর্ব্বিবেচনীয় হয়। আত্মার সেই দুর্ব্বিবেচ্য স্বয়ম্প্রকাশতাকে সুবিবেচ্য বা সুখবোধ্য করিবার জন্য শ্রুতি কথিতপ্রকার স্বপ্ন বর্ণন করিয়াছেন। শ্রুতি অর্থাৎ সাক্ষাৎ তত্ত্বোধক শব্দ আছে বলিয়া যদি রথাদিসৃষ্টিবাক্যের মুখ্যার্থ গ্রহণ কর, তাহা হইলে আত্মার স্বয়ম্প্রকাশতা সুখনির্ণীত হইবে না। অতএব, রথাদির অভাববাদিনী শ্রুতির সাহায্যে রথাদিসৃষ্টিবাক্যের গৌণার্থ গ্রহণ করা উচিত। রথাদিসৃষ্টিশ্রুতির ন্যায় নির্ম্মাণশ্রুতিরও গৌণার্থ করা হইয়াছে।

[যদপ্যুক্তং...বিরুধ্যতে] বলিয়াছিলে যে, স্বাপ্ন পদার্থের নির্ম্মাণ-কর্ত্তা প্রাজ্ঞ আত্মা, তাহা সাধু নহে। কেন-না, অন্য শ্রুতিতে শুনা যায়, তাহা জীবেরই ব্যাপারবিশেষ। যথা—"জীব বিহত করিয়া অর্থাৎ জাগ্রদ্দেহ নিশ্চেষ্ট করিয়া নিজ বাসনার দ্বারা বাসনাময় দেহ নির্ম্মাণ করতঃ স্বীয় বা স্বাশ্রিত বুদ্ধিবৃত্তির (বুদ্ধিবৃত্তি—বুদ্ধির এক প্রকার অবস্থা) ও স্বরূপ চৈতন্যের দ্বারা স্বপ্নানুভব

সুপ্তেষু জাগর্ত্তি” ইতি প্রসিদ্ধানুবাদাজ্জীব এবায়ং কামানাং নির্ম্মাতা সঙ্কীর্ত্ত্যতে। তস্য তু বাক্যশেষেণ “তদেব শুক্রন্তদ্‌ব্রহ্ম” ইতি জীবভাবং ব্যাবর্ত্ত্য ব্রহ্মভাব উপদিশ্যতে—“তত্ত্বমসি” ইত্যাদিবদিতি ন ব্রহ্মপ্রকরণত্বং বিরুধ্যতে। ন চাস্মাভিঃ স্বপ্নেঽপি প্রাজ্ঞব্যাপারঃ প্রতিষিধ্যতে। তস্য সর্ব্বেশ্বরত্বাৎ সর্ব্বাস্বপ্যবস্থাস্বধিষ্ঠাতৃত্বোপপত্তেঃ। পারমার্থিকস্তু নায়ং সন্ধ্যাশ্রয়ঃ সর্গো বিয়দাদিসর্গবদিত্যেতাবৎ প্রতিপাদ্যতে। ন চ বিয়দাদিসর্গস্যাপ্যাত্যন্তিকং সত্যত্বমস্তি। প্রতিপাদিতং হি “তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ” ইত্যত্র সমস্তস্য প্রপঞ্চস্য মায়ামাত্রত্বম্। প্রাক্ চ ব্রহ্মাত্মদর্শনাৎ বিয়দাদিপ্রপঞ্চো ব্যবস্থিতরূপো ভবতি, সন্ধ্যাশ্রয়স্তু প্রপঞ্চঃ প্রতিদিনং বাধ্যত ইত্যতো বৈশেষিকমিদং সন্ধ্যস্য মায়ামাত্রত্বমুদিতম্ ॥ ৩ । ২ । ৪ ॥

“পরাভিধ্যানাত্তু তিরোহিতং, ততো হ্যস্য বন্ধবিপর্য্যয়ৌ।” “দেহযোগাদ্বা সোঽপি” ইতি সূত্রদ্বয়ং কৃতোপপাদনমস্মাভিঃ প্রথমসূত্রে। নিগদব্যাখ্যাতং চৈতয়োর্ভাষ্যমিতি ॥ ৩ । ২ । ৫-৬ ॥

করেন।” কঠশ্রুতিতেও “ইন্দ্রিয়গণ সুপ্ত হইলে, এই যে ইনি জাগ্রৎ থাকেন” এতদভিধেয় প্রসিদ্ধ জীবাত্মার অনুবাদে জীবেরই কাম্য স্রষ্টৃত্ব অর্থাৎ স্বাপ্নপদার্থের নির্ম্মাতৃত্ব কথিত হইয়াছে। পরে “তিনিই শুক্র ও ব্রহ্ম” এই শেষবাক্যে জীবের জীবত্ব নিষেধ পূর্ব্বক ব্রহ্মত্বের উপদেশ হইয়াছে। “তত্ত্বমসি” ইত্যাদি স্থলে যেমন প্রসিদ্ধ জীবানুবাদের পর জীবভাব নিষেধ ও তাহার ব্রহ্মভাবের উপদেশ হইয়াছে, প্রদর্শিত স্থলেও সেইরূপ জানিবে এবং তাহাতেই ব্রহ্মপ্রকরণের বিরোধ বা বাধ হয় না। [ন চাস্মাভিঃ...মুদিতম্] স্বপ্নে প্রাজ্ঞ আত্মার যে, কোনও ব্যাপার নাই, এমন কথা আমরাও বলি না। তিনি সর্ব্বেশ্বর। সকল সময়ে ও সকল অবস্থায় তাঁহার অধিষ্ঠাতৃত্ব আছে। স্বপ্নাশ্রিত সৃষ্টি আকাশাদি সৃষ্টির ন্যায় পারমার্থিক অর্থাৎ সত্য নহে; এই মাত্র অভিপ্রেত বা প্রতিপাদ্য। আকাশাদি সৃষ্টিরও আত্যন্তিক সত্যতা নাই। সমুদায় প্রপঞ্চই মায়িক, মিথ্যা, এ সকল “তদনন্যত্বং” সূত্রে প্রতিপাদিত হইয়াছে। যাবৎ না ব্রহ্মাত্মসাক্ষাৎকার হয়, তাবৎ আকাশাদি প্রপঞ্চ যথাবস্থিতরূপে থাকে; কিন্তু স্বপ্নাশ্রিত প্রপঞ্চ প্রতিদিনই বাধিত (অন্যথা হয়), এইমাত্র বিশেষ বা প্রভেদ ॥ ৩ । ২ । ৪ ॥

পরাভিধ্যানাত্তু তিরোহিতং ততো হ্যস্য বন্ধ-বিপর্য্যয়ৌ ॥৩।২।৫॥*

অথাপি স্যাৎ—পরস্যৈব তাবদাত্মনোঽংশো জীবোঽগ্নেরিব বিস্ফুলিঙ্গঃ। তত্রৈবং সতি যথাগ্নিস্ফুলিঙ্গয়োঃ সমানে দহন-প্রকাশনশক্তী ভবতঃ, এবং জীবেশ্বরয়োরপি জ্ঞানৈশ্বর্য্যশক্তী। ততশ্চ জীবস্যৈশ্বর্য্যবশাৎ সাঙ্কল্পিকী স্বপ্নে রথাদিসৃষ্টির্ভবিষ্যতীতি।

অত্রোচ্যতে— সত্যপি জীবেশ্বরয়োরংশাংশীভাবে প্রত্যক্ষমেব জীবস্যেশ্বরবিপরীতধর্ম্মত্বং। কিং পুনর্জ্জীবস্যেশ্বরসমানধর্ম্মত্বং নাস্ত্যেব? ন নাস্তীতি। বিদ্যমানমপি তু তৎ তিরোহিতং অবিদ্যাব্যবধানাৎ। তৎ পুনস্তিরোহিতং সৎ পরমেশ্বরমভিধ্যায়তো

তদেতচ্ছাস্ত্রমনিযোজ্যব্রহ্মাত্বঞ্চ জীবস্য প্রতিপাদয়তি, জীবঞ্চ নিযুঙক্তে, ততো দ্ব্যর্থঞ্চ বিরুদ্ধার্থঞ্চ স্যাদিত্যাহ—"অথ" ইতি। দর্শপৌর্ণমাসাদিবাক্যেষু জীবস্যানিযোজ্যস্যাপি বস্তুতো হধ্যস্তনিযোজ্যভাবস্য নিযোজ্যতা যুক্তা। ন হি তদ্বাক্যং তস্য নিযোজ্যতামাহ, অপি তু লৌকিকপ্রমাণসিদ্ধাং নিযোজ্যতামাশ্রিত্য দর্শপূর্ণমাসৌ বিধত্তে। ইদন্তু নিযোজ্যতামপনয়তি চ নিযুঙ্‌ক্তে চেতি দুর্ঘটমিতি ভাবঃ। "নিয়োগপরতায়াঞ্চ" ইতি। পৌর্ব্বাপর্য্যালোচনয়া বেদান্তানাং তত্ত্বনিষ্ঠতা শ্রুতা, ন শ্রুতা নিয়োগনিষ্ঠতেত্যর্থঃ। অপি চ নিয়োগনিষ্ঠত্বে বাক্যস্য দর্শপৌর্ণমাসকর্ম্মণ ইবাপূর্ব্বাবান্তরব্যাপারাদাত্মজ্ঞানকর্ম্মণোঽপ্যপূর্ব্বাবান্তরব্যাপারাদেব স্বর্গাদিফলবন্মোক্ষস্যানন্দরূপফলস্য সিদ্ধিঃ। তথা চানিত্যত্বং সাতিশয়ত্বঞ্চ

- -

অধিক কি বলিব, সমুদায় বেদকে যদি নিয়োগপ্রধান বল, তাহা হইলে, বেদে যে জীবের অনিযোজ্য ব্রহ্মাত্মতা কথন আছে, তাহা নিরর্থক ও নিষ্প্রমাণ হইবে।

যদি এমন হয় যে, শাস্ত্র অনিযোজ্য ব্রহ্মাত্মতত্ত্ব বলেন ও তজ্জ্ঞাপনার্থ পুরুষকে (জ্ঞান কর, বলিয়া প্রেরণ) করেন, তাহা হইলে এক ব্রহ্মশাস্ত্রের (বেদান্ত-শাস্ত্রের) স্কন্ধে বিরুদ্ধ দুইটী অর্থ বলার, বা বিরুদ্ধ দুইটী প্রতিপাদ্য প্রতিপাদন করার দোষ অর্পণ করা হয়। ব্রহ্মশাস্ত্রকে নিয়োগপ্রধান বলিতে গেলে শ্রুত-হানি-দোষ, অশ্রুতকল্পনা-দোষ, কর্ম্মফলের ন্যায় মোক্ষের অদৃষ্টোৎপাদ্যতা ও অনিত্যতা এই দুই দোষ, এবং ঐরূপ অন্যান্য অপরিহার্য্য অনেক প্রকার দোষ হইবে, কেহই নিবারণ করিতে পারিবে না। [তস্মা...মাশ্রয়িতুম্] অতএব, সমুদায় বেদান্তবাক্য অবগতি-অর্থেই পর্য্যবসিত, নিয়োগ অর্থে নহে। বেদান্তবাক্য নিয়োগবাদী নহে বলিয়াই বাদীর পূর্ব্বোক্ত "এক নিয়োগ প্রতীত হওয়ায় একবাক্য হইবে, একার্থ প্রতিপাদক হইবে" এই কথা অসঙ্গত বা যুক্তিবহির্ভূত হইতেছে। বেদান্তবাক্যে নিয়োগ (বিধি, কর্ত্তব্যতারূপে উপদেশ বা আজ্ঞা) স্বীকার করিলেও, তাহার

কশ্চিদেকস্বাকারাংশোঽস্তি। ন হি ভারূপত্বাদয়ো গুণাঃ প্রপঞ্চ-বিলয়োপকারিণো ভবন্তি। নাপি প্রপঞ্চবিলয়াদয়ো গুণা ভারূপ-ত্বাদিগুণোপকারিণঃ, পরস্পরবিরোধিত্বাৎ। ন হি কৃৎস্ন-প্রপঞ্চপ্রবিলাপং প্রপঞ্চৈকদেশাপেক্ষণঞ্চৈকস্মিন্ ধর্ম্মিণি যুক্তং সমাবেশয়িতুম্। তস্মাদস্মদুক্ত এব বিভাগ আকারবদনাকারো-পদেশানাং যুক্ততর ইতি ॥ ৩। ২। ২১ ॥

স্বর্গবন্তুবেদিত্যাহ—"কর্ম্মফলবদ" ইতি। "অপি চ ব্রহ্মবাক্যেষু" ইতি। সপ্রপঞ্চ-নিষ্প্রপঞ্চোপদেশেষু হি সাধ্যানুবন্ধভেদাদেকনিয়োগত্বমসিদ্ধং, দর্শপৌর্ণমাস-প্রযাজবাক্যেষু তু যত্তপ্যনুবন্ধভেদস্তথাপ্যধিকারাংশস্য সাধ্যস্য ভেদাভাবাদভেদ ইতি ॥৩।২।২১॥

একত্ব স্বীকার দুর্ঘট। নির্গুণের অথবা সগুণের যে কোন প্রকারের উপদেশ হউক, বেদান্তবাক্যে নিয়োগের একত্ব (এক নিয়োগ) সিদ্ধ হয় না। অর্থাৎ সাকার ব্রহ্মবোধক বাক্যসমূহকে আকার বিলয়ন দ্বারা নিরাকারে স্থাপন করা ও নিরাকার বাক্যের সহিত একার্থ করা দুর্ঘট হয়। শব্দভেদ প্রভৃতির দ্বারা * বিভিন্ন নিয়োগ (বিধি) প্রতীত হয় সত্য; কিন্তু তাহা সার্ব্বত্রিক নহে। সর্ব্বত্র একাকার নিয়োগ প্রথা অবলম্বিত হইতে পারে না। কেন-না, তাহা অযুক্ত—যুক্তিবহির্ভূত। [প্রযাজ... সমাবেশয়িতুম্] প্রযাজ ও দর্শপূর্ণমাস স্থলে † অধিকারাংশের ঐক্য থাকায় একবাক্যতা যুক্তিসিদ্ধ; কিন্তু বেদান্তের সগুণ-নির্গুণ-উপদেশস্থলে কোনও রূপ ঐক্যাংশ নাই। (একের সহিত অপরের ঐক্য করিয়া একার্থ করিবার উপায় নাই)। বিবেচনা কর, দীপ্তিরূপত্ব গুণকে ‡ প্রপঞ্চবিলয়ের ও প্রপঞ্চবিলয়কে দীপ্তিরূপ গুণের উপকারী (অঙ্গ) বলা যায় কি? তাহা যায় না। কারণ এই যে, ঐ গুণদ্বয় পরস্পরবিরোধী। বিরুদ্ধতা বিধায় এক বস্তুতে বা একাধারে নিখিল প্রপঞ্চের অভাব ও প্রপঞ্চমধ্যপাতী একাংশ বা অংশবিশেষ স্থাপন করিতে পার না। [তস্মা...ইতি] অতএব, সাকার নিরাকার উপদেশ সমূহের মধ্যে অন্যের কথিত বিভাগ অপেক্ষা অস্মদীয় বিভাগই যুক্ততর ॥ ৩ ॥ ২ ॥ ২২ ॥

* ভিন্ন ক্রিয়াবাচী শব্দ—শব্দভেদ। নির্গুণ সগুণ ইত্যাদি রূপভেদ। প্রকরণভেদ ফলভেদ, অর্থাৎ কোন উপাসনার ফল মুক্তি, কোন উপাসনার ফল অভ্যুদয় (স্বর্গাদি)। এই সকল অনঃস্থলে যে যুক্তি পঠিত হয়, তাহাও প্রমাণ বলিয়া গণ্য।

† প্রযাজ—দর্শপূর্ণমাসনামক যাগের একটী অঙ্গ। দর্শ ও পূর্ণমাস, এতন্নামক দুইটী যাগে একটী প্রধান যাগ নিষ্পন্ন হয়। প্রযাজ ও অনুযাজ প্রভৃতি তাহার অবয়ব বা অঙ্গ। গণেশ-পূজা যেমন সমুদায় প্রধান পূজার অঙ্গ, প্রযাজ অনুযাজও তেমনি দর্শপূর্ণমাস যাগের অঙ্গ। পূর্ব্বমীমাংসায় ঐ সকলের বোধক শ্রুতি একত্রিত করিয়া একমাত্র প্রধান যাগের বোধক করা হয়। বেদান্তোক্ত নির্গুণ সগুণ উপাসনাবোধক বাক্য সমূহকে সেরূপ করিবার উপায় নাই।

‡ পরমাত্মা দীপ্তিরূপী, ইত্যাদিক্রমে একটী উপাসনা কথিত হইয়াছে। ঐ উপাসনায়

প্রকৃতৈতাবত্ত্বং হি প্রতিষেধতি ততো ব্রবীতি চ ভূয়ঃ॥ ৩।২।২২॥*

"দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তঞ্চৈবামূর্ত্তঞ্চ মর্ত্ত্যঞ্চামৃতঞ্চ স্থিতঞ্চ যচ্চ সচ্চেতচ্চ" ত্যচ্চ ইত্যুপক্রম্য পঞ্চ মহাভূতানি দ্বৈরা-

---

অধিকরণবিষয়মাহ—"দ্বে বাব ব্রহ্মণো রূপে" ইতি। দ্বে এব ব্রহ্মণো রূপে। ব্রহ্মণঃ পরমার্থতোঽরূপস্যাধ্যারোপিতে দ্বে এব রূপে, তাভ্যাং হি তদ্রূপ্যতে। তে দর্শয়তি—"মূর্ত্তঞ্চৈবামূর্ত্তঞ্চ"। সমুচ্চীয়মানাবধারণম্। অত্র পৃথিব্যপ্তে-জাংসি ত্রীণি ভূতানি ব্রহ্মণো রূপং মূর্ত্তং মূর্চ্ছিতাবয়বমিতরেতরানুপ্রবিষ্টাবয়বং কঠিনমিতি যাবৎ। তস্যৈব বিশেষণান্তরাণি মর্ত্ত্যং মরণধর্ম্মকং স্থিতমব্যাপি অবচ্ছিন্নমিতি যাবৎ। সৎ অন্যেভ্যো বিশিষ্যমাণমসাধারণধর্ম্মবদিতি যাবৎ। গন্ধস্নেহোষ্ণতাশ্চান্যোন্যব্যবচ্ছেদহেতবোঽসাধারণধর্ম্মাস্তস্যৈতস্য ব্রহ্মরূপস্য তেজোঽবন্নস্য চতুর্ব্বিশেষণস্যৈষ রসঃ সারঃ, য এষ সবিতা তপতি। অথামূর্ত্তং বায়ুশ্চান্তরিক্ষঞ্চ। তদ্ধি ন কঠিনমিত্যমূর্ত্তমেতদমৃতমমরণধর্ম্মকম্। মূর্ত্তং হি মূর্ত্তান্তরেণাভিহন্যমানমবয়ববিশ্লেষাদ্ধ্বংসতে, ন তু তথাভাবঃ সম্ভবত্যমূর্ত্তস্য। এতদ্যৎএতি গচ্ছতি ব্যাপ্নোতীতি এতত্ত্যং নিত্যপরোক্ষমিত্যর্থঃ। তস্যৈতস্যা-মূর্ত্তস্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো য এষ এতস্মিন্ সবিতৃমণ্ডলে পুরুষঃ। করণাত্মকো হিরণ্যগর্ভপ্রাণাত্মরূপস্য হ্যেষ রসঃ সারো নিত্যপরোক্ষতা চ সাম্যমিত্যাধিদৈবতম্। অথাধ্যাত্মমিদমেব মূর্ত্তং যদন্যৎ প্রাণান্তরাকাশাভ্যাং ভূতত্রয়ং শরীরারম্ভকমেতন্মর্ত্ত্যমেতৎ স্থিতমেতৎ সৎ তস্যৈতস্য মূর্ত্তস্যৈতস্য

"ব্রহ্মের দুইটা রূপ, মূর্ত্ত ও অমূর্ত্ত। (পরমার্থকল্পে তিনি অরূপ; পরন্তু উপাধি অনুসারে তাঁহার আরোপিত রূপ মূর্ত্ত ও অমূর্ত্ত। মূর্ত্ত= মূর্ত্তিমৎ অর্থাৎ স্থূল। অমূর্ত্ত=তদ্রহিত অর্থাৎ সূক্ষ্ম। পৃথিবী, জল ও তেজ, এই ভূতত্রয় ব্রহ্মের মূর্ত্ত রূপ এবং বায়ু ও আকাশ এই ভূতদ্বয় অমূর্ত্ত রূপ), মূর্ত্ত রূপটী মর্ত্ত্য অর্থাৎ মরণশীল—নশ্বর। অমূর্ত্তরূপটী অমৃত অর্থাৎ অবিনাশী। স্থিত অর্থাৎ অব্যাপী বা পরিচ্ছিন্ন। সৎ অর্থাৎ অন্যাপেক্ষা বিশেষ বা অসাধারণ-ধর্ম্মবিশিষ্ট। ত্যৎ ও এতৎ অর্থাৎ নিত্যপরোক্ষ।" শ্রুতি এইরূপে প্রস্তাবারম্ভ ও পঞ্চ মহাভূতকে মূর্ত্তামূর্ত্ত রাশিদ্বয়ে বিভক্ত করিয়া বলিয়াছেন, "অমূর্ত্ত ভূতদ্বয়ের সার লিঙ্গাত্মা হিরণ্যগর্ভ—যিনি ঐ সূর্য্যমণ্ডলের অধিষ্ঠাতা ও পুরুষ। মূর্ত্ত ভূতত্রয়ের সার এই দক্ষিণ চক্ষুঃ—এতদধিষ্ঠিত পুরুষ অমূর্ত্তভূতের সার।

পরমাত্মা দীপ্তিরূপগুণে উপাস্য। এই দীপ্তিরূপত্ব গুণ প্রপঞ্চবিলয়ের বিরোধী; সুতরাং তাহার সহিত প্রপঞ্চবিলয়ের ঐক্য হইবে না। অন্যান্য গুণেও এইরূপ জানিবে।

* হি যস্মাৎ প্রকৃতং যৎ এতাবত্ত্বং মূর্ত্তামূর্ত্তলক্ষণং রূপং, তৎ প্রতিষেধতি। যথা ভূয়ঃ পুনরপি পরমস্তীতি ব্রবীতি শ্রুতিরিতি শেষঃ। ততস্তস্মাৎ ব্রহ্মণো ন কেবলং নির্ব্বিশেষচিন্মাত্রত্বমপি তু সর্ব্বনিষেধাবধিত্বেন সদ্রূপত্বমিতি স্থিতিঃ।

যেহেতু শ্রুতি ব্রহ্মের প্রস্তাবিত দ্বৈরূপ্য (মূর্ত্ত ও অমূর্ত্ত) নিষেধ করতঃ বলিয়াছেন, "ব্রহ্ম

শ্যেন প্রবিভজ্যামূর্ত্তরসস্য চ পুরুষশব্দোদিতস্য মাহারজনাদীনি রূপাণি দর্শয়িত্বা পুনঃ পঠ্যতে, "অথাত আদেশো নেতি নেতি। ন হ্যেতস্মাদ্‌ব্রহ্মণো নেত্যন্যৎ পরমস্তি" ইতি। তত্র কোঽস্য

মর্ত্ত্যস্যৈতস্য স্থিতস্যৈতস্য সত এষ রসো যচ্চক্ষুঃ সতো হ্যেষ রস ইতি। অথামূর্ত্ত প্রাণশ্চ যশ্চায়মন্তরাত্মন্যাকাশঃ। এতদমৃতমেতদ্‌যদেতত্ত্যং, তস্যৈতস্যামূর্ত্তস্যৈতস্যামৃতস্যৈতস্য ত্যস্য যত এতস্য ত্যস্যৈষ রসো যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তস্যৈষ রসঃ। লিঙ্গস্য হি করণাত্মকস্য হিরণ্যগর্ভস্য দক্ষিণমক্ষ্যধিষ্ঠানং শ্রুতেরধিগতম্। তদেবং ব্রহ্মণ ঔপাধিকয়োর্মূর্ত্তামূর্ত্তয়োরাধ্যাত্মিকাধিদৈবিকয়োঃ কার্য্যকারণভাবেন বিভাগো ব্যাখ্যাতঃ সত্ত্যদ্‌শব্দবাচ্যয়োঃ। অথেদানীং তস্য করণাত্মনঃ পুরুষস্য লিঙ্গস্য রূপং বক্তব্যম্। মূর্ত্তামূর্ত্তবাসনাবিজ্ঞানময়ং বিচিত্রং মায়ামহেন্দ্রজালোপমং তদ্বিচিত্রৈর্দৃষ্টান্তৈরাদর্শয়তি তদ্‌যথা "মাহারজনম্" ইত্যাদিনা। এতদুক্তং ভবতি। মূর্ত্তামূর্ত্তবাসনাবিজ্ঞানময়স্য বিচিত্রং রূপং লিঙ্গস্যেতি। তদেবং নিরবশেষং সবাসনং সত্যরূপমুক্ত্বা যত্তৎ সত্যস্য সত্যমুক্তং ব্রহ্ম তৎস্বরূপাবধারণার্থমিদমারভ্যতে। যতঃ সত্যস্য রূপং নিঃশেষমুক্তমতোঽবশিষ্টং সত্যস্য যৎ সত্যং তস্যানন্তরং তদুক্তিহেতুকং স্বরূপং বক্তব্যমিত্যাহ—"অথাত আদেশঃ"। কথম্। সত্যসত্যস্য পরমাত্মনস্তমাহ—"নেতি নেতি"। এতদর্থকথনার্থমিদমধিকরণম্। ননু কিমেতাবদেবাদেশ্যমুতেতঃ পরমন্যদপ্যস্তীত্যত আহ—"ন হ্যেতস্মাদ্‌ব্রহ্মণঃ" ইতি। নেত্যাদিষ্টাদন্যৎ পরমস্তি যদাদেশ্যং ভবেৎ।

তাহা প্রাণ বা লিঙ্গাত্মা।" এইরূপে শ্রুতি পরমাত্মার উপাধি আধ্যাত্মিক ও আধিদৈবিক মূর্ত্তামূর্ত্ত বিভাগ কথনপুরঃসর লিঙ্গাত্মার অর্থাৎ ইন্দ্রিয়াত্মার উপদেশ করিয়াছেন। অনন্তর তাঁহার রূপবর্ণনা করিয়াছেন। রূপবর্ণনকালে মাহারজনাদি দৃষ্টান্ত দিয়াছেন। যেমন মাহারজন বস্ত্র, যেমন পাণ্ডুবর্ণ আবিক বাস, যেমন ইন্দ্রগোপ, তিনিও তেমনি, ইত্যাদি। তাঁহার রূপ বাসনাময়; সুতরাং স্বাপ্নিক বা মায়িক; সেই জন্য তাঁহার স্বরূপ বিচিত্র। (মহারজন = হরিদ্রা, পাণ্ডু = শ্বেত। আবিক = পশম)। ফলিতার্থ এই যে, মূর্ত্তামূর্ত্ত পদার্থের সংস্কারীজাত বিজ্ঞান বিচিত্র, তাহাই আধিদৈবিক আধিভৌতিক ও লিঙ্গাত্মার, ইন্দ্রিয়ময় আত্মার, অথবা হিরণ্যগর্ভ নামক সূত্রাত্মার স্বরূপ। সর্ব্বশেষে বলিয়াছেন, "অতঃপর ঐ সকল কারণে আদেশ অর্থাৎ কথন বা বলা যায়, তাহা নহে—তাহা নহে। (ফলিতার্থ এই যে, যাহা বলা হইল, পরমার্থ পক্ষে তাহা ব্রহ্ম নহে; তাহা ব্রহ্মের উপাধিমাত্র।) যাহা প্রকৃত আদেশ্য, তাহা "তাহা নহে" "তাহা নহে" এই নিষেধের নিষেধ্য হইতে ভিন্ন, পর বা পরম ও অস্তিরূপ (সত্তাত্মক)। * [তত্র...দিমু] এখানে জিজ্ঞাসা এই যে, "না বা নহে" এই

এতদতিরিক্তও আছেন", সেই হেতু স্থির হয়, পরমার্থ কল্পে অন্য কিছু নাই এবং তাঁহার রূপাদিও পরমার্থকল্পে নাই। তিনি কেবল সদ্রূপ। (বিস্তৃত বিবরণ ভাষ্যানুবাদে পাইবেন)।

* শ্রুতি ব্রহ্ম বুঝাইবার উদ্দেশে প্রথমে মূর্ত্তামূর্ত্ত-বাসনা-বিজ্ঞানময় লিঙ্গাত্মার স্বরূপ বলিয়াছেন। পরে বলিয়াছেন, এ সকল সত্য। তৎপরে বলিয়াছেন, যাহা এই সত্যের সত্য, তাহা ব্রহ্ম।

প্রতিষেধস্য বিষয় ইতি জিজ্ঞাসামহে। ন হ্যত্রেদং তদিতি বিশেষিতং কিঞ্চিৎ প্রতিষেধ্যমুপলভ্যতে। ইতি-শব্দেন ত্বত্র প্রতিষেধ্যং কিমপি সমর্প্যতে—নেতি নেতীতি, ইতি-পরত্বান্নঞ্-প্রয়োগস্য। ইতি-শব্দশ্চায়ং সন্নিহিতালম্বন এবং-শব্দ সমানবৃত্তিঃ প্রযুজ্যমানো দৃশ্যতে 'ইতি হ স্মোপাধ্যায়ঃ কথয়তি' ইত্যেবমাদিষু। সন্নিহিতঞ্চাত্র প্রকরণসামর্থ্যাদ্ রূপদ্বয়ং সপ্রপঞ্চং ব্রহ্মণঃ। তচ্চ ব্রহ্ম, যস্য তে দ্বে রূপে। তত্র নঃ সংশয় উপজায়তে—কিময়ং প্রতিষেধো রূপে রূপবচ্চোভয়মপি প্রতিষেধতি ? আহোস্বিদেক-তরম্ ? যদাপ্যেকতরং, তদাপি কিং ব্রহ্ম প্রতিষেধতি, রূপে

তস্মাদেতাবদেবাদেশ্যং নাপরমস্তীত্যর্থঃ। অত্রৈবমর্থে নেতিনা যৎ সন্নিহিতং পরামৃষ্টং, তন্নিষিধ্যতে নঞা। সন্নিহিতঞ্চ মূর্ত্তামূর্ত্তসবাসনং রূপদ্বয়ম্। তদ-বচ্ছেদকত্বেন চ ব্রহ্ম। তত্রেদং বিচার্য্যতে। কিং রূপদ্বয়ং সবাসনং ব্রহ্ম চ সর্ব্বমেব চ প্রতিষিধ্যত, উত ব্রহ্মৈবাথ সবাসনং রূপদ্বয়ম্, ব্রহ্ম তু পরিশিষ্যত-ইতি। যদ্যপি তেষু তেষু বেদান্তপ্রদেশেষু ব্রহ্মস্বরূপং প্রতিপাদিতং, তদসদ্ভাব-জ্ঞানঞ্চ নিন্দিতমস্তীত্যেবোপলব্ধব্য ইতি চাস্য সত্ত্বমবধারিতং তথাপি সদ্বোধ-রূপং তদ্ব্রহ্ম সবাসনমূর্ত্তামূর্ত্তরূপসাধারণতয়া চ সামান্যং, তস্য চৈতে বিশেষা মূর্ত্তামূর্ত্তাদয়ঃ, ন চ তত্তদ্বিশেষনিষেধে সামান্যমবস্থাতুমর্হতি, নির্ব্বিশেষস্য

নিষেধের বিষয় বা নিষেধ্য কি ? শ্রুতি ঐ নিষেধবাক্যে কাহার নিষেধ করিয়া-ছেন ? সংশয় হইবার কারণ এই যে, ঐ স্থানে কোনরূপ নাম-নির্দ্দিষ্ট নিষেধ্যের উল্লেখ নাই। ইহা, তাহা বা অমুক এরূপ কোন কথা নাই। না থাকায় ঐ নিষেধের কোনরূপ নির্দ্দিষ্ট নিষেধ্য উপলব্ধ হয় না। কেবল ন+ইতি=নেতি—এইরূপে ঐ ন-কারের পর 'ইতি' শব্দ থাকায় সেই "ইতি" শব্দে সামান্যতঃ কোন এক অনির্দ্দিষ্ট নিষেধ্য সমর্পিত হয়, (প্রতীত) করায়। ইতি-শব্দ সন্নি-হিতবাচী। যেমন এবং-শব্দ, তেমনি ইতি-শব্দ। বেদেও এবং-শব্দের অর্থে ইতি-শব্দের প্রয়োগ দেখা যায়। যথা—"উপাধ্যায় ইতি অর্থাৎ এইরূপ বলিয়াছেন।" ইত্যাদি। [সন্নিহিতঞ্চাত্র...মতিঃ] অতএব, যাহা সন্নি-

---

এই বিচারটী সেই শ্রুত্যুক্ত সত্য-সত্য ব্রহ্মের স্বরূপ অবধারণার্থ অবতারিত। শ্রুতি যে নিখিল সত্যরূপ বলিয়া সত্য-সত্যের স্বরূপ বিজ্ঞাপনার্থ "নেতি" "নেতি" বলিয়াছেন, অর্থাৎ "না" "না" এই নিষেধবাচক শব্দ উচ্চারণ করিয়াছেন, তাহাতে সহসা সত্য-সত্যের স্বরূপ প্রতীত হয় না, প্রত্যুত নানাপ্রকার সংশয় আগমন করে। কেননা, প্রোক্ত নিষেধের নিষেধ্য ঐ স্থলে অভিহিত নাই। নিষেধ্যের অভিধান না থাকায় ব্রহ্মপর্য্যন্ত নিষেধ্যান্তর্গত হইবার সম্ভাবনা; সুতরাং প্রস্তাবের পূর্ব্বাপর পর্য্যালোচনাপূর্ব্বক বিচার পদ্ধতি অবলম্বন দ্বারা ঐ তত্ত্বের নির্ণয় করা আবশ্যক, সুতরাং বিচারারম্ভ নিরর্থক নহে।

পরিশিনষ্টি? আহোস্বিদ্রূপে প্রতিষেধতি, ব্রহ্ম পরিশিনষ্টি? ইতি। তত্র প্রকৃতত্বাবিশেষাদুভয়মপি প্রতিষেধতীত্যাশঙ্কামহে। দ্বৌ তৌ প্রতিষেধৌ, দ্বির্নেতি-শব্দপ্রয়োগাৎ। তয়োরেকেন সপ্রপঞ্চং ব্রহ্মণো রূপং প্রতিষিধ্যতে, অপরেণ রূপবদ্ব্রহ্মেতি ভবতি মতিঃ। অথবা ব্রহ্মৈব রূপবৎ প্রতিষিধ্যতে। তদ্ধি বাঙ্মনসাতীতত্বাদসম্ভাব্যমানসদ্ভাবং প্রতিষেধার্হং, ন তু রূপপ্রপঞ্চঃ প্রত্যক্ষাদিগোচরত্বাৎ প্রতিষেধার্হঃ। অভ্যাসস্ত্বাদরার্থঃ—ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ—

সামান্যস্যাযোগাৎ। যথাহুঃ—'নির্ব্বিশেষং ন সামান্যং ভবেচ্ছশবিষাণবৎ'। ইতি। তস্মাত্তদ্বিশেষনিষেধেঽপি তৎসামান্যস্য ব্রহ্মণোঽনবস্থানাৎ সর্ব্বস্যৈবাঽয়ং নিষেধঃ। অত এব ন হ্যেতস্মাদিতি নেত্যন্যৎপরমস্তীতি নিষেধাৎ পরং নাস্তীতি সর্ব্বনিষেধমেব তত্ত্বমাহ শ্রুতিঃ। অস্তীত্যেবোপলব্ধব্য ইতি চোপাসনাবিধানবন্নেয়ং, ন ত্বস্তিত্বমেবাস্য তত্ত্বম্। তৎপ্রশংসার্থঞ্চাসদ্ভাবজ্ঞাননিন্দা। যচ্চান্যত্র ব্রহ্মস্বরূপপ্রতিপাদনং তদপি মূর্ত্তামূর্ত্তরূপপ্রতিপাদনবন্নিষেধার্থমসন্নিহিতোঽপি চ তত্র নিষেধো যোগ্যত্বাৎ সম্বধ্যতে। যথাহুঃ—'যেন যস্যাভিসম্বন্ধো দূরস্থস্যাপি তেন সঃ' ইতি। তস্মাৎ সর্ব্বস্যৈবাঽবিশেষেণ নিষেধ ইতি প্রথমঃ পক্ষঃ। অথবা পৃথিব্যাদিপ্রপঞ্চস্য সমস্তস্য প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধত্বাদ্ ব্রহ্মণস্তু বাঙ্মনসাগোচরতয়া সকলপ্রমাণবিরহাৎ কতরস্যাস্তু নিষেধ ইতি বিশয়ে প্রপঞ্চপ্রতিষেধে সমস্তপ্রত্যক্ষাদিব্যাকোপপ্রসঙ্গাদ্ব্রহ্মপ্রতিষেধে ত্বব্যাকোপাদ্ব্রহ্মৈব প্রতিষেধেন সম্বধ্যতে যোগ্যত্বান্ন প্রপঞ্চস্তদ্বৈপরীত্যাৎ। বীপ্সা তু তদত্যন্তাভাবসূচনায়েতি মধ্যমঃ পক্ষঃ। তত্র প্রথমং পক্ষং নিরাকরোতি—

হিত—পূর্ব্বকথিত, তাহাই ইতি-শব্দের বোধ্য। সন্নিধানে অর্থাৎ পূর্ব্বে ব্রহ্মের রূপদ্বয় বর্ণিত আছে। তিনিই ব্রহ্ম, এইরূপদ্বয় যাঁহার, এইরূপে বর্ণিত আছে; সুতরাং সংশয় হয়। সংশয়ের আকার এই যে, ঐ নিষেধ কি রূপদ্বয় ও রূপদ্বয়যোগী ব্রহ্ম,—উভয়ের নিষেধক? অথবা একতরের নিষেধক? যদি একতরের নিষেধক হয়, তবে, তদ্দ্বারা কি ব্রহ্মেরই নিষেধ হইয়াছে? (ব্রহ্ম নাই বলা হইয়াছে?) না কেবল রূপদ্বয়ের নিষেধ হইয়াছে?' (ব্রহ্মের রূপ নাই বলা হইয়াছে?) প্রকৃতে বিশেষোক্তি না থাকায় অর্থাৎ প্রকরণে উভয়ের প্রস্তাব থাকায় উভয়েরই নিষেধাশঙ্কা হয়। অপিচ, দুই বার "নেতি" শব্দের প্রয়োগ থাকাতে মনে হয়, ঐ স্থলে দুইটী নিষেধ। একটীর দ্বারা ব্রহ্মগত প্রপঞ্চরূপের ও অন্যটীর দ্বারা রূপবদ্ব্রহ্মের নিষেধ হইয়াছে। [অথবা...প্রসঙ্গাৎ] অথবা যাঁহার মূর্ত্তামূর্ত্তরূপ বলা হইয়াছে, তাঁহারই—সেই ব্রহ্মেরই—নিষেধ হইয়াছে (ব্রহ্ম নাই বলা হইয়াছে)। তিনি বাক্য ও মনের অগোচর, সেই কারণে তাঁহার সদ্ভাব অর্থাৎ অস্তিত্ব অসম্ভাব্যমান। অতএব, নির্ব্বিশেষ ব্রহ্মই নিষেধের যোগ্য, সবিশেষ ব্রহ্ম নিষেধের যোগ্য নহে। রূপপ্রপঞ্চ প্রত্যক্ষ, সুতরাং তাহা নিষেধের অযোগ্য। (যাহা চক্ষে দেখা যায়,

ন তাবদুভয়প্রতিষেধ উপপদ্যতে, শূন্যবাদপ্রসঙ্গাৎ। কিঞ্চিদ্ধি পরমার্থমালম্ব্যাপরমার্থঃ প্রতিষিধ্যতে, যথা রজ্জ্বাদিষু সর্পাদয়ঃ। তচ্চ পরিশিষ্যমাণে কস্মিংশ্চিদ্ভাবেঽবকল্পতে। কৃৎস্নপ্রতিষেধে হি কোঽন্যো ভাবঃ পরিশিষ্যেত। অপরিশিষ্যমাণে চান্যস্মিন্ য ইতরঃ প্রতিষেদ্ধুমারভ্যতে, তস্য প্রতিষেদ্ধুমশক্যত্বাৎ তস্যৈব পরমার্থতাপত্তেঃ প্রতিষেধানুপপত্তিঃ। নাপি ব্রহ্মপ্রতিষেধ উপপদ্যতে, "ব্রহ্ম তে ব্রবাণি" ইত্যুপক্রমবিরোধাৎ। "অসন্নেব

"ন তাবদুভয়প্রতিষেধ উপপদ্যতে শূন্যবাদপ্রসাঙ্গাৎ" ইতি। অয়মভিসন্ধিঃ—উপাধয়ো হ্যস্য পৃথিব্যাদয়োঽবিদ্যাকল্পিতাঃ ন তু শোণ-কর্কাদয় ইব বিশেষা অশ্বত্বস্য। ন চোপাধিবিগমে উপহিতস্যাভাবোঽপ্রতীতির্ব্বা। ন হ্যুপাধীনাং দর্পণমণিকৃপাণাদীনামপগমে মুখস্যাভাবোঽপ্রতীতির্ব্বা। তস্মাদুপাধিনিষেধেঽপি নোপহিতস্য শশবিষাণায়মানতা অপ্রত্যয়ো বা। ন চ ইতীতি সন্নিধানাবিশেষাৎ সর্ব্বস্য প্রতিষেধ্যত্বমিতি যুক্তম্। ন হি ভাবমনুপাশ্রিত্য প্রতিষেধ উপপদ্যতে, কিঞ্চিদ্ধি কচিন্নিষিধ্যতে। ন হ্যনাশ্রয়ঃ প্রতিষেধঃ শক্যঃ প্রতিপত্তুম্। তদিদমুক্তম-পরিশিষ্যমাণে চান্যস্মিন্ য ইতরঃ প্রতিষেদ্ধুমারভ্যতে, তস্য প্রতিষেদ্ধুমশক্যত্বাৎ তস্যৈব পরমার্থত্বাপত্তেঃ প্রতিষেধানুপপত্তিঃ।

মধ্যমং পক্ষং প্রতিক্ষিপতি। নাপি ব্রহ্মনিষেধ উপপদ্যতে। যুক্তং যন্নৈসর্গিকাবিদ্যাপ্রাপ্তঃ প্রপঞ্চঃ প্রতিষিধ্যতে, প্রাপ্তিপূর্ব্বকত্বাৎ প্রতিষেধস্য। ব্রহ্ম তু নাবিদ্যাসিদ্ধং নাপি প্রমাণান্তরাৎ। তস্মাৎ শব্দেন প্রাপ্তং প্রতিষেধনীয়ম্। তথা চ যস্তস্য শব্দঃ প্রাপকঃ, স তৎপর ইতি স ব্রহ্মণি প্রমাণমিতি কথমস্য নিষেধোঽপি প্রমাণবান্। ন চ পর্য্যুদাসাধিকরণপূর্ব্বপক্ষন্যায়েন বিকল্পঃ, বস্তুনি সিদ্ধস্বভাবে তদনুপপত্তেঃ। ন চাবাঙ্মনসগোচরো বুদ্ধ্যাবালেখিতুং শক্যঃ। অশক্যশ্চ কথং নিষিধ্যতে। প্রপঞ্চস্ত্বনাদ্যবিদ্যাসিদ্ধো-ঽনূদ্য ব্রহ্মণি প্রতিষিধ্যত ইতি যুক্তম্। তদিমামনুপপত্তিমভিপ্রেত্যোক্তং "নাপি ব্রহ্মপ্রতিষেধ উপপদ্যতে" ইতি। হেত্বন্তরমাহ—"ব্রহ্ম তে ব্রবাণি" ইতি। "উপ-

---

তাহা নাই' বলা যায় না; সুতরাং তাহা নিষেধের যোগ্য নহে)। দুই বার নিষেধ অর্থাৎ নেতি-শব্দের উল্লেখ আছে সত্য; তাহার এক উল্লেখের আদরার্থতা ব্যতীত অন্য অর্থ নাই। অর্থাৎ ব্রহ্ম যখন বাক্য ও মনের অগোচর, তখন তাঁহাকে নাই বলাই শ্রেয়ঃ ও আদরণীয়, এই অভিপ্রায়ে ঐ দ্বিরুক্তি ন্যস্ত হইয়াছে। এই আশঙ্কার বা এই পূর্ব্বপক্ষের উপর বলা যায়, উভয়নিষেধ যুক্তিসিদ্ধ নহে। উভয়নিষেধে শূন্যবাদ আইসে।

[কিঞ্চিদ্ধি...প্রসঙ্গাচ্চ] যদ্রূপ রজ্জুপ্রভৃতিতে সর্পাদির নিষেধ, সেইরূপ, কোন এক পরমার্থসৎ আধার অবলম্বন করিয়া তাহাতে অপরমার্থের (মিথ্যার) নিষেধ হইয়া থাকে। নিষেধ সঙ্গত বা সাধু হইতে পারে, যদি কিছু অবশেষ থাকে। সর্ব্বনিষেধ হইলে কোনও বস্তু অবশিষ্ট থাকিবেক না। যদি

স ভবত্যসদ্ব্রহ্মেতি বেদ চেৎ" ইত্যাদিনিন্দাবিরোধাৎ, "অস্তীত্যেবোপলব্ধব্যঃ" ইত্যবধারণবিরোধাৎ, সর্ব্ববেদান্ত-ব্যাকোপপ্রসঙ্গাচ্চ। বাঙ্মনসাতীতত্বমপি ব্রহ্মণো নাভাবা-ভিপ্রায়েণাভিধীয়তে। ন হি মহতা পরিকরবন্ধেন "ব্রহ্মবিদা-প্নোতি পরং" "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যেবমাদিনা বেদা-ন্তেষু ব্রহ্ম প্রতিপাদ্য, তস্যৈব পুনরভাবোঽভিলপ্যেত, "প্রক্ষা-লনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরম্" ইতি ন্যায়াৎ। অতঃ প্রতি-পাদনপ্রক্রিয়া ত্বেষা "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা

ক্রমবিরোধাৎ" ইতি। উপক্রমপরামর্শোপসংহারপর্য্যালোচনয়া হি বেদান্তানাং সর্ব্বেষামেব ব্রহ্মপরত্বমুপপাদিতং প্রথমেঽধ্যায়ে। ন চাসত্যামাকাঙ্ক্ষায়াং দূরতর-স্থেন প্রতিষেধেনৈষাং সম্বন্ধঃ সম্ভবতি। যচ্চ বাঙ্মনসাতীততয়া ব্রহ্মণস্তৎপ্রতি-ষেধস্য ন প্রমাণান্তরবিরোধ ইতি। তত্রাহ—"বাঙ্মনসাতীতত্বমপি" ইতি। প্রতি-পাদয়ন্তি বেদান্তা মহতা প্রযত্নেন ব্রহ্ম। ন চ নিষেধায় তৎপ্রতিপাদনমনুপপত্তে-রিত্যুক্তমধস্তাৎ। ইদানীন্তু নিষ্প্রয়োজনমিত্যুক্তং, প্রক্ষালনাদ্ধি পঙ্কস্যেতি ন্যায়াৎ। তস্মাদ্বেদান্তবাচা মনসি সন্নিধানাদ্ ব্রহ্মণো বাঙ্মনসাতীতত্বং নাঞ্জসম্, অপি তু প্রতি-

---

অবশেষ না থাকে, কিছুই না থাকে, তাহা হইলে যাহাতে অন্যের নিষেধ অর্থাৎ যাহাতে "নাই" বলিবে, তাহাও নিষেধের অবিষয় হইবে। তাহা হইলে সর্ব্বনিষেধ সিদ্ধ হইবে না। কেননা, এক পরমার্থ সৎ থাকায় তাহার নিষেধ যুক্তিবহির্ভূত হয়। অপিচ, ব্রহ্মের নিষেধ বলিতে গেলে তাহা উপপন্ন হইবে না; কেননা, তাহা "তোমাকে ব্রহ্ম বলিব" এই উপক্রমের বা প্রতিজ্ঞার-বিরুদ্ধ এবং তাহা "সেও অসৎ হয়—যে ব্রহ্মকে অসৎ বলিয়া জানে।" ইত্যাদি বাক্যে যে, অসদ্ব্রহ্মবাদীর নিন্দা অভিহিত হইয়াছে, তদ্বিরুদ্ধও বটে। "অস্তি—আছেন, এইরূপে তিনি উপলব্ধব্য।" এই যে, অবধারণ অভিহিত হইয়াছে, ব্রহ্মনিষেধপক্ষ তাহারও বিরোধী। অধিক কি বলিব, ব্রহ্মের নিষেধ বলিতে গেলে সমুদায় বেদান্তের অবমাননা করা হইবে। (অতএব, লৌকিক প্রমাণপ্রাপ্ত দ্বৈতই উক্ত নিষেধের নিষেধ্য; বেদান্ত-প্রথিত অদ্বয় ব্রহ্ম নিষেধ্য নহে)। [বাঙ্মনসা...বেধতীতি। শ্রুতি তাঁহাকে বাক্যমনের অগোচর বলিয়াছেন সত্য; কিন্তু তাহাতে তাঁহার অভাব অর্থাৎ নাস্তিত্ব কথিত হয় নাই। অর্থাৎ ব্রহ্ম নাই, এ অভিপ্রায়ে বাক্যাদির অগোচর বলা হয় নাই। প্রমাণভূতা শ্রুতি মহা আড়ম্বরে "ব্রহ্মবিৎ ব্রহ্মপ্রাপ্ত হন" "ব্রহ্ম সত্যজ্ঞানানন্দ ও অনন্ত" ইত্যাদি ইত্যাদি বাক্যে ব্রহ্ম প্রতিপাদন করিয়া অবশেষে ব্রহ্ম নাই বলিবেন, ইহা সম্পূর্ণ অসম্ভব। ঐরূপ বলিবার প্রয়োজনও নাই। শরীরে পাক মাখিয়া তাহা ধৌত করা অপেক্ষা পাঁক না মাখাই

সহ” ইতি। এতদুক্তং ভবতি—বাঙ্মনসাতীতমবিষয়ান্তঃপাতি-প্রত্যগাত্মভূতং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং ব্রহ্মেতি। তস্মাৎ ব্রহ্মণো রূপপ্রপঞ্চং প্রতিষেধতি, পরিশিনষ্টি চ ব্রহ্মেত্যবগন্তব্যম্। তদেতদুচ্যতে—“প্রকৃতৈতাবত্ত্বং হি প্রতিষেধতি” ইতি।

প্রকৃতং যদেতাবত্ত্বং পরিচ্ছিন্নং মূর্ত্তামূর্ত্তলক্ষণং ব্রহ্মণো রূপং, তদেষ শব্দঃ প্রতিষেধতি। তদ্ধি প্রকৃতং প্রপঞ্চিতঞ্চ পূর্ব্বস্মিন্ গ্রন্থেঽধিদৈবতমধ্যাত্মঞ্চ। তজ্জনিতমেব চ বাসনালক্ষণমপরং রূপমমূর্ত্তরসভূতং পুরুষশব্দোদিতং লিঙ্গাত্মব্যপাশ্রয়ং মাহারজনাদ্যুপমাভির্দ্দর্শিতম্, অমূর্ত্তরসস্য চ পুরুষস্য চক্ষুর্গ্রাহ্যরূপ-

---

পাদনপ্রক্রিয়োপক্রম এষঃ। যথা গবাদয়ো বিষয়াঃ সাক্ষাচ্ছৃঙ্গগ্রাহিকয়া প্রতিপাদ্যন্তে প্রতীয়ন্তে চ, নৈবং ব্রহ্ম। যথাহুঃ—ভেদপ্রপঞ্চবিলয়দ্বারেণ চ নিরূপণমিতি।

নম্ন প্রকৃতপ্রতিষেধে ব্রহ্মণোঽপি কস্মান্ন প্রতিষেধ ইত্যত আহ—“তদ্ধি প্রকৃতং প্রপঞ্চিতঞ্চ” ইতি। প্রধানং প্রকৃতং, প্রপঞ্চশ্চ প্রধানং ন ব্রহ্ম। তস্য ষষ্ঠ্যন্ততয়া প্রপঞ্চাবচ্ছেদকত্বেনাপ্রধানত্বাদিত্যর্থঃ।

ভাল, ইহা সামান্য লৌকিক পুরুষেরাও বুঝে। “বাক্য ও মন যাঁহাকে না পাইয়া প্রতিনিবৃত্ত হয়, অর্থাৎ বাক্য যাঁহাকে বলিতে, কিংবা মন যাঁহাকে মনন করিতে পারে না”, এ শ্রুতি তাঁহার অভাব বলেন নাই; কিন্তু ব্রহ্ম প্রতিপাদনের প্রক্রিয়া বা প্রণালী মাত্র বলিয়াছেন। উহাতে ইহাই উক্ত হইয়াছে যে, ব্রহ্মরূপটী বাক্যমনের অতীত অর্থাৎ অবিষয়। প্রত্যগাত্মা অবিষয় ও নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত। বুঝিতে হইবে যে, ঐ নিষেধ—ঐ “নেতি নেতি” বাক্য—রূপপ্রপঞ্চের নিষেধ করিয়া ব্রহ্মকে পরিশেষিত করিয়াছেন। অর্থাৎ ব্রহ্মই আছেন, অন্য কিছু নাই, ইহা বলিয়াছেন। সূত্রকারও “প্রকৃতৈতাবত্ত্বং প্রতিষেধতি” এই অংশের দ্বারা ঐ কথাই বলিয়াছেন।

[প্রকৃতং...রূপত্বেঃ] যে এতাবত্ত্ব প্রস্তাবিত অর্থাৎ ব্রহ্মপ্রস্তাবে যে, ব্রহ্মের মূর্ত্তামূর্ত্তলক্ষণ পরিচ্ছিন্ন রূপ বর্ণিত হইয়াছে, ঐ “নেতি” শব্দে তাহারই নিষেধ হইয়াছে। অর্থাৎ তাহা পরমার্থকল্পে নাই, ইহাই ঐ শব্দে বলা হইয়াছে। যাহা প্রকৃত, তাহা পূর্ব্বে অধ্যাত্ম ও অধিদৈবতভেদে দ্বিভাগে প্রপঞ্চিত হইয়াছে। তজ্জনিত বাসনাত্মক অপর একটী রূপ—যাহা অমূর্ত্তরূপের রস অর্থাৎ সার, তাহা পুরুষ ও লিঙ্গাত্মা-শব্দে শব্দিত হইয়াছে এবং সেরূপটী মাহারজন অর্থাৎ হরিদ্রারক্ত বস্ত্র প্রভৃতি উপমান দ্বারা বুঝাইয়া দেওয়া হইয়াছে (শ্রুতিকর্ত্তৃক)। অমূর্ত্ত ভূতের সারস্বরূপ মূর্ত্ত-বাসনাময় হিরণ্যগর্ভের. চক্ষুর্গ্রাহ্য রূপ নাই বলিয়াই উপমান দ্বারা বুঝাইতে

যোগিত্বানুপপত্তেঃ। তদেতৎ সপ্রপঞ্চং ব্রহ্মণো রূপং সন্নিহিতালম্বনেনেতি-করণেন প্রতিষেধক-নঞং প্রত্যুপনীয়ত ইতি গম্যতে। ব্রহ্ম তু রূপবিশেষণত্বেন ষষ্ঠ্যা নির্দ্দিষ্টং পূর্ব্বস্মিন্ গ্রন্থে, ন স্বপ্রধানত্বেন। প্রপঞ্চিতে চ তদীয়ে রূপদ্বয়ে, রূপবতঃ স্বরূপজিজ্ঞাসায়ামিদমুপক্রান্তং "অথাত আদেশো নেতি নেতি" ইতি। তত্র কল্পিতরূপপ্রত্যাখ্যানেন ব্রহ্মণঃ স্বরূপাবেদনমিদমিতি নির্ণীয়তে। তদাস্পদং হীদং সমস্তং কার্য্যং নেতি নেতীতি প্রতিষিদ্ধম্। যুক্তঞ্চ কার্য্যস্য বাচারম্ভণশব্দাদিভ্যোঽসত্ত্বমিতি "নেতি নেতি" ইতি প্রতিষেধনং, ন তু ব্রহ্মণঃ, সর্ব্বকল্পনামূলত্বাৎ।

ন চাত্রেয়মাশঙ্কা কর্ত্তব্যা—কথং হি শাস্ত্রং স্বয়মেব ব্রহ্মণো রূপদ্বয়ং দর্শয়িত্বা স্বয়মেব পুনঃ প্রতিষেধতি "প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য

"ততোঽন্যদব্রবীতি" ইতি নেতি নেতীতি প্রতিষেধাদন্যদ্ভূয়ো ব্রবীতীতি, তন্নির্ব্বচনম্, "ন হ্যেতস্মাদিত্যস্য যদা ন হ্যেতস্মাদিতি নেতি নেত্যাদিষ্টাদ্‌ব্রহ্মণো-

---

হইয়াছে। [তদেতৎ...মূলত্বাৎ] এই সপ্রপঞ্চ ব্রহ্মরূপ ইতি-শব্দে উপস্থাপিত হইয়া নিষেধার্থক ন-কারে উপনীত অর্থাৎ নিষিদ্ধ হইয়াছে। পূর্ব্বগ্রন্থস্থ ব্রহ্ম-শব্দে ষষ্ঠী বিভক্তি থাকায় ব্রহ্ম বিশেষণভাবে অর্থাৎ অপ্রধানভাবে প্রদর্শিত হইয়াছেন। রূপদ্বয় (মূর্ত্তামূর্ত্ত) প্রপঞ্চিত হওয়ায়, রূপবানের অর্থাৎ যাঁহার সেই দুই রূপ—তাঁহার অর্থাৎ তদ্বিষয়ক জিজ্ঞাসা (জানিবার ইচ্ছা) স্বতই উৎপন্ন হয়, তৎপরিপূরণার্থ "অথাত আদেশো নেতি নেতি" এরূপে উপক্রম। ঐ উপক্রমবাক্যে ব্রহ্মের কল্পিত রূপ প্রত্যাখ্যান ও স্বরূপের বিজ্ঞাপন, এই দুই তত্ত্ব নির্ণীত হয়। এই যে-কিছু কার্য্য—যে-কিছু জন্মবান্ বস্তু—সমস্তই ব্রহ্মাশ্রিত। সেই কারণে এ সকল ব্রহ্মে নিষিদ্ধ। তাৎপর্য্য এই যে, অবিচারিত জ্ঞানে এ সকল ব্রহ্মাস্পদ, কিন্তু পরমার্থজ্ঞানে এ সকল মিথ্যা অর্থাৎ আদৌ অসত্য। কার্য্য (জন্যবস্তু) মাত্রেই বাক্যারব্ধ অর্থাৎ কথা মাত্র, বস্তুসৎ নহে, ইত্যাদি শাস্ত্র ও যুক্তির দ্বারা কার্য্যের মিথ্যাত্ব প্রসিদ্ধ আছে; সুতরাং তাহারই নিষেধ যুক্তিযুক্ত। ব্রহ্ম সমুদায় কল্পনার মূল; সুতরাং ব্রহ্ম নিষেধের অর্থাৎ ব্রহ্মকে নাই বলার উপায় নাই।

[ন চাত্রেয়...নিবর্ত্ততে] শাস্ত্র ব্রহ্মের রূপদ্বয় দেখাইয়া নিষেধ করিলেন কেন? কর্দ্দম মাখিয়া ধৌতকরণ অপেক্ষা কর্দ্দম না মাখাই-ত ভাল? এ আশঙ্কা কর্ত্তব্য নহে। তৎপ্রতি হেতু এই যে, শাস্ত্র ব্রহ্মের ঐ রূপদ্বয় প্রতিপাদ্যভাবে

দূরাদস্পর্শনং বরম্” ইতি। যতো নেদং শাস্ত্রং প্রতিপাদ্যত্বেন ব্রহ্মণো রূপদ্বয়ং নির্দ্দিশতি, লোকপ্রসিদ্ধন্তিদং রূপদ্বয়ং কল্পিতং পরামৃশতি প্রতিষেধ্যত্বায় শুদ্ধব্রহ্মস্বরূপপ্রতিপাদনায় চেতি নিরবদ্যম্। দ্বৌ চৈতৌ প্রতিষেধৌ যথাসঙ্খ্যন্যায়েন দ্বে অপি মূর্ত্তামূর্ত্তে প্রতিষেধতঃ। যদ্বা, পূর্ব্বঃ প্রতিষেধো ভূতরাশিং প্রতিষেধতি, উত্তরো বাসনারাশিম্। অথবা “নেতি নেতি” ইতি বীপ্সেয়মিতীতি যাবৎ কিঞ্চিদুৎপ্রেক্ষ্যতে, তৎ সর্ব্বং ন ভবতীতি তদর্থঃ। পরিগণিতপ্রতিষেধে হি ক্রিয়মাণে, যদি নৈতদ্ ব্রহ্ম, কিমন্যদ্ ব্রহ্ম ভবেদিতি জিজ্ঞাসা স্যাৎ, বীপ্সায়ান্তু সত্যাং সমস্তস্য বিষয়জাতস্য প্রতিষেধাদবিষয়ঃ প্রত্যগাত্মা ব্রহ্মেতি জিজ্ঞাসা নিবর্ত্ততে। তস্মাৎ প্রপঞ্চমেব ব্রহ্মণি কল্পিতং প্রতিষেধতি, পরিশিনষ্টি চ ব্রহ্মেতি নির্ণয়ঃ। ইতশ্চৈষ এব নির্ণয়ো যতঃ, ততঃ প্রতিষেধাদ্ভূয়ো ব্রবীতি—‘অন্যৎ পরমস্তি’ ইতি।

ন্যৎ পরমস্তীতি ব্যাখ্যানং, তদা প্রপঞ্চপ্রতিষেধাদন্যদ্ব্রহ্মৈব ব্রবীতীতি ব্যাখ্যেয়ম্।

উল্লেখ করেন নাই, বলেন নাই, লৌকিক প্রমাণ প্রাপ্ত অর্থাৎ বিচারিত জ্ঞানাভাষ-প্রযুক্ত কল্পিত তদ্দ্বয়ের অনুবাদ বা অনুসন্ধান মাত্র করিয়াছেন। ঐ মূর্ত্তামূর্ত্ত রূপদ্বয়ের পরামর্শ (অনুসন্ধান) ও নিষেধ্যতা কথন শুদ্ধ ব্রহ্মের স্বরূপ প্রতিপাদন উদ্দেশেই কৃত হইয়াছে। ঐ প্রতিষেধদ্বয় যথাসঙ্খ্য ন্যায়ে অর্থাৎ যথাক্রমে মূর্ত্তামূর্ত্ত রূপের প্রতিষেধ করে। অথবা প্রথম নিষেধে ভূতরাশির এবং দ্বিতীয় নিষেধে বাসনারাশির নিষেধ হইয়াছে। কিম্বা “নেতি” “নেতি” এই দ্বিরুক্ত প্রয়োগ বীপ্সা। বীপ্সা প্রয়োগের ফল বা উদ্দেশ্য এই যে, ব্রহ্মে যে কিছু উৎপ্রেক্ষিত হয় ও হইতে পারে, সে সমস্তই তাঁহাতে নাই। “ইহা নহে” এতাবৎমাত্র পরিগণিত নিষেধে জিজ্ঞাসা নিবৃত্তি হয় না অর্থাৎ ইহা ব্রহ্ম নহে, তবে কি অন্য কিছু ব্রহ্ম? এইরূপ জিজ্ঞাসা থাকিয়া যায়। আর বীপ্সা হইলে সমুদায় বিষয়ের ব্রহ্মত্ব নিষেধ হয়, তাহাতে অবিষয় প্রত্যগাত্মার ব্রহ্মতা নিশ্চিত হয়। নিশ্চয় জ্ঞান হইলেই জিজ্ঞাসা ও সংশয় থাকে না। [তস্মাৎ...ব্রূয়াৎ] প্রদর্শিত যুক্তিতে সিদ্ধান্ত লাভ হইতেছে, শ্রুতি ব্রহ্মের রূপপ্রপঞ্চ নিষেধ করিয়া কেবল ব্রহ্মকে অবশেষিত করিয়াছেন। অর্থাৎ ব্রহ্মই পরমার্থ সৎ বস্তু আছেন, আর সকল নাই বা মিথ্যা। অন্য হেতুতেও ঐ নির্ণয় লব্ধ হয়। সে হেতু এই—শ্রুতি ঐ প্রতিষেধের পর অর্থাৎ “ইহা নহে ইহা নহে” এইরূপ নিষেধ করিয়া বলিয়াছেন “যাবৎ নিষেধ্য ভিন্ন পরমাত্মা আছেন।” সমুদায় নিষেধযোগ্যের

অভাবাবসানে হি প্রতিষেধে ক্রিয়মাণে কিমন্যৎ পরমস্তীতি ব্রূয়াৎ।

তত্রৈষাক্ষরযোজনা—নেতি নেতীতি ব্রহ্মাদিশ্য তমেবাদেশং পুনর্নির্ব্বক্তি। নেতি নেতীত্যস্য কোঽর্থঃ? ন হ্যেতস্মাৎ ব্রহ্মণো ব্যতিরিক্তমস্তীতি, অতো নেতি নেতীত্যুচ্যতে, ন পুনঃ স্বয়মেব নাস্তীত্যর্থঃ। তচ্চ দর্শয়তি 'অন্যৎ পরমপ্রতিষিদ্ধং ব্রহ্মাস্তি' ইতি। যদা পুনরেবমক্ষরাণি যোজ্যন্তে—ন হ্যেতস্মাদিতি নেতি নেতি প্রপঞ্চপ্রতিষেধরূপাদেশনাদন্যৎ পরমাদেশনং ন ব্রহ্মণোঽস্তীতি, তদা "ততো ব্রবীতি চ ভূয়ঃ" ইত্যেতন্নামধেয়বিষয়ং যোজয়িতব্যম্। "অথ নামধেয়ং সত্যস্য সত্যমিতি, প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্" ইতি হি ব্রবীতি ইতি। তচ্চ ব্রহ্মাবসানে প্রতিষেধে সমঞ্জ-

---

যদা তু ন হ্যেতস্মাদিতি সর্ব্বনাম্না প্রতিষেধো ব্রহ্মণ আদেশঃ পরামৃশ্যতে, তদাপি প্রপঞ্চপ্রতিষেধমাত্রং ন প্রতিপত্তব্যম্, অপি তু তেন প্রতিষেধেন ভাবরূপং ব্রহ্মোপলক্ষ্যতে। কস্মাদিত্যত আহ—"ততো ব্রবীতি চ ভূয়ঃ" ইতি। যস্মাৎ প্রতিষেধস্য পরস্তাদপি ব্রবীতি, অথ ব্রহ্মণো নামধেয়ং—নাম সত্যস্য সত্যমিতি, তদ্ব্যাচষ্টে শ্রুতিঃ "প্রাণা বৈ সত্যম্" ইতি। মাহারজনাদ্যুপমিতং লিঙ্গমুপলক্ষয়তি। তৎ খলু সত্যমিতরাপেক্ষয়া, তস্যাপি পরং সত্যং ব্রহ্ম। তদেবং যতঃ প্রতিষেধস্য

নিষেধ হইলে যাহা অবশিষ্ট থাকে, তাহাই ব্রহ্ম অর্থাৎ যাহা নিষেধের অযোগ্য, অথচ যাহা নিষেধসীমা, তাহাই ব্রহ্ম। নিষেধ করিতে করিতে যদি কিছু না থাকে, যদি সর্ব্বাভাবই অভিপ্রেত হয়, তবে, শ্রুতি "পরমস্তি" শব্দে কাহাকে বলিলেন?

[তত্রৈষা…ইতি] এই ব্যাখ্যা অনুসারে সূত্রস্থ পদের অর্থ এইরূপ—শ্রুতি নেতি নেতি—ব্রহ্ম এরূপ সেরূপ নহে, এইরূপে ব্রহ্মোপদেশ করিয়া পুনর্ব্বার তাঁহাকে বুঝাইবার নিমিত্ত বলিয়াছেন—নেতি নেতি—এরূপ নহে। এরূপ নহে, এ কথার অর্থ কি? অর্থ এই যে, ব্রহ্মব্যতিরিক্ত বা ব্রহ্মভিন্ন অন্য কিছু নাই; সুতরাং নেতি নেতি বলা হইল। ঐ কথার, নেতি নেতি কথার, এমন অর্থ হয় না যে, তিনি স্বয়ং নাস্তি। তাহা বা সেই তাৎপর্য্যই ঐ বাক্যে দর্শিত হইয়াছে। অর্থাৎ "অনিষিদ্ধ—নিষেধের অযোগ্য ব্রহ্ম আছেন।" [যদা… স্যামঃ] এরূপ যোজনাও (সূত্রার্থ) করিতে পার। যথা—নেতি নেতি এই প্রপঞ্চনিষেধাত্মক উপদেশ ব্যতীত পর অর্থাৎ উৎকৃষ্ট উপদেশ (ব্রহ্মবিষয়ক) আর নাই। এই ব্যাখ্যায় "ততো ব্রবীতি চ ভূয়ঃ" এই সূত্রশেষকে নাম-কথন অর্থে যোজনা করিতে হইবে। অর্থাৎ সেই জন্যই শ্রুতি তাঁহার তদর্থবোধক

সম্ভবতি। অভাবাবসানে তু প্রতিষেধে কিং সত্যস্য সত্যমিত্যুচ্যেত। তস্মাদ্ ব্রহ্মাবসানোঽয়ং প্রতিষেধো নাভাবাবসান ইত্যধ্যবস্যামঃ ॥ ৩। ২। ২২ ॥

তদব্যক্তমাহ হি ॥ ৩। ২। ২৩ ॥*

যৎ প্রতিষিদ্ধাৎ প্রপঞ্চজাতাদন্যৎ পরং ব্রহ্ম, তদস্তি চেৎ কস্মাৎ ন গৃহ্যত ইতি। উচ্যতে—তদব্যক্তমনিন্দ্রিয়গ্রাহ্যং, সর্ব্বদৃশ্যসাক্ষিত্বাৎ। আহ হ্যেবং শ্রুতিঃ "ন চক্ষুষা গৃহ্যতে, নাপি বাচা নান্যৈর্দ্দেবৈস্তপসা কর্ম্মণা বা। স এষ নেতি নেত্যাত্মা, অগৃহ্যো ন হি গৃহ্যতে।" "যত্তদদ্রেশ্যমগ্রাহ্যম্।"

পরস্তাদ্‌ব্রবীতি, তস্মান্ন প্রপঞ্চপ্রতিষেধমাত্রং ব্রহ্ম, অপি তু ভাবরূপমিতি। তদেবং পূর্ব্বস্মিন্ ব্যাখ্যানে নির্ব্বচনং ব্রবীতীতি ব্যাখ্যাতম্, অস্মিংস্তু সত্যস্য সত্যমিতি ব্রবীতীতি ব্যাখ্যেয়ম্। শেষমতিরোহিতার্থম্ ॥ ৩। ২। ২২ ॥

[রত্নপ্রভা। অগ্রাহ্যত্বাৎ ব্রহ্ম নাস্তীতি শঙ্কানিরাসার্থং সূত্রং ব্যাচষ্টে—যৎ-

---

নামসমূহ বলিয়াছেন। তদ্‌যথা—"ব্রহ্ম সত্যের সত্য, প্রাণই সত্য (প্রাণ = ব্রহ্ম), তত্ত্বাবস্তের মধ্যে ব্রহ্মই সত্য" ইত্যাদি। নিষেধপক্ষ যদি ব্রহ্মে অবসান প্রাপ্ত হয়, তবেই ঐ নামকথন সঙ্গত হয়। সর্ব্বনিষেধে বা অভাববাদে উহা সঙ্গত হয় না। যে নিষেধের চরমে অভাব, সে নিষেধ অভিপ্রেত হইলে "সত্যের সত্য" বলিবেন কেন? অতএব, বুঝিতে হইবে, ঐ নিষেধ ব্রহ্মাবসান, অভাবাবসান নহে ॥ ৩। ২। ২২ ॥

বলা হইল, নিষিধ্যমান প্রপঞ্চের অতিরিক্ত ব্রহ্ম আছেন। যদি থাকেন, ত গৃহীত হন না কেন? জ্ঞান-বিষয় না হন কেন? তাহা বলিতেছি। তিনি অব্যক্ত অর্থাৎ অনিন্দ্রিয়গ্রাহ্য, (ইন্দ্রিয়গ্রাহ্য নহেন, কিন্তু ইন্দ্রিয়াতিরিক্ত প্রমাণ-গ্রাহ্য। সে প্রমাণ ধ্যান-ধারণা-সমাধি-সংস্কৃত-মানস জ্ঞানবিশেষ।) তৎপ্রতি হেতু এই যে, তিনি নিখিল দৃশ্যের সাক্ষী অর্থাৎ দ্রষ্টা (প্রকাশক)। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"চক্ষুঃ তাঁহাকে গ্রহণ করে না, অন্যান্য ইন্দ্রিয়ও তাঁহাকে গ্রহণ করে না। তপস্যার ও কর্ম্মের দ্বারাও তিনি বিজ্ঞাত হন না।" "আত্মা

---

* তৎ ব্রহ্ম অব্যক্তং রূপাদ্যভাবাৎ ইন্দ্রিয়াগ্রাহ্যং, ন তু অসত্ত্বাদিতি ভাবঃ। হি আহ ব্রবীতি ব্রহ্মণ ইন্দ্রিয়াগ্রাহ্যতাং শ্রুতিরিতি শেষঃ।

প্রতিষেধ-যোগ্যেরই প্রতিষেধ হয়, এই দৃশ্য প্রপঞ্চ সমুদায়ই প্রতিষেধ্য, যদি এতদতিরিক্ত ব্রহ্ম থাকেন, তবে দৃষ্ট হন না কেন? তাহা বলিতেছি। তিনি অব্যক্ত অর্থাৎ ইন্দ্রিয়গণের অগম্য; সেই জন্যই তিনি ইন্দ্রিয়পথে ব্যক্ত হন না।

"যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নে" ইত্যাদ্যা। স্মৃতিরপি "অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে" ইত্যেবমাদ্যা ॥ ৩ । ২ । ২৩ ॥

অপি সংরাধনে প্রত্যক্ষানুমানাভ্যাম্ ॥ ৩ । ২ । ২৪ ॥*

অপি চ, এনমাত্মানং নিরস্তসমস্তপ্রপঞ্চমব্যক্তং সংরাধনকালে পশ্যন্তি যোগিনঃ। সংরাধনং ভক্তিধ্যানপ্রণিধানাদ্যনুষ্ঠানম্। কথং পুনরবগম্যতে সংরাধনকালে পশ্যন্তীতি ? প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতিস্মৃতিভ্যামিত্যর্থঃ। তথাহি শ্রুতিঃ—

প্রতিষিদ্ধাদিতি। রূপাদ্যভাবাদব্যক্তমিন্দ্রিয়াগ্রাহ্যং, ন ত্বসত্ত্বাদিত্যর্থঃ। অন্যৈর্দেবৈরিন্দ্রিয়ান্তরৈর্ন গৃহ্যত ইত্যন্বয়ঃ। ইতি রত্নপ্রভা ॥ ৩ । ২ । ২৩ ॥]

[রত্নপ্রভা। তর্হি কদা গ্রাহ্যমিতি শঙ্কোত্তরং সূত্রং ব্যাখ্যাতি—অপি চৈনমিতি। চন্বর্থঃ, ইন্দ্রিয়ৈর্ন গৃহ্যতে, অপি তু সংরাধনেন শাস্ত্রসংস্কৃতমনসেত্যর্থঃ। ভক্তিধ্যানাভ্যাং প্রত্যগাত্মনশ্চিত্তে প্রকর্ষেণ নিধানং স্থাপনং প্রণিধানং। জপনমস্কারাদিরাদিশব্দার্থঃ। স্বয়ম্ভূরীশ্বরঃ। খানীন্দ্রিয়াণি। পরাঞ্চি অনাত্মগ্রাহকাণি কৃত্বা ব্যতৃণৎ নাশিতবান্। স হি তেষাং নাশো যদসমর্থগ্রাহিতয়া সর্জ্জনং, তস্মাৎ

এরূপ নহে সেরূপ নহে।" "যেহেতু আত্মা ইন্দ্রিয়াদির দ্বারা গৃহীত হন না, সেই হেতু তিনি অগৃহ্য অর্থাৎ গ্রহণীয় নহেন", "তাহা অদৃশ্য ও অগ্রহণীয়।" "যখন এই সুপ্রসিদ্ধ, অদৃশ্য, অনাত্ম্য ও নির্ব্বচনের অযোগ্য আত্মা—ইত্যাদি। ইহার অনুরূপ স্মৃতি ঐ কথাই বলিয়াছেন। যথা—"তত্ত্বজ্ঞকর্ত্তৃক কথিত হইয়াছে, ইনি অব্যক্ত, চিন্তার অপ্রাপ্য এবং অবিকার্য্য।" ইত্যাদি ॥ ৩।২।২৩ ॥

যোগীরাই সংরাধনকালে (আরাধনার সময়) এই অব্যক্ত ও নিষ্প্রপঞ্চ আত্মাকে জ্ঞানচক্ষে দর্শন করেন। চিত্ত ভক্তি ও ধ্যান দ্বারা বিনষ্টরাগ হইলে তাহাতে প্রকৃষ্টরূপে ব্রহ্মভাব স্থাপন করার নাম প্রণিধান। এই ভক্তি-ধ্যান-প্রণিধান ও নামজপ প্রভৃতি শাস্ত্রোক্ত অনুষ্ঠানে রত থাকার নাম 'সংরাধন' বা আরাধনা। যদি বল, যোগীরা যে, আরাধনা কালে তাঁহাকে দেখিতে পান, তাহা তোমরা কিসে জানিলে ? ইহার প্রত্যুত্তরে বলা যায়, শ্রুতিপ্রমাণে ও স্মৃতিপ্রমাণে জানিয়াছি। শ্রুতিপ্রমাণ যথা—

* সংরাধনমারাধনমিত্যনর্থান্তরম্। আরাধনকালে এনমাত্মানং পশ্যন্তি যোগিন ইতি পূরণীয়ম্। স আত্মা ভক্তিধ্যানপ্রণিধানাদ্যনুষ্ঠানসংস্কৃতমনসৈব গৃহ্যতে, ন ত্বিন্দ্রিয়ৈঃ। এতচ্চ প্রত্যক্ষানুমানাভ্যাং বিজ্ঞায়তে। প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতিস্মৃতিভ্যাম্।

এই নিষ্প্রপঞ্চ আত্মা ইন্দ্রিয়ের দ্বারা গৃহীত অর্থাৎ বিজ্ঞাত হন না। শ্রুতির ও স্মৃতির দ্বারা জানা যায় যে, ইনি আরাধনাকালে আরাধকের ভক্তিপবিত্র চিত্তে বিজ্ঞাত অর্থাৎ প্রকাশিত হন।

"পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূ-
স্তস্মাৎ পরাঙ্ পশ্যতি নান্তরাত্মন্।
কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষ-
দাবৃত্তচক্ষুরমৃতত্বমিচ্ছন্॥" ইতি।
"জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্বঃ,
ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ।"
ইতি চৈবমাদ্যা। স্মৃতিরপি—
"যং বিনিদ্রা জিতশ্বাসাঃ সন্তুষ্টাঃ সংযতেন্দ্রিয়াঃ।
জ্যোতিঃ পশ্যন্তি যুঞ্জানাস্তস্মৈ যোগাত্মনে নমঃ॥
যোগিনস্তং প্রপশ্যন্তি ভগবন্তং সনাতনম্॥"
ইতি চৈবমাদ্যা॥ ৩। ২। ২৪॥

ননু সংরাধ্যসংরাধকভাবাভ্যুপগমাৎ পরাপরাত্মনোরন্যত্বং স্যাদিতি। নেত্যুচ্যতে—

তেষাং তথাসৃষ্টত্বাৎ সর্ব্বো লোকঃ পরাগর্থমেব পশ্যতি, নান্তরাত্মানম্। কশ্চিত্তু ধীরো ধীমানাবৃত্তচক্ষুর্নিরুদ্ধেন্দ্রিয়ঃ শুদ্ধে চেতসি প্রত্যগাত্মানং শাস্ত্রেণ পশ্যতি মোক্ষার্থীত্যর্থঃ। ততঃ কর্ম্মণা বিশুদ্ধচিত্তো জ্ঞানাখ্যসত্ত্বোৎকর্ষেণ ধ্যায়ংস্তং নিষ্কলং পশ্যতীত্যর্থঃ। বিনিদ্রা বিতমস্কাঃ। তত্র হেতুর্জ্জিতশ্বাসত্বং প্রাণায়ামনিষ্ঠত্বম্। যুঞ্জানা ধ্যায়িনঃ। যোগলভ্য আত্মা যোগাত্মা॥ ইতি রত্নপ্রভা॥ ৩।২।২৪॥]

"স্বয়ম্ভূ অর্থাৎ পরমেশ্বর ইন্দ্রিয়দিগকে পরাগ্দর্শী অর্থাৎ অনাত্মদর্শী করিয়া নিগৃহীত করিয়াছেন। সেই কারণে তাহারা (ইন্দ্রিয়েরা) অনাত্ম (বাহ্য)বস্তুই দেখে, অন্তরাত্মাকে দেখিতে পায় না। সেই জন্য, কোন কোন ধীর (মোক্ষার্থী) তাঁহাকে ইন্দ্রিয়নিরোধপূর্ব্বক কেবলমাত্র জ্ঞানধ্যানাদি-সংস্কৃত চিত্তে শাস্ত্রবাক্যাবলম্বনে দেখিতে পান।" "কামনা বর্জ্জনপুরঃসর কর্ম্মানুষ্ঠান করিতে করিতে যে সত্ত্বশুদ্ধি হয়, (বুদ্ধি নির্ম্মলা হয়), তাহার অন্য নাম জ্ঞানপ্রসাদ (জ্ঞান প্রসন্ন অর্থাৎ নির্ম্মল হওয়ার নাম জ্ঞানপ্রসাদ)। যোগী জ্ঞানপ্রসাদবিশিষ্ট অর্থাৎ জ্ঞানাখ্য সত্ত্বোৎকর্ষ-বিশিষ্ট ও ধ্যানরত হইয়া সেই নিষ্কল (নিরাকার) পুরুষকে দর্শন করেন।" ইত্যাদি। স্মৃতিপ্রমাণ যথা—"শ্বাসজয়ী অর্থাৎ প্রাণায়াম-তৎপর তমোগুণবর্জ্জিত, সুতরাং সন্তুষ্ট ও সংযতেন্দ্রিয় যোগীরা ধ্যানযোগে যে জ্যোতিঃ দর্শন করেন, সেই যোগলভ্য জ্যোতির (আত্মার) উদ্দেশে আমার নমস্কার।" "যোগীরাই সেই সনাতন ভগবান্কে অর্থাৎ ষড়ৈশ্বর্য্যশালী পরমেশ্বরকে দেখিতে পান।" ইত্যাদি॥ ৩। ২। ২৪॥

এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, আরাধ্য-আরাধকভাব (সেব্যসেবক-ভাব) স্বীকার করিতে গেলে জীবপরমাত্মার ভেদ স্বীকার করিতে হয় কি-না। সূত্রকার তদুত্তরার্থ বলিতেছেন যে, না, হয় না——

প্রকাশাদিবচ্চাবৈশেষ্যং প্রকাশশ্চ কর্ম্মণ্যভ্যাসাৎ ॥ ৩ । ২ । ২৫ ॥*

যথা প্রকাশাকাশসবিতৃপ্রভৃতয়োঽঙ্গুলিকরকোদকপ্রভৃতিষু কর্ম্মসূপাধিভূতেষু সবিশেষা ইবাবভাসন্তে, ন চ স্বাভাবিকীমবিশেষাত্মতাং জহতি, এবমুপাধিনিমিত্ত এবায়মাত্মভেদঃ, স্বতস্ত্বৈকাত্ম্যমেব। তথা হি বেদান্তেষ্বভ্যাসেনাসকৃজ্জীবপ্রাজ্ঞয়োরভেদঃ প্রতিপাদ্যতে ॥ ৩ । ২ । ২৫ ॥

অতোঽনন্তেন তথা হি লিঙ্গম্ ॥ ৩ । ২ । ২৬ ॥*

অতশ্চ স্বাভাবিকত্বাদভেদস্যাবিদ্যাকৃতত্বাচ্চ ভেদস্য

[রত্নপ্রভা। যথা প্রকাশাদয় উপাধিষু ভিদ্যন্তে, ন স্বতঃ, এবং প্রকাশশ্চিদাত্মাপি ধ্যানাদিকর্ম্মণ্যুপাধৌ ভিদ্যতে, স্বতস্ত্বস্যাবৈশেষ্যমেকরসত্বমেব তত্ত্বমসীত্যভ্যাসাদিতি সূত্রযোজনা ॥ ইতি রত্নপ্রভা ॥ ৩ । ২ । ২৫ ॥]

যেমন প্রকাশস্বভাব সৌর কিরণ প্রভৃতি অঙ্গুলি, করক (বর্ষোপল) ও সে সকলের প্রচলনাদিক্রিয়ারূপ উপাধিতে সবিশেষের ন্যায় (সবিশেষ = বিভিন্নাকার) দৃষ্ট হয়, তাহাতে সূর্য্যাদির স্বাভাবিক একরূপতা পরিত্যক্ত হয় না; সেইরূপ, এই আত্মাও উপাধি অনুসারে সেই সেইরূপে পরিদৃষ্ট হন। কিন্তু আত্মার একতাই স্বাভাবিক অর্থাৎ স্বতঃসিদ্ধ। আত্মার সেই স্বাভাবিক ঐকাত্ম্য প্রদর্শনার্থ বেদান্তে অভ্যাস-(অভ্যাস = পুনঃ পুনঃ কথন)-বাক্যে (তত্ত্বমসি প্রভৃতি বাক্যে) জীবাত্ম-পরমাত্মার অভেদ প্রতিপাদিত হইয়াছে ॥৩।২।২৫॥

অভেদের স্বাভাবিকতা ও ভেদের আবিদ্যকতা আছে বলিয়াই জীব বিদ্যার দ্বারা অবিদ্যার নিবারণ করিতে পারে এবং অবিদ্যা নিবারিত হইলেই

* যথা প্রকাশাদয় উপাধিষু ভিদ্যন্তে, ন স্বতঃ, এবং প্রকাশশ্চিদাত্মাঽপি ধ্যানাদিকর্ম্মণ্যুপাধৌ ভিদ্যতে ন স্বতঃ। অস্য চাবৈশেষ্যং একরসত্বমভ্যাসাৎ তত্ত্বমস্যাদিশাস্ত্রান্নিশ্চীয়তে ইতি যোজনা।

আরাধ্য-আরাধকভাব মান্য করিলেই যে, জীবপরমাত্মার বাস্তব ভেদ স্বীকৃত হয়, তাহা হয় না। প্রকাশ অর্থাৎ আলোক যেমন উপাধিভেদে ভিন্নপ্রায় হয়, প্রকাশস্বভাব চিদাত্মাও সেইরূপ চিত্তোপাধির দ্বারা ভিন্নপ্রায় অর্থাৎ উপাস্য-উপাসকভাব প্রাপ্তের ন্যায় হন। বস্তুতঃ তিনি অবিশেষ অর্থাৎ একরস। তাঁহার একরসত্ব "তত্ত্বমসি" শাস্ত্রের অভ্যাস অর্থাৎ বার বার কথন দ্বারা জ্ঞাত হওয়া গিয়াছে ॥

* অত ইতি। ভেদস্যাবিদ্যকত্বাদভেদস্য স্বাভাবিকত্বাদিত্যর্থঃ। জীবোঽ-নন্তেন ব্যাপিনা পরমাত্মনৈক্যং গচ্ছতীতি পূরণীয়ম্। লিঙ্গং জ্ঞাপকং ব্রহ্মাত্মত্বফলশ্রুতিরূপম্।

যেহেতু ভেদ আবিদ্যক—অবিদ্যাকৃত এবং অভেদ স্বাভাবিক, সেই হেতু জীব অবিদ্যাবিনাশের পর অপরিচ্ছিন্ন পরমাত্মায় একত্ব প্রাপ্ত হয়। এ বিষয়ে লিঙ্গ অর্থাৎ তত্ত্ববোধক শ্রুতিবাক্য আছে। (অভিপ্রায় এই যে, জ্ঞানের ব্রহ্মাত্মভাবপ্রাপ্তি রূপ ফল শুনা যায়, তাহাতে ভেদের ঔপাধিকত্ব ও অভেদের স্বাভাবিকত্ব অনুমিত হইতে পারে)।

বিদ্যয়াঽবিদ্যাং বিধূয় জীবঃ পরেণানন্তেন প্রাজ্ঞেনাত্মনৈকতাং গচ্ছতি। তথা হি লিঙ্গং "স যো হ বৈতৎ পরমং ব্রহ্ম বেদ, ব্রহ্মৈব ভবতি। ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইত্যাদি ॥৩।২।২৬॥

উভয়ব্যপদেশাৎ ত্বহিকুণ্ডলবৎ ॥ ৩ । ২ । ২৭ ॥

তস্মিন্নেব সংরাধ্য-সংরাধকভাবে মতান্তরমুপন্যস্যতি স্বমত-বিশুদ্ধয়ে। কচিজ্জীবপ্রাজ্ঞয়োর্ভেদো ব্যপদিশ্যতে "ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ" ইতি ধ্যাতৃধ্যাতব্যত্বেন দ্রষ্টৃ-দ্রষ্টব্যত্বেন, "পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যং" ইতি গন্তৃ গন্তব্যত্বেন, "যঃ সর্ব্বাণি ভূতান্যন্তরো যময়তি" ইতি নিয়ন্তৃ-

---

[রত্নপ্রভা। জীবস্য ব্রহ্মাত্মত্বফলশ্রুতিরূপলিঙ্গাদপি ভেদ ঔপাধিক এবেত্যাহ সূত্রকারঃ। অতোঽনন্তেনেতি। ইতি রত্নপ্রভা ॥ ৩ । ২ । ২৬ ॥]

অনেনাহিরূপেণাভেদঃ কুণ্ডলাদিরূপেণ তু ভেদ ইত্যুক্তং, তেন বিষয়ভেদা-দ্ভেদাভেদয়োরবিরোধ ইত্যেকবিষয়ত্বেন বা সর্ব্বদোপলব্ধেরবিরোধঃ। বিরুদ্ধ-

---

সে অপরিমিত পরমাত্মার সহিত এক হয়। ইহার নিদর্শন অর্থাৎ অনুমাপক শাস্ত্র এই—"যে এই পরব্রহ্মকে জানে, সে পরব্রহ্ম হয়।" "উপাসক জীব পূর্ব্বেও ব্রহ্ম ছিলেন, এখনও ব্রহ্ম জানিয়া ব্রহ্ম হইলেন।" ইত্যাদি। (ব্রহ্মভাব অজ্ঞাত ছিল, জ্ঞান হওয়ায় সে অজ্ঞতা নিবারিত হইল, সুতরাং সে এখন পূর্ণতা প্রাপ্ত হইল) ॥ ৩ । ২ । ২৬ ॥

স্বমত পরিশোধনার্থ উল্লিখিত আরাধ্য-আরাধকভাব-বিষয়ে অন্য এক মত উত্থাপিত হইতেছে। কোন শ্রুতিতে জীব-পরমাত্মার ভিন্নতা-কথন আছে। যথা—"ধ্যানকারী সেই নিষ্কল পরমাত্মাকে দেখিতে পায়।" এই শ্রুতিতে ধ্যানকর্ত্তার ও ধ্যাতব্য পরমাত্মার পৃথক্ ব্যপদেশ দেখা যায়, এবং ঐ শ্রুতি দ্রষ্টৃ-দ্রষ্টব্যভাবেও জীবপরমাত্মার ভেদ বলিতেছেন। আবার অপর এক শ্রুতি প্রাপ্যপ্রাপকভাব এবং অন্য শ্রুতি নিয়ম্য-নিয়ামকভাব দেখাইয়া তদুভয়ের ভিন্নতা বলিয়াছেন। তদ্‌যথা—"উপাসক সেই দিব্য পরাৎপর পুরুষকে প্রাপ্ত হন। "যিনি অন্তরে অবস্থান করতঃ সমুদায় ভূতকে অর্থাৎ প্রাণিসমূহকে নিয়মিতরূপে পরিচালিত করিতেছেন, অথবা নিয়মের অধীন

---

* উভয়ব্যপদেশাদ্ধেতোঃ অহিকুণ্ডলিন্যায়েন সিদ্ধান্তয়িতব্যঃ। যথা সর্পত্বেনাভেদঃ, কুণ্ডলাখ্যস্য সর্পাবস্থাবিশেষস্য কুণ্ডলিত্বেন ভেদঃ, এবং জীবাখ্যব্রহ্মত্বেনাভেদো জীবত্বেন চ ভেদ ইতি সূত্রতাৎপর্য্যম্।

যেহেতু ভিন্ন ও অভিন্ন এই দ্বিবিধ উপদেশ দৃষ্ট হয়, সেই হেতু অহিকুণ্ডলের অনুরূপ সিদ্ধান্ত করা কর্ত্তব্য। অর্থাৎ সর্পভাব গ্রহণে অভেদ, কিন্তু তাহারই কুণ্ডলাকারাদি অবস্থা ভেদ অনুসারে ভিন্নত্ব। (কুণ্ডল—বলয়াকার অবস্থা। ভিন্ন—নানা। সর্প, কুণ্ডলী, ইত্যাদি)। এইরূপ জীবও ব্রহ্মভাবে ব্রহ্ম এবং জীবভাবে অব্রহ্ম ও নানা।

নিয়ন্তব্যত্বেন চ। কচিত্তু তয়োরেবাভেদো ব্যপদিশ্যতে—"তত্ত্বমসি" "অহং ব্রহ্মাস্মি" "এষ ত আত্মা সর্ব্বান্তরঃ" "এষ ত-আত্মাহন্তর্য্যাম্যমৃতঃ" ইতি। তত্রৈবমুভয়ব্যপদেশে সতি যদ্যভেদ এবৈকান্তঃ পরিগৃহ্যেত, ভেদব্যপদেশো নিরালম্বন এব স্যাৎ। অত উভয়ব্যপদেশদর্শনাদহিকুণ্ডলবদত্র তত্ত্বং ভবিতুমর্হতি। যথা অহিরিত্যভেদঃ, কুণ্ডলাভোগপ্রাংশুত্বাদীনি চ ভেদঃ, এবমিহাপীতি ॥ ৩। ২। ২৭।

প্রকাশাশ্রয়বদ্বা তেজস্ত্বাৎ ॥ ৩। ২। ২৮ ॥*

অথবা প্রকাশাশ্রয়বদেতৎ প্রতিপত্তব্যম্। যথা প্রকাশঃ সাবিত্রস্তদাশ্রয়শ্চ সবিতা নাত্যন্তভিন্নৌ, উভায়োরপি

মিতি হি নঃ ক সম্প্রত্যয়ো ন যৎ প্রমাণেনোপলভ্যতে। আগমতশ্চ প্রমাণাদেকগোচরাবপি ভেদাভেদৌ প্রতীয়মানৌ ন বিরোধমাবহতঃ—সবিতৃপ্রকাশয়োরিব প্রত্যক্ষাৎ প্রমাণাদ্ভেদাভেদাবিতি ॥ ৩। ২। ২৭ ॥

রাখিয়াছেন" ইত্যাদি। এতদ্ভিন্ন, শ্রুত্যন্তরে অভেদ কথনও আছে। যথা—"তিনিই তুমি" "আমি ব্রহ্মই" "ইনিই তোমার আত্মা, ইনিই সকলের অন্তরে—" "এই আত্মাই অন্তর্যামী ও অমৃত (অমর বা মুক্ত)।" [তত্রৈব...হাপীতি] শাস্ত্রে ঐ দ্বিপ্রকার ব্যপদেশ (কোন কোন শাস্ত্রে জীবপরমাত্মার ভেদ, আবার অন্যান্য শাস্ত্রে অভেদ, এই দ্বিপ্রকার উল্লেখ) দৃষ্ট হয়। যদি অভেদপক্ষকে ঐকান্তিক বলিয়া গ্রহণ করা যায়, তাহা হইলে ভেদবাদিনী শ্রুতি আলম্বনশূন্য অর্থাৎ নিরর্থক হইয়া পড়ে। এ নিমিত্ত, উভয়বিধ উল্লেখ থাকায় তাহার তত্ত্ব (যাথার্থ্য অহিকুণ্ডলের অনুরূপ হইতে পারে। যেমন সর্পত্বপ্রকারে সর্পের অভেদ—একত্ব, আর কুণ্ডলাকারত্ব, আভোগত্ব, প্রাংশুত্ব ও উদ্গতমুখত্বপ্রকারে ভেদ অর্থাৎ ভিন্নত্ব, তেমনি, জীবও ব্রহ্মত্বপ্রকারে অভিন্ন, কিন্তু জীবত্বপ্রকারে ভিন্ন। (কুণ্ডলাকার = বলয়াকার অবস্থা। আভোগ = ফণা। প্রাংশুত্ব = দীর্ঘ-দণ্ডাকার অবস্থা। ফলিতার্থ—অবস্থাভেদে ভিন্ন ; অবস্থা নগণ্য করিলে অভিন্ন। একই সর্প অবস্থাভেদে কুণ্ডলী ও ফণী প্রভৃতি আখ্যায় অভিহিত হয়) ॥৩।২।২৭॥

জীব-পরমাত্মার ভেদাভেদ প্রকাশ ও প্রকাশাশ্রয়ের অনুরূপ জানিবে। যেমন সূর্য্যালোক ও সূর্য্য অত্যন্ত ভিন্ন নহে, উভয়ই তেজস্ত্বে (তেজোরূপে) সমান,

* যথা সূর্য্যপ্রকাশয়োরেকস্তেজস্ত্বৈকধর্ম্মাবচ্ছেদেন ভেদাভেদাৎ জীবপরমাত্মনোরপ্যেকেনৈবাত্মত্বধর্ম্মেণ ভেদাভেদৌ শ্রুতিবলাৎ স্বীক্রিয়েতে ইতি যোজনা।

যেমন একবার তেজোরূপ ধর্ম্ম গ্রহণপূর্ব্বক ভেদ ও অভেদ, উভয়রূপতা (সূর্য্য ও আলোক) গ্রহণ করা হয়, সেইরূপ, আত্মত্ব ধর্ম্ম লইয়া ব্রহ্মেরও ভেদাভেদ (ব্রহ্ম ও জীব) শ্রুতিবলে স্বীকৃত হইতে পারে।

তেজস্ত্বাবিশেষাৎ, অথ চ ভেদব্যপদেশভাজৌ ভবতঃ, এবমিহাপীতি ॥ ৩। ২। ২৮ ॥

পূর্ব্ববদ্বা ॥ ৩। ২। ২৯ ॥*

যথা বা পূর্ব্বমুপন্যস্তঃ প্রকাশাদিবচ্চাবৈশেষ্যমিতি, তথৈবৈতদ্ভবিতুমর্হতি। তথা হ্যবিদ্যাকৃতত্বাদ্বন্ধস্য বিদ্যয়া মোক্ষ উপপদ্যতে। যদি পুনঃ পরমার্থত এব বদ্ধঃ কশ্চিদাত্মা অহিকুণ্ডলন্যায়েন বা পরস্যাত্মনঃ সংস্থানভূতঃ প্রকাশাশ্রয়ন্যায়েনৈবৈকদেশভূতোঽভ্যুপগম্যেত, ততঃ পারমার্থিকস্য বন্ধস্য

প্রকারান্তরেণ ভেদাভেদয়োরবিরোধমাহ—॥ ৩। ২। ২৮ ॥

তদেবং পরমতমুপন্যস্য স্বমতমাহ—

অয়মভিসন্ধিঃ।—যস্য মতং বস্তুনোঽহিত্বেনাভেদঃ কুণ্ডলত্বেন ভেদ ইতি, স এবং ব্রুবাণঃ প্রষ্টব্যো জায়তে, কিমহিত্বকুণ্ডলত্বে বস্তুনো ভিন্নে উতাভিন্নে ইতি। যদি ভিন্নে অহিত্বকুণ্ডলত্বে, ভিন্নে ইতি বক্তব্যং, ন তু বস্তুনস্তাভ্যাং ভেদাভেদৌ। ন হ্যন্যভেদাভেদাভ্যামন্যদ্ভিন্নমভিন্নং বা ভবিতুমর্হতি, অতি প্রসঙ্গাৎ। অথ বস্তুনো ন ভিদ্যেতে অহিত্বকুণ্ডলত্বে, তথা সতি কো ভেদাভেদয়োর্ব্বিষয়ভেদঃ, তয়োর্ব্বস্তুনোঽনন্যত্বেনাভেদাৎ। ন চৈকবিষয়ত্বেঽপি সদানুভূয়মানত্বাদ্ভেদাভেদয়োরবিরোধঃ। স্বরূপবিরুদ্ধয়োরপ্যবিরোধে ক নাম বিরোধো ব্যবতিষ্ঠেত। ন চ সদানুভূয়মানং বিচারাসহং ভাবিকং ভবিতুমর্হতি। দেহাত্মভাবস্যাপি সর্ব্বদানু-

---

অথচ উক্ত উভয় ভিন্ন বলিয়া ব্যবহৃত হয়; সেইরূপ, জীব পরমাত্মা অত্যন্ত ভিন্ন না হইলেও কাল্পনিক ভেদব্যবহারের আস্পদ হয় ॥ ৩। ২। ২৮ ॥

অথবা, ইতিপূর্ব্বে যে "প্রকাশাদিবচ্চাবৈশেষ্যং" সূত্র বলা হইয়াছে, তদনুসারে উক্ত ভেদাভেদ ব্যবহারকে সঙ্গত বলিতে পার। তাহার বিবরণ বা ফলিতার্থ এই যে, বন্ধন অবিদ্যাকৃত, সেই জন্যই বিদ্যার দ্বারা মোক্ষ হয়। জীব যদি সত্য সত্যই ব্রহ্মস্বভাব হয়, তাহা হইলে বন্ধন অহিকুণ্ডলের দৃষ্টান্তে পরমাত্মার অবস্থাবিশেষ হইতে পারে, প্রকাশাশ্রয়ের দৃষ্টান্তে একদেশরূপীও হইতে পারে। কিন্তু তদুভয় পক্ষে বন্ধনের তিরস্কার হইতে পারে না। বন্ধনের তিরস্কার (মোচন) ব্যতীত মোক্ষশাস্ত্রের সার্থক্য থাকে না। (মোক্ষ শাস্ত্রের সার্থক্য বা প্রামাণ্য রক্ষার্থ বন্ধনের অসত্যতাই স্বীকার্য্য)। শ্রুতি ভেদ ও অভেদ উভয় প্রকার বলিয়াছেন

---

† সিদ্ধান্তসূত্রমেতৎ। পূর্ব্ববৎ প্রকাশাদিবচ্চাবৈশেষ্যমিতিবৎ। যথা প্রকাশাকাশাদয়ঃ স্বরূপেণৈকরূপাঃ উপাধিভিস্তু, বিভিন্নরূপাঃ এবমাত্মা স্বরূপেণৈকরূপ উপাধিভিস্তু জীবাদ্যনেকরূপ ইতি নির্গলিতার্থঃ।

কোন কোন শাস্ত্রে জীবপরমাত্মার অভেদ কথন ও শাস্ত্রান্তরে ভেদ কথন থাকায় সেই বিসম্বাদ ভঞ্জনার্থ পূর্ব্বোক্ত দৃষ্টান্ত গ্রহণ করিতেও পার, অর্থাৎ প্রকাশাদির দৃষ্টান্তে সিদ্ধান্ত করিতেও পার। যেমন আলোক স্বরূপতঃ এক বা অভিন্ন, কিন্তু উপাধিযোগে ভিন্ন, তেমনি, আত্মাও স্বরূপতঃ অভিন্ন (জীব ও পরম এক), পরন্তু বুদ্ধ্যাদিযোগে ভিন্ন। (জীব অংশ ও পরমাত্মা অংশ)।

তিরস্কর্ত্তুমশক্যত্বান্মোক্ষশাস্ত্রবৈয়র্থ্যং প্রসজ্যেত। ন চাত্রো-ভাবপি ভেদাভেদৌ শ্রুতিস্তুল্যবদ্‌ব্যপদিশতি। অভেদমেব হি প্রতিপাদ্যত্বেন নির্দ্দিশতি, ভেদন্তু পূর্ব্বপ্রসিদ্ধমেবানুবদত্য-র্থান্তরবিবক্ষয়া। তস্মাৎ প্রকাশবচ্চাবৈশেষ্যমিত্যেষ এব সিদ্ধান্তঃ ॥ ৩ । ২ । ২৯ ॥

প্রতিষেধাচ্চ ॥ ৩ । ২ । ৩০ ॥*

ইতশ্চৈষ এব সিদ্ধান্তঃ, যৎকারণং পরস্মাদাত্মনোঽন্যৎ চেতনং প্রতিষেধতি শাস্ত্রং "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা" ইত্যেব-মাদি। "অথাত আদেশো নেতি নেতি।" "তদেতৎ ব্রহ্মাপূর্ব্ব-মনপরমনন্তরমবাহ্যং" ইতি চ। ব্রহ্মব্যতিরিক্তপ্রপঞ্চনিরাকর-ণাৎ ব্রহ্মমাত্রপরিশেষাচ্চৈষ এব সিদ্ধান্ত ইতি গম্যতে ॥ ৩।২।৩০॥

ভূয়মানস্য ভাবিকত্বপ্রসঙ্গাৎ। প্রপঞ্চিতঞ্চৈতদস্মাভিঃ প্রথমসূত্র ইতি নেহ প্রপঞ্চি-তম্। তস্মাদনাদ্যবিদ্যাবিক্রীড়িতমেবৈকস্যাত্মনো জীবভাবভেদো ন ভাবিকঃ। তথা চ তত্ত্বজ্ঞানাদবিদ্যানিবৃত্তাবপবর্গসিদ্ধিঃ। তাত্ত্বিকত্বে ত্বস্য ন জ্ঞানান্নিবৃত্তি-সম্ভবঃ। ন চ তত্ত্বজ্ঞানাদন্যদপবর্গসাধনমস্তি। যথাহ শ্রুতিঃ—"তমেব বিদিত্বাতি-মৃত্যুমেতি। নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি। শেষমতিরোহিতার্থম্ ॥৩।২।২৯॥

(ব্রহ্মমাত্রপরিশেষে হেত্বন্তরমাহ প্রতীতি। প্রতিষেধাৎ ব্রহ্মব্যতিরিক্ত-প্রপঞ্চনিরাকরণাৎ শ্রুত্যেতি শেষঃ ॥ ৩ । ২ । ৩০ ॥)

সত্য; পরন্তু তাহা তুল্যরূপে বলেন নাই (তুল্যরূপে বলিলেও উভয়সত্যতা স্বীকার্য্য হইতে পারে না। যেহেতু তাহা বিরুদ্ধ। একের তাদৃশ দ্বৈরূপ্য অবশ্যই যুক্তিবিরুদ্ধ।) শ্রুতি অভেদকেই প্রতিপাদ্যরূপে বলিয়াছেন। ভেদ ত লোকসিদ্ধ, সুতরাং অন্য উদ্দেশ্যে তাহার অনুবাদমাত্র করিয়াছেন। অতএব, প্রকাশের ন্যায় অভেদ, এই সিদ্ধান্তই সৎসিদ্ধান্ত। (প্রকাশ স্বরূপতঃ অভিন্ন অর্থাৎ এক-রূপ, কিন্তু উপাধিযোগে ভিন্ন অর্থাৎ নানারূপ। জীব ও পরমাত্মার ভেদাভেদ ইহারই অনুরূপ)।

এ হেতুতেও ঐ সিদ্ধান্ত সাধু—যেহেতু "ইহা হইতে ভিন্ন, এমন দ্রষ্টা নাই" এই শাস্ত্র পরমাত্মা ব্যতীত অন্য চেতন নাই বলিয়াছেন। "অনন্তর উপদেশ এই যে, ইহা নহে, ইহা নহে। সেই এই ব্রহ্ম অপূর্ব্ব (অনাদি), অনপর (অনন্ত), অনন্তর (ভেদশূন্য) ও অবাহ্য অর্থাৎ একরস।" এ শাস্ত্রও ব্রহ্মাতিরিক্ত চেতনের অস্তিত্ব নিষেধ করিয়াছেন। প্রপঞ্চ ব্রহ্মাতিরিক্ত নহে, ব্রহ্মাতিরিক্ত প্রপঞ্চের অনস্তিত্ব, ব্রহ্মই নিষেধের সীমা, ব্রহ্মই নিষেধ ভূমিকায় অবশেষিত হন, এইরূপ এইরূপ শাস্ত্র থাকায় প্রদর্শিত সিদ্ধান্তই সাধু বলিয়া গণ্য হয় ॥৩।২।৩০॥

---

* নান্যোঽতোঽস্তি দ্রষ্টেত্যাদিশাস্ত্রাদপ্যভেদবাদঃ সাধীয়ানিতি সূত্রার্থঃ।

পরমতঃ সেতূন্মান-সম্বন্ধ-ভেদ-ব্যপদেশেভ্যঃ ॥ ৩ । ২ । ৩১ ॥*

যদেতন্নিরস্তসমস্তপ্রপঞ্চং ব্রহ্ম নির্দ্ধারিতম্, অত্রাস্মাৎ পরমন্যৎ তত্ত্বমস্তি নাস্তীতি শ্রুতিবিপ্রতিপত্তেঃ সংশয়ঃ। কানিচিদ্বাক্যান্যাপাতেনৈব প্রতিভাসমানানি ব্রহ্মণোঽপি পরমন্যৎ তত্ত্বং প্রতিপাদয়ন্তীব। তেষাং পরিহারমভিধাতুময়মুপক্রমঃ ক্রিয়তে। পরম্ অতো ব্রহ্মণোঽন্যৎ তত্ত্বং ভবিতুমর্হতি। কুতঃ? সেতুব্যপদেশাৎ, উন্মানব্যপদেশাৎ, সম্বন্ধব্যপদেশাৎ, ভেদব্যপদেশাচ্চ।

সেতুব্যপদেশস্তাবৎ "অথ য আত্মা স সেতুর্ব্বিধৃতিঃ" ইত্যাত্মশব্দাভিহিতস্য ব্রহ্মণঃ সেতুত্বং সঙ্কীর্ত্তয়তি। সেতুশব্দশ্চ হি লোকে জলসন্তানবিচ্ছেদকারকে মৃদ্দার্ব্বাদিপ্রচয়ে প্রসিদ্ধঃ।

যদ্যপি শ্রুতিপ্রাচুর্য্যাদ্‌ব্রহ্মব্যতিরিক্তং তত্ত্বং নাস্তীত্যবধারিতং, তথাপি সেত্বাদিশ্রুতীনামাপাততস্তদ্বিরোধদর্শনাৎ তৎপ্রতিসমাধানার্থময়মারম্ভঃ।

পরমাত্মা হইতে পর অর্থাৎ ভিন্ন এমন তত্ত্ব নাই, এ সিদ্ধান্ত শ্রুতিবিরোধ থাকায় সংশয়িত, অর্থাৎ ঐ সিদ্ধান্ত অভ্রান্ত মনে হয় না। (ইহা পূর্ব্বপক্ষ)। কোন কোন শ্রুতির শ্রবণমাত্রে প্রতীতি হয়, সে সকল শ্রুতি যেন ব্রহ্মভিন্ন তত্ত্ব (জীব) আছে বলিতেছে। তৎপরিশোধনার্থ বা সে সকল শ্রুতির তাৎপর্য্য নিরূপণার্থ এতৎ সূত্রের অবতারণা। উল্লিখিত সংশয়ের পর পূর্ব্বপক্ষে এইরূপ পাওয়া যায় যে, ব্রহ্ম হইতে ভিন্ন, এরূপ তত্ত্বান্তর আছে, অর্থাৎ ব্রহ্মভিন্ন জীবনামক অপর একটী পদার্থ আছে। [কুতঃ...দেশাচ্চ] কেন-না, শ্রুতিতে সেতুর ব্যপদেশ, উন্মানের ব্যপদেশ, সম্বন্ধের ব্যপদেশ ও ভেদের ব্যপদেশ (উল্লেখ) দেখা যায়।

[সেতু...গম্যতে] সেতুর ব্যপদেশ যথা—"যিনি আত্মা, তিনিই লোকমর্য্যাদাবিধারক সেতু।" এই শ্রুতি আত্মশব্দে ব্রহ্মকে বলিয়াছেন, এবং তাঁহাকে সেতু

"ইহা হইতে ভিন্ন দ্রষ্টা নাই" ইত্যাদি শাস্ত্রে জীবভাবের পারমার্থিকতার নিষেধ থাকাতে অভেদ পক্ষই শ্রেষ্ঠ অর্থাৎ প্রামাণিক হয়।

* পুনঃ পূর্ব্বপক্ষসূত্রম। অতঃ অস্মাৎ পরমাত্মনঃ পরং অন্যৎ তত্ত্বং জীবাখ্যমস্তীতি সেতুব্যপদেশাৎ উন্মানব্যপদেশাৎ সম্বন্ধব্যপদেশাৎ ভেদব্যপদেশাচ্চাবগম্যতামিতি।

পরমাত্মাতিরিক্ত তত্ত্ব নাই, এ সিদ্ধান্ত প্রতিবন্ধশূন্য নহে। কারণ এই যে, শ্রুতি সেতু প্রভৃতির দৃষ্টান্তে তত্ত্বনিশ্চয় করাতে পরমাত্মাতিরিক্ত তত্ত্বের (জীবের) পৃথক অস্তিত্ব প্রতীত করাইয়াছেন।

ইহ চ সেতুশব্দ আত্মনি প্রযুক্ত ইতি লৌকিক-সেতোরিবাত্ম-সেতোরন্যস্য বস্তুনোঽস্তিত্বং গময়তি। "সেতুং তীর্ত্বা" ইতি চ 'তরতি'শব্দপ্রয়োগাৎ। যথা লৌকিকং সেতুং তীর্ত্বা জাঙ্গল-মসেতুং প্রাপ্নোতীতি গম্যতে, এবমাত্মানং সেতুং তীর্ত্বাঽনাত্মানম-সেতুং প্রাপ্নোতীতি গম্যতে।

উন্মানব্যপদেশশ্চ ভবতি "তদেতৎ ব্রহ্ম চতুষ্পাদষ্টশফং ষোড়শকলং" ইতি। যচ্চ লোকে উন্মিতমেতাবদিদমিতি পরিচ্ছিন্নং কার্ষাপণাদি, ততোঽন্যদ্বস্ত্বস্তীতি প্রসিদ্ধং, তথা ব্রহ্ম-

"জাঙ্গলং" স্থলম্। প্রকাশবদনন্তবজ্জ্যোতিষ্মদায়তনবদিতি 'পাদা ব্রহ্মণশ্চত্বার-স্তেষাং পাদানামর্দ্ধাণ্যষ্টৌ শফাঃ।' তেঽষ্টাবস্য ব্রহ্মণ ইত্যষ্টশফং ব্রহ্ম। ষোড়শ্য কলা অস্যেতি ষোড়শকলম্। তদ্‌যথা প্রাচীপ্রতীচীদক্ষিণোদীচীতি চতস্রঃ কলা অবয়বা ইব কলাঃ, স প্রকাশবান্নাম পাদঃ। এতদুপাসনায়াং প্রকাশবান্ মুখ্যো ভবতীতি প্রকাশবান্ নাম পাদঃ। অথাপরা পৃথিব্যন্তরিক্ষং দ্যৌঃ সমুদ্র ইতি

বলিয়া কীর্ত্তন করিয়াছেন। লোক সকল জলপ্রবাহবিচ্ছেদকারক মৃত্তিকারচিত অথবা কাষ্ঠাদিরচিত স্বনামপ্রসিদ্ধ পদার্থকে সেতু বলে। প্রদর্শিত স্থলে শ্রুতি আত্মাকে সেতু বলায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, লৌকিক সেতুর সদৃশ আত্মসেতু এবং তদতিরিক্ত পদার্থান্তর বিদ্যমান আছে। শ্রুতিতে "সেতুং তীর্ত্বা"—সেতু উত্তীর্ণ হইয়া, এরূপ প্রয়োগও আছে। লোকসকল যদ্রূপ লৌকিক সেতু অতিক্রম করিয়া (পার হইয়া) জাঙ্গল (স্থল ভূমি) প্রাপ্ত হয়, তদ্রূপ, সাধকও আত্মসেতু উত্তরণ করিয়া অনাত্মপদার্থ প্রাপ্ত হয়।

[উন্মান...গম্যতে] ব্রহ্মবিজ্ঞানোপদেশে উন্মানের ব্যপদেশও দেখা যায়। (উন্মান—পরিমিত প্রমাণ)। যথা—"সেই ব্রহ্ম চতুষ্পাদ, অষ্টশফ ও ষোড়শ কলাত্মক।" * লোক মধ্যে যে-কিছু বস্তু উন্মিত অর্থাৎ এত বড় বা ঈয়ৎ-সংখ্যক, ইত্যাদি প্রকারে পরিগণিত বা পরিমিত (পরিচ্ছিন্ন) বলিয়া ব্যবহৃত হয়, সে সকল ছাড়া যে, অন্য বস্তু আছে, তাহা সেই নির্দ্দিষ্ট পরিমাণ

* চারিটী দিক্ চারিটী কলা (অংশ)। ইহা ব্রহ্মের প্রকাশবান্ পাদ। পৃথিবী, অন্তরিক্ষ, দিব্ (স্বর্গলোক) ও সমুদ্র, এই কলাচতুষ্টয় তাঁহার অনন্তবান্ নামক পাদ। অগ্নি, সূর্য্য, চন্দ্র; বিদ্যুৎ, এই চারিটী কলা এবং ইহা তাঁহার জ্যোতিষ্মান্ নামক পাদ। চক্ষুঃ শ্রোত্র, বাক্ ও ঘ্রাণ, ইহা অপর কলাচতুষ্টয়—এই কলাচতুষ্টয় তাঁহার আয়তনবান্ নামক পাদ। ব্রহ্ম এইরূপে চতুষ্পাদ। চারি পাদের অর্দ্ধেকে অর্দ্ধেকে ৮ আটটী শফ অর্থাৎ ক্ষুর। কোন্ পদার্থকে শফ বলা হইয়াছে, তাহা উপনিষদ্ দেখিলে প্রতীত হইবে। ভামতী দেখুন, উপনিষদ্‌বাক্যের একাংশ পাইবেন। প্রাচ্যাদি ও পৃথিব্যাদি দুই দুই পাদার্থে এক একটী শফ। এরূপ শফ-কল্পনা উপাসনার প্রয়োজনীয়। প্রত্যেক পাদে ৪টী কলা, তদনুসারে চতুষ্পাদে ১৬ কলা।

গোহপুন্যমানাৎ ততোহন্যেন বস্তুনা ভবিতব্যমিতি গম্যতে। যথা সম্বন্ধব্যপদেশো ভবতি "সতা সোম্য তদা সম্পন্নো ভবতি," "শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তঃ" ইতি চ। মিতানাঞ্চ মিতেন সম্বন্ধো দৃষ্টঃ, যথা নরাণাং নগরেণ। জীবানাঞ্চ ব্রহ্মণা সম্বন্ধং ব্যপদিশতি সুষুপ্তৌ, অতস্ততঃ পরমন্যদমিতমস্তীতি গম্যতে। ভেদব্যপদেশশ্চৈনমর্থং গময়তি। তথাহি "অথ য এষোহন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে" ইত্যাদিত্যাধারমীশ্বরং ব্যপদিশ্য, ততো ভেদেনাক্ষ্যাধারমীশ্বরং ব্যপদিশতি "অথ য এষোহন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে" ইতি।

অতিদেশঞ্চাস্যামুনা রূপাদিষু করোতি "তস্যৈতস্য তদেব

চতস্রঃ কলাঃ এষ দ্বিতীয়ঃ পাদোহনন্তবান্নাম, সোহয়মনন্তবত্বেন গুণেনোপাস্যমানো-হনন্তত্বমুপাসকস্যাবহতীত্যনন্তবান্ পাদঃ। অথাগ্নিঃ সূর্য্যশ্চন্দ্রমা বিদ্যুদিতি চতস্রঃ কলাঃ, স জ্যোতিষ্মান্নাম পাদস্তৃতীয়ঃ, তদুপাসনাজ্জ্যোতিষ্মান্ ভবতীতি জ্যোতিষ্মান পাদঃ। অথ ঘ্রাণশ্চক্ষুঃ শ্রোত্রং বাগিতি চতস্রঃ কলাশ্চতুর্থঃ পাদ আয়তনবান্নাম। এতে ঘ্রাণাদয়ো হি গন্ধাদিবিষয়া মন আয়তনমাশ্রিত্য ভোগসাধনং ভবন্তীত্যায়তনবান্নাম পাদঃ। তদেবং চতুষ্পাদ্ব্রহ্মাষ্টশফং ষোড়শকলমুন্মিমিতং শ্রুত্যা। অত-

কথনের দ্বারাই প্রতীত হয়। তদ্দৃষ্টান্তে ব্রহ্মেও নির্দ্দিষ্ট পরিমাণের কথন থাকায় ব্রহ্মভিন্ন পদার্থের অস্তিত্ব লব্ধ হইতে পারে। [তথা...গম্যতে] এতদ্ভিন্ন, সম্বন্ধের উল্লেখও আছে। যথা—"হে সোম্য, শ্বেতকেতো, সেই সময়ে জীব সৎসম্পন্ন হয়।" (সৎ=ব্রহ্ম, সম্পত্তি=তদ্ভাবপ্রাপ্তি) "তখন এই শারীর আত্মা অর্থাৎ জীব প্রাজ্ঞে অর্থাৎ ব্রহ্মে পরিষক্ত হয়। সেই কারণে সে বাহ্যিক ও আন্তরিক কোনও জ্ঞেয় বস্তু জানে না।" যেমন নরের সহিত নগরের সম্বন্ধ, তেমনি, এই সকল শ্রুতিতে পরিমিতের সহিত পরিমিতের (ব্রহ্ম পরিমিত, জীবও পরিমিত) সম্বন্ধ-বিশেষ হওয়া বর্ণিত হইয়াছে। শ্রুতি যখন সুষুপ্তিকালে জীবের সহিত ব্রহ্মের সম্বন্ধ হওয়া বর্ণন করিয়াছেন, তখন কেননা বুঝিব যে, ব্রহ্ম হইতে ভিন্ন আরও এক পদার্থ (জীব) আছে। [ভেদ...প্রতিপদ্যতে] শ্রুতিতে যে, ভেদব্যপদেশ আছে, তাহাও ঐ অর্থেরই বোধক। ভেদব্যপদেশ যথা—"আদিত্যের অন্তরে ঐ যে হিরণ্ময় পুরুষ দেখা যায়—" এইরূপে শ্রুতি আদিত্যাধার ঈশ্বরের উল্লেখ করিয়া নেত্রাধার ঈশ্বরকে তাঁহা হইতে ভিন্ন বলিয়া বর্ণন করিয়াছেন। যথা—"এই যে চক্ষুর অন্তরে পুরুষ—" ইত্যাদি।

তাহার পরে শ্রুতি আদিত্যাধার পুরুষের রূপাদি নেত্রাধার পুরুষে অতিদেশ

[আনন্দগিরিঃ। তদস্বাতন্ত্র্যে লিঙ্গান্তরমাহ তদ্বত ইতি। তদ্ব্যাকরোতি—আচার্য্যেতি। তস্য কুলং গৃহমুপনয়নং কৃত্বা তৎপ্রাপ্ত্যনন্তরং, গুরোঃ শুশ্রূষারূপং কর্ম্ম বিধায়াতিশেষেণ শিষ্টেন কালেন যথাবিধানং পবিত্রপাণিত্বপ্রাঙ্মুখত্বাদিবিধানমনতিক্রম্য বেদমধীত্যানন্তরমভিসমাবৃত্য ব্রতবিসর্গং কৃত্বা দারানাহৃত্য কুটুম্বে গার্হস্থ্যে স্থিতঃ শুচৌ দেশে স্বাধ্যায়াধ্যয়নং কুর্ব্বন্ কর্ম্মান্তরাণি চ বিহিতানি যথাশক্তি কুর্ব্বাণো ব্রহ্মলোকমভিসম্পদ্যত ইত্যর্থঃ। অধ্যয়নশব্দস্য যথাশ্রুতমর্থং গৃহীত্বা শঙ্কতে নন্বিতি। অধ্যয়নবিধেরবঘাতাদিবিধিবদ্দৃষ্টার্থত্বাদর্থাববোধান্তো ব্যাপারোঽস্তীতি প্রথমে তন্ত্রে সমর্থিতমিত্যাহ—নেত্যাদিনা ॥ ইত্যানন্দগিরিঃ ॥ ৩ । ৪ । ৬ ॥]

করে।" এই শ্রুতিতে দেখা যায়, ফলারম্ভের প্রতি অর্থাৎ পুনর্জ্জন্মের প্রতি জ্ঞান ও কর্ম্ম উভয়েরই সহভাব আছে। অর্থাৎ উভয় মিলিত হইয়াই জন্মান্তরাদি ফল জন্মায়, কেবল জ্ঞানে কিছুই করে না ॥ ৩ । ৪ । ৫ ॥

"গুরুকুলে অবস্থানপূর্ব্বক বেদ অধ্যয়ন করিয়া—গুরুর সমুদায় কার্য্য (আজ্ঞাপালন) শেষ করিয়া" "সমাবর্ত্তন অর্থাৎ ব্রহ্মচর্য্য ব্রতের উদ্যাপন করিয়া—" "কুটুম্বমধ্যে বাস করতঃ পবিত্র স্থানে বেদাধ্যয়ন-তৎপর—" এই সকল শ্রুতি ও এই সকলের অনুরূপ অন্যান্য শ্রুতি সর্ব্ববেদার্থজ্ঞানীরই কর্ম্মাধিকার দেখাইতেছে, সুতরাং বুঝা যাইতেছে, বিজ্ঞানের (আত্মতত্ত্ব জ্ঞানের) স্বাধীনভাবে ফলপ্রদানসামর্থ্য নাই। বেদমধীত্য—বেদ অধ্যয়ন করিয়া, এখানে মাত্র অধ্যয়ন-শব্দের উল্লেখ থাকিলেও তাহার অর্থ কেবল উচ্চারণ নহে। অর্থজ্ঞানও অধ্যয়নের অন্তর্গত। অধ্যয়ন-শব্দ যে, উচ্চারণানন্তর অর্থবোধপর্য্যন্ত অর্থ বুঝায়, তাহা পূর্ব্বকাণ্ডে বর্ণিত হইয়াছে ॥ ৩ । ৪ । ৬ ॥

---

* কৃৎস্নবেদার্থজ্ঞানিনঃ প্রতি কর্ম্মণো বিধানাৎ।

যে ব্যক্তি সমুদয় বেদ অধ্যয়ন করিয়াছে ও সে সকলের অর্থ বুঝিয়াছে, সেই ব্যক্তির উদ্দেশেই যজ্ঞাদি কর্ম্ম বিহিত অর্থাৎ উপদিষ্ট। সমস্ত বেদার্থের মধ্যে উপনিষৎপ্রসূত তত্ত্বজ্ঞান ও নিবিষ্ট আছে।

নিয়মাচ্চ ॥ ৩ । ৪ । ৭ ॥*

"কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।

এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥" ইতি তথা "এতদ্বৈ জরামর্য্যং সত্রং যদগ্নিহোত্রং, জরয়া বা হ্যেবাস্মান্ মুচ্যতে মৃত্যুনা বা" ইত্যেবঞ্জাতীয়কান্নিয়মাদপি কর্ম্মশেষত্বমেব বিদ্যায়াঃ—ইত্যেবং প্রাপ্তে প্রতিবিধত্তে ॥৩।৪।৭ ॥

সুগমম্। সিদ্ধান্তয়তি ॥ ৩ । ৪ । ৭ ॥

[আনন্দগিরিঃ। ইতশ্চ ন স্বতন্ত্রা বিদ্যা পুমর্থহেতুরিত্যাহ—নিয়মাচ্চেতি। নিয়মং বিভজতে কুর্ব্বন্নিতি। ইহ দেহে শতং সমাঃ শতসঙ্খ্যাকান্ সম্বৎসরান্ জিজীবিষেৎ তৎকর্ম্মাণি কুর্ব্বন্নেবেতি নিয়মবিধিঃ। এবংত্বয়ি নরে বর্ত্তমানে সত্যশুভং কর্ম্ম ন লিপ্যতে। তেন ত্বং ন লিপ্যসে ইতি যাবৎ। ইতশ্চ প্রকারাদন্যথা প্রকারান্তরং নাস্তি, যতো ন কর্ম্মলেপঃ স্যাদিত্যর্থঃ। নিয়মান্তরমাহ তথেতি। জরামর্য্যং জরামরণাবধিকম্। তদেব বিশদয়তি জরয়েতি। শ্রুত্যাদিভিরাঙ্গধিয়ঃ সিদ্ধে কর্ম্মাঙ্গত্বে তৎফলেনৈব ফলবত্ত্বমিত্যুপসংহর্ত্তুমিতীত্যুক্তম্। পূর্ব্বপক্ষমনূদ্য সিদ্ধান্তয়তি এবমিতি। ইত্যানন্দগিরিঃ ॥ ৩ । ৪ । ৭ ॥]

"কর্ম্ম করিবার জন্য, শত বৎসর পর্য্যন্ত এই দেহে জীবিত থাকার ইচ্ছা করিবেক। তুমি কথিত প্রকারে বিদ্যমান থাকিলেও (জীবিত থাকিলেও) কর্ম্মে লিপ্ত হইবে না। এই প্রকার ব্যবস্থা ব্যতীত কর্ম্মলেপনিবৃত্তির অন্য উপায় নাই।" "এই যে সত্র অর্থাৎ যজ্ঞ—ইহার নাম অগ্নিহোত্র। ইহা জরা-মরণ পর্য্যন্ত অনুষ্ঠেয়, জরা আসিলে অথবা মৃত্যু হইলে ইহা আমাদিগকে ত্যাগ করিবেক, (মধ্যে নহে)।" এই সকল কর্ম্মনিয়ামক বিধানের দ্বারাও জ্ঞানের কর্ম্মাঙ্গতা প্রাপ্ত হওয়া যায়। এইরূপে ২ হইতে ৭ সূত্র পর্য্যন্ত যে-পূর্ব্বপক্ষ স্থাপিত হইল, তাহার প্রতিবিধান এইরূপ—॥ ৩ । ৪ । ৭ ॥

* নিয়মবিধিদর্শনাচ্চ।

কর্ম্ম-পরায়ণ হইয়া শত বৎসর জীবিত থাকিবার ইচ্ছা করিবেক।" 'যাবৎ না জরা মরণ উপস্থিত হয়, তাবৎ অগ্নিহোত্র যাগ করিবেক' 'ইত্যাদি শ্রুতিতে কর্ম্মতৎপর থাকিবার নিয়ম কথিত হইয়াছে। নিয়ম উল্লঙ্ঘিত হয় না; তাহাতেই বুঝা যায়, জ্ঞান কর্ম্মেরই অন্যতম অঙ্গ। (২ হইতে ৭ সূত্র পর্য্যন্ত পূর্ব্বপক্ষ)।

অধিকোপদেশাত্তু বাদরায়ণস্যৈবং তদ্দর্শনাৎ ॥৩। ৪। ৮॥*

তু-শব্দাৎ পক্ষো বিপরিবর্ত্ততে। যদুক্তং "শেষত্বাৎ পুরুষার্থবাদঃ" ইতি [বে° স° ৩।৪।২], তন্নোপপদ্যতে। কস্মাৎ। অধিকোপদেশাৎ। যদি সংসার্য্যেবাত্মা শারীরঃ কর্ত্তা ভোক্তা চ শরীরমাত্রব্যতিরেকেণ বেদান্তেষূপদিষ্টঃ স্যাৎ, ততো বর্ণিতেন প্রকারেণ ফলশ্রুতেরর্থবাদত্বং স্যাৎ। অধিকস্তু শারীরাদাত্মনোঽসংসারীশ্বরঃ কর্ত্তৃত্বাদিসংসারধর্ম্মরহিতোঽপহতপাপ্মত্বাদিবিশেষণকঃ পরমাত্মা বেদ্যত্বেনোপদিশ্যতে বেদান্তেষু। ন চ তদ্বি-

যদি শরীরাদ্ব্যতিরিক্তঃ কর্ত্তা ভোক্তাত্মেত্যেতন্মাত্র উপনিষদঃ পর্য্যবসিতাঃ স্যুস্ততঃ স্যাদেবম্। ন ত্বেতদস্তি। তাস্তু এবম্ভূতজীবানুবাদেন তস্য শুদ্ধবুদ্ধোদাসীনব্রহ্মরূপতাপ্রতিপাদনপরা ইতি তত্র তত্রাসকৃদাবেদিতম্। অনধিগতার্থবোধনস্বরসতা হি শব্দস্য প্রমাণান্তরসিদ্ধানুবাদেন। তথা চ ঔপনিষাদাত্মজ্ঞানস্য

সূত্রস্থ তু-শব্দ প্রোক্ত পূর্ব্বপক্ষের (উত্থাপিত আপত্তির) নিবারক। অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞান কর্ম্মের অন্যতম অঙ্গ ও তদুপলক্ষ্যে কথিত ফলবাক্য তাহার অর্থবাদ, সে কথা সত্য নহে। সে কথা উপপন্ন হয় না অর্থাৎ তাহা যুক্তিযুক্ত নহে। কেননা, অধিক উপদেশ দৃষ্ট হয়। [যদি...ইত্যত্র] বেদান্তে যদি কেবল দেহাতিরিক্ত কর্ত্তা ও কর্ম্মফলভোক্তা সংসারী আত্মা উপদিষ্ট হইতেন, তাহা হইলে অবশ্যই সেই সেই ফলশ্রুতিকে কথিতপ্রকারে অর্থবাদবাক্য বলিতে পারিতে। কিন্তু কেবল তাহা অভিহিত হয় নাই, বেদান্তে কেবল অসংসারী ঈশ্বরাত্মাও বেদ্য বা বিজ্ঞেয় বলিয়া উপদিষ্ট হইয়াছেন। তদনুসারে তাঁহাকে কর্ত্তৃত্বাদিসর্ব্বধর্ম্মরহিত নিষ্পাপ নির্লিপ্ত উদাসীন ও পরমাত্মা বলিয়া জানিতে হইবে। সে জ্ঞান কর্ম্মাঙ্গ হওয়া বা কর্ম্মে প্রবৃত্ত করা দূরে থাকুক,

* 'তু:' পরপক্ষনিরাসার্থঃ। বেদান্তোক্তং পরমাত্মজ্ঞানং ন কর্ম্মাঙ্গং, ততশ্চ তৎফলং নার্থবাদঃ। হেতুমাহ—অধিকেতি। বেদান্তেষু অধিকস্য শারীরাদাত্মনোঽসংসারীশ্বরস্যোপদেশদর্শনাদিত্যর্থঃ। এবং সতি বাদরায়ণস্য মতমবিচাল্যম্ভবতি। তদ্দর্শনাৎ অধিকোপদেশদর্শনাৎ শ্রুতিষ্বিতি পূরণীয়ম্। ফলিতার্থস্তু—যঃ কর্ত্তা কর্ম্মাঙ্গং, নাসৌ বেদান্তবেদ্যঃ, যচ্চ ব্রহ্ম তদেব তদ্বেদ্যং, ন তৎকর্ম্মাঙ্গম্। ততশ্চ তজ্‌জ্ঞানস্য কুতঃ কর্ম্মশেষতা কুতো বা ফলশ্রুতেরর্থবাদত্বেতি।

যে-আত্মা বেদান্তে উপদিষ্ট, সে আত্মা কর্ম্মাঙ্গ কর্ত্তৃ-আত্মা (জীবাত্মা) হইতে অধিক অর্থাৎ উৎকৃষ্ট। বেদান্তবেদ্য আত্মা অসংসারী ও কর্ত্তৃত্বাদিসর্ব্বধর্ম্মবর্জ্জিত। অতএব, বাদরায়ণের মতই দৃঢ় অর্থাৎ অবিচাল্য। শ্রুতিতেও অধিক অর্থাৎ অসংসারী ব্রহ্মাত্মার উপদেশ দেখা যায়।

জ্ঞানং কর্ম্মণাং প্রবর্ত্তকং ভবতি, প্রত্যুত তৎ কর্ম্মাণ্যুচ্ছিনত্তীতি বক্ষ্যতি "উপমর্দ্দঞ্চ" [বে° সূ° ৩।৪।১৬] ইত্যত্র। তস্মাৎ "পুরুষার্থোঽতঃ শব্দাৎ" ইতি [বে°সূ° ৩।৪।১] যন্মতং ভগবতো বাদরায়ণস্য, তত্তথৈব তিষ্ঠতি, ন শেষত্বপ্রভৃতিভির্হেত্বাভাসৈশ্চালয়িতুং শক্যতে। তথা হি তমধিকং শারীরাদীশ্বরমাত্মানং দর্শয়ন্তি শ্রুতয়ঃ "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ" "ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ" "মহাভয়ং বজ্রমুদ্যতম্" "এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি" "তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তত্তেজোঽসৃজত" ইত্যেবমাদ্যাঃ।

যত্তু প্রিয়াদিসংসূচিতস্য সংসারিণ এবাত্মনো বেদ্যতয়ানু-

ক্রত্বনুষ্ঠানবিরোধিনঃ ক্রতুসম্বন্ধ এব নাস্তি, কিমঙ্গ পুনস্তদব্যভিচারঃ, ততশ্চ ক্রতুশেষতা। তথা চ নাপবর্গফলশ্রুতেরর্থবাদমাত্রত্বমপি তু ফলপরত্বমেব।

অতএব প্রিয়াদিসূচিতেন সংসারিণাত্মনোপক্রম্য তস্যৈবাত্মনোঽধিকোপদিদিক্ষায়াং পরমাত্মনোঽত্যন্তাভেদ উপদিশ্যতে। যথা সমারোপিতস্য ভুজগস্য

কর্ম্মের উচ্ছেদই করিয়া থাকে। এ তথ্য "উপমর্দ্দঞ্চ" সূত্রে সমর্থিত হইবে। [তস্মাৎ ..মাদ্যাঃ] অতএব, ভগবান্ বাদরায়ণ যে বলিয়াছেন, কেবল বেদান্তবিহিত বিজ্ঞানে পুরুষার্থ (মোক্ষ) সিদ্ধ হয়, তাহা স্থিরতরই থাকিবেক, শেষত্ব প্রভৃতি হেত্বাভাস তাহাকে বিচলিত করিতে পারিবে না। (২ হইতে ৭ পর্য্যন্ত সূত্রে যে সকল হেতু প্রদর্শিত হইয়াছে, সে সকল প্রকৃত হেতু নহে। সে সকল হেত্বাভাস অর্থাৎ মাত্র দেখিতে হেতুর মত সুতরাং সে সকলের দ্বারা প্রতিজ্ঞাত তত্ত্ব অব্যভিচরিতরূপে সাধিত হইতে পারে না।) যে সকল শ্রুতি শরীরাভিমানী জীবাত্মার অধিক ঈশ্বরাত্মা বা পরমাত্মা বলিয়াছেন, সে সকল শ্রুতি এই—"সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ।" বায়ু তাঁহারই ভয়ে বহমান হয় সূর্য্যও তাঁহার ভয়ে উদিত হন।" "ইনি উদ্যত বজ্র অপেক্ষা অধিক ভয়হেতু।" "গার্গি এই অক্ষরের (ব্রহ্মের) অনুশাসনেই চন্দ্র-সূর্য্য বিধৃত আছে।" "তিনি ঈক্ষণ অর্থাৎ আলোচনা করিলেন, আমি বহু হইব ও জন্মিব। অনন্তর তিনি তেজঃ সৃষ্টি করিলেন।" ইত্যাদি।

[যত্তু…নির্ণীতম্] বেদান্তে প্রিয়াদিসূচিত সংসারী আত্মাও বিজ্ঞেয় বলিয়া উপদিষ্ট হইয়াছে সত্য ; যথা—"আত্মার অর্থাৎ আপনার প্রিয় (প্রীতি বা সুখ) বা স্ফূর্ত্তিপ্রদ বলিয়াই এ সমুদায় প্রিয় হয়।" "আত্মাই দ্রষ্টব্য" যে প্রাণের

কর্ষণম্ "আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি" "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ" "যঃ প্রাণেন প্রাণিতি, স ত আত্মা সর্ব্বান্তরঃ" "য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যতে" ইত্যুপক্রম্য "এতন্ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি" ইতি চৈবমাদি, তদপি "অস্য বা মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতৎ যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ" "যোঽশনায়াপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমত্যেতি পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে, স উত্তমঃ পুরুষঃ" ইত্যেবমাদিভির্ব্বাক্যশেষৈঃ সত্যামেবাধিকোপদিদিক্ষায়াং নাত্যন্তভেদাভিপ্রায়মিত্যবিরোধঃ। পারমেশ্বরমেব হি শারীরস্য পারমার্থিকং স্বরূপম্, উপাধিকৃতন্তু শারীরত্বং "তৎমসি" "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা" ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ। সর্ব্বঞ্চৈতৎ বিস্তরেণাস্মাভিঃ পুরস্তাৎ তত্র তত্র নির্ণীতম্ ॥ ৩। ৪। ৮ ॥

রজ্জুরূপাদত্যন্তাভেদঃ প্রতিপাদ্যতে—যোঽয়ং সর্পঃ সা রজ্জুরিতি, যথা। বিদ্যায়াঃ কর্ম্মাঙ্গত্বে দর্শনমুপন্যস্তমেবমকর্ম্মাঙ্গত্বে ন দর্শনমুক্তম্। তত্র কর্ম্মাঙ্গত্বদর্শনা-নামন্যথাসিদ্ধিরুক্তা। কেবলবিদ্যাদর্শনানান্তু নান্যথাসিদ্ধিরসার্ব্বত্রিকী ব্যাপ্তি-রপ্যদ্গীথবিদ্যাপেক্ষয়া, তস্যা এব প্রকৃতত্বাৎ ন ত্বশেষাপেক্ষয়া। যথা সর্ব্বে ব্রাহ্মণা ভোজ্যন্তামিতি নিমন্ত্রিতাপেক্ষয়া, তেষামেব প্রকৃত্বাৎ ॥ ৩। ৪। ৮ ॥

দ্বারা প্রাণবান্ অর্থাৎ জীবিত থাকা যায়, তাহা আত্মা ও সর্ব্বান্তর (সমুদায় দৈহিক পদার্থের অভ্যন্তরে বা মূলে বিরাজমান)।" "চক্ষুতে এই যে পুরুষ দৃষ্ট হন" ইত্যাদি, পরন্তু সে সকল বাক্যও জীবপরমাত্মার আত্যন্তিক ভেদ অভিপ্রায়ে আম্নাত হয় নাই। কারণ, সেই সেই প্রস্তাবের শেষে এই সকল বাক্যসন্দর্ভ আছে।" "ঋগ্বেদ যজুর্ব্বেদ সামবেদ প্রভৃতি সমস্তই এই মহৎভূতের (নিত্যসিদ্ধ ব্রহ্মের) নিঃশ্বাসতুল্য অর্থাৎ ঋগ্বেদাদি সমুদায় শাস্ত্র তাঁহা হইতে বিনা প্রযত্নে বহির্ভূত হইয়াছে।" "যিনি ক্ষুধা তৃষ্ণা শোক মোহ জরা মৃত্যু অতিক্রম করেন, পরম জ্যোতিঃ (ব্রহ্ম) সম্পন্ন হইয়া স্বীয় পারমার্থিক রূপ প্রাপ্ত হন, তিনিই উত্তম পুরুষ।" ইত্যাদি। ইত্যাদিবিধ বাক্যশেষ দ্বারা ইহাই প্রতীত হইতেছে যে, শ্রুতির অধিক বলিবার ইচ্ছা থাকায় সেই সেই স্থলে অসংসারী ব্রহ্মের উপদেশ করাই অভিপ্রেত, তাই তিনি প্রদর্শিত শেষ বাক্যে জীবব্রহ্মের আত্যন্তিক ভেদ বলেন নাই, সুতরাং উত্থাপিত আপত্তির খণ্ডন ও বিরোধভঞ্জন সুসিদ্ধ হয়। পারমেশ্বর-রূপই শারীরাত্মার পারমার্থিক স্বরূপ ; তাঁহার যে, শারীরত্ব বা জীবত্ব, তাহা উপাধিকৃত। এ কথা "তত্ত্বমসি" মহাবাক্যে ও "ইহাঁ ছাড়া পৃথক্ দ্রষ্টা নাই—" ইত্যাদি বাক্যে অভিহিত আছে। এ সমস্তই আমরা ইতঃপূর্ব্বে সেই সেই স্থানে সবিস্তরে বলিয়াছি ॥ ৩। ৪। ৮ ॥

তুল্যন্তু দর্শনম্ ॥ ৩।৪।৯॥ *

যদুক্তমাচারদর্শনাৎ কর্ম্মশেষো বিদ্যেত্যত্র ক্রমঃ—তুল্যমাচারদর্শনমকর্ম্মশেষত্বেঽপি বিদ্যায়াঃ। তথা হি শ্রুতির্ভবতি "এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বাংস আহুঋর্ষয়ঃ কাবষেয়াঃ কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে, এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে বিদ্বাংসোঽগ্নিহোত্রং ন জুহবাঞ্চক্রিরে, এতং বৈ তমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়শ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি" ইত্যেবঞ্জাতীয়কা। যাজ্ঞবল্ক্যাদীনামপি ব্রহ্মবিদামকর্ম্মনিষ্ঠত্বং দৃশ্যতে "এতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞ-

[আনন্দগিরিঃ। পরোক্তং লিঙ্গদর্শনং প্রত্যাহ—তুল্যন্ত্বিতি। উক্তমনূদ্য সূত্রমুত্তরত্বেন যোজয়তি যদিত্যাদিনা। ইতশ্চ বিদ্যায়াঃ ন শেষত্বেত্যাহ—যাজ্ঞবল্ক্যেতি। আদিশব্দেন শুকাদয়ো গৃহ্যন্তে। কথং তেষামকর্ম্মনিষ্ঠত্বং, তদাহ—এতাবদিতি। উভয়থা লিঙ্গদর্শনে সংশয়মাশঙ্ক্য পরকীয়সিদ্ধানামন্যথাসিদ্ধিং বক্তুমারভতে অপি চেতি। তত্র যক্ষ্যমাণ ইত্যাদিলিঙ্গদর্শনস্যান্যথাসিদ্ধিমাহ যক্ষ্যমাণ ইতি। তত্রাপি বিদ্যান্তরে কর্ম্মসাহিত্যমন্যথা ব্রহ্মবিদ্যায়ামপি তৎপ্রসঙ্গাদিত্যাশঙ্ক্যাহ সম্ভবতীতি। তর্হি বৈশ্বানরবিদ্যায়া ন স্বাতন্ত্র্যেণ ফলবত্ত্বং কর্ম্মাঙ্গত্বাঙ্গীকারাৎ, তত্রাহ ন ত্বিতি। যেষাঞ্চ ব্রহ্মবিদামপি কর্ম্ম

বলিয়াছিলে যে, আচার দেখা যায় অর্থাৎ জ্ঞানীদিগকেও কর্ম্মানুষ্ঠান করিতে দেখা যায়, তৎকারণে জ্ঞান কর্ম্মাঙ্গ বলিয়া অবধৃত হউক, সে কথারও প্রত্যুত্তর দিতেছি। আচারদর্শন তুল্য অর্থাং কর্ম্ম ও কর্ম্মত্যাগ উভয় পক্ষেই আচার দর্শন আছে। শ্রুতিতে যেমন জ্ঞানীর কর্ম্মানুষ্ঠান বর্ণিত আছে, তেমনি কর্ম্মত্যাগও বর্ণিত আছে। কর্ম্মবর্জ্জনবোধিকা শ্রুতি এই—'ব্রহ্মজ্ঞ ঋষিরা এইরূপ বলিয়াছিলেন। আমরা কি জন্য অধ্যয়ন করিব? কি জন্য যজ্ঞ করিব? পূর্ব্ববর্ত্তী বিদ্বানগণ অগ্নিহোত্র হোম করেন নাই। ব্রহ্মনিষ্ঠগণ আত্মার সাক্ষাৎকার লাভ করিয়া পুত্রেচ্ছা ধনেচ্ছা ও লোকেচ্ছা হইতে ব্যুত্থিত হইয়া অর্থাৎ সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগ করিয়া ব্রহ্মনিষ্ঠতা আচরণ করেন অর্থাৎ ব্রহ্মসংস্থ হন।" ইত্যাদি। [যাজ্ঞবল্ক্য...ক্রমঃ] যজ্ঞবল্ক্য, শুক ও নারদ প্রভৃতি জ্ঞানী ছিলেন, অথচ কর্ম্মনিষ্ঠ ছিলেন না। "ইহাই অমৃত (মোক্ষ) এই বলিয়া

* দর্শনমাচারদর্শনং তুল্যং কর্ম্মাকর্ম্মশেষত্বে ইতি।

শাস্ত্রে যেমন জ্ঞানীর আচারনিষ্ঠতা অর্থাৎ কর্ম্মানুষ্ঠানে রতি দেখিয়াছ, তেমনি কর্ম্মবিরতিও দেখিতে পাইবে। অতএব, আচারদর্শনরূপ হেতু উভয় পক্ষেই তুল্য। সে জন্য তাহা তদ্বার সাধক হইতে পারে না। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

বল্ক্যঃ প্রবব্রাজ" ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ। অপি চ "যক্ষ্যমাণো হ বৈ ভগবন্তোঽহমস্মি" ইত্যেতল্লিঙ্গদর্শনং বৈশ্বানরবিদ্যাবিষয়ম্। সম্ভবতি চ সোপাধিকায়াং ব্রহ্মবিদ্যায়াং কর্ম্মসাহিত্যদর্শনং, ন ত্বত্রাপি কর্ম্মাঙ্গত্বমস্তি প্রকরণাদ্যভাবাৎ॥ ৩। ৪। ৯॥

যৎ পুনরুক্তং "তচ্ছ্রুতেঃ" ইতি, অত্র ব্রূমঃ।

অসার্ব্বত্রিকী॥ ৩। ৪। ১০॥*

"যদেব বিদ্যয়া করোতি" ইত্যেষা শ্রুতি ন সর্ব্ববিদ্যাবিষয়া, প্রকৃতবিদ্যাভিসম্বন্ধাৎ। প্রকৃতা চোদ্গীথবিদ্যা "ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীত" ইত্যত্র [ছা০]॥ ৩। ৪। ১০॥

দৃশ্যতে, ন তত্তেষাং কর্ম্ম, তদ্ধি চোদনালক্ষণং, তেষাঞ্চাহংমমাভিমানাভাবে চ চোদনাভাবাৎ কথঞ্চিদনুবর্ত্তমানমপি তদাভাসমাত্রমিতি ভাবঃ। পরোক্তাং শ্রুতিমনূদ্য তদুত্তরত্বেন সূত্রমবতারয়তি যদিতি॥ ইত্যানন্দগিরিঃ॥ ৩। ৪। ৯॥]

ভামতী। সুগমম্॥ ৩। ৪। ১০॥

[আনন্দগিরিঃ। তদ্বিভজতে যদেবেতি। বিদ্যাশব্দস্য সামান্যবিষয়স্য

যাজ্ঞবল্ক্য প্রব্রজ্যা অর্থাৎ সন্ন্যাস গ্রহণ করিলেন।" এই শ্রুতিতে জ্ঞানী যাজ্ঞবল্ক্যের কর্ম্মত্যাগের কথা শুনা যায়। "হে মহাভাগগণ, আমি এখন যজ্ঞদীক্ষিত।" এই লিঙ্গদর্শন অর্থাৎ ব্রহ্মজ্ঞ কৈকেয় রাজার যজ্ঞদীক্ষিত হওয়ার কথা, ইহা বৈশ্বানর-উপাসনা-বিষয়ক। যদিও সগুণব্রহ্মজ্ঞানে কর্ম্মসাহিত্য থাকা অসম্ভব নহে, তথাপি তাহা প্রকরণস্থ নহে বলিয়া সে স্থলেও কর্ম্মসাহিত্যের অভাব আছে। ৩। ৪। ৯॥

বলিয়াছিলে যে, "উপনিষদা" এতদ্বাক্যস্থ তৃতীয়া বিভক্তির বলে উপনিষদ্প্রভব জ্ঞানের কর্ম্মাঙ্গতা অবধারিত হইতে পারে; এক্ষণে সে কথার প্রত্যুত্তর বলিব।

তাহা সার্ব্বত্রিক নহে। "বিদ্যাসহকারে যাহা করে—"এই শ্রুতি সর্ব্ববিদ্যাবোধিকা নহে। কেননা, প্রস্তাবিত বিদ্যার সহিতই উহার সম্বন্ধ। উদ্গীথজ্ঞানে ওঁ এই অক্ষরের উপাসনা করিবেক, এই প্রস্তাবে ঐ কথা অভিহিত হওয়ায় উদ্গীথবিদ্যার সহিতই ঐ শ্রুতির সম্বন্ধ॥ ৩। ৪। ১০॥

---

* অসার্ব্বত্রিকী ন সর্ব্ববিদ্যাবিষয়া। প্রকৃতা যা উদ্গীথবিদ্যা, তদ্বিষয়া এব সা শ্রুতিরিতি সূত্রার্থঃ। খবিদ্যা-

তৃতীয়া শ্রুতি কর্ম্মাঙ্গের বিনিযোজকহয় সত্য; পরন্তু প্রদর্শিত তৃতীয়া শ্রুতি উদ্গী প্রকরণে অভিহিত; সেই কারণে তাহা সর্ব্ববিদ্যার কর্ম্মাঙ্গতা বোধিকা নহে। অর্থাৎ তদ্দ্বারা কেবল উদ্গীথজ্ঞান'কেই কর্ম্মাঙ্গ বলিতে পার, অন্য জ্ঞানকে(উপাসনাকে) কর্ম্মাঙ্গ বলিতে পার না।

বিভাগঃ শতবৎ ॥ ৩ । ৪ । ১১ ॥ *

যদপ্যুক্তং "তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে" ইত্যেতৎ সমন্বারম্ভবচনমস্বাতন্ত্র্যে বিদ্যায়া লিঙ্গমিতি, তৎ প্রত্যুচ্যতে। বিভাগোঽত্র দ্রষ্টব্যঃ। বিদ্যা অন্যং পুরুষং সমন্বারভতে, কর্ম্মান্যমিতি, শতবৎ, যথা শতমাভ্যাং দীয়তামিত্যুক্তে বিভজ্য দীয়তে— পঞ্চাশদেকস্মৈ, পঞ্চাশদপরস্মৈ, তদ্বৎ। ন চেদং সমন্বারম্ভবচনং মুমুক্ষুবিষয়ম্ "ইতি তু কাময়মানঃ" ইতি সংসারিবিষয়ত্বোপসংহারাৎ। "অথাঽকাময়মানঃ" ইতি চ মুমুক্ষোঃ পৃথগুপক্রমাৎ। তত্র সংসারিবিষয়া বিদ্যা বিহিতা প্রতিষিদ্ধা চ পরিগৃহ্যতে, বিশেষাভাবাৎ, কর্ম্মাপি বিহিতং প্রতিষিদ্ধঞ্চ, যথাপ্রাপ্তানু-

---

বিশেষাকাঙ্ক্ষস্য প্রাকরণিকবিশেষেণ চরিতার্থত্বাদিতি হেতুমাহ প্রকৃতেতি। আত্মধিয়স্তথাত্বশঙ্কাং প্রত্যাহ প্রকৃতা চেতি। ইত্যানন্দগিরিঃ ॥ ৩ । ৪ । ১০ ॥

অবিভাগোঽপি ন দোষ ইত্যাহ—"ন চেদং সমন্বারম্ভবচনম্"

বলিয়াছিলে যে, জ্ঞান কর্ম্ম উভয়ই পরলোক গমনে উদ্যত পুরুষের অনুগমন করে, মরণের পর ভোগদেহ জন্মায় বা আরম্ভ করে, এই সমন্বারম্ভ বাক্য জ্ঞানের অস্বাতন্ত্র্যপক্ষের গমক, সে কথার প্রত্যুত্তর দিতেছি। সেই সমন্বারম্ভ—দীয়মান শতসংখ্যার দৃষ্টান্তে বিভাগক্রমে উপপন্ন হয়। বিদ্যা অর্থাৎ জ্ঞান যে-পুরুষকে যে-রূপে আরম্ভ (অনুগমন) করে, কর্ম্ম সে পুরুষকে সে রূপে আরম্ভ (অনুগমন) করে না। জ্ঞানফল একপ্রকার, কর্ম্মফল অন্যপ্রকার। যেমন "দুই ব্যক্তিকে শত মুদ্রা দাও" বলিলে বিভাগ প্রক্রিয়ায় এক জনকে পঞ্চাশ, অন্যজনকে পঞ্চাশ দেওয়া হয়, সেইরূপ, বিদ্যা ও কর্ম্ম বিভাগপ্রণালীতেই ফলপ্রদান করে। [ন চেদং ..পঠতি] এমন বলিতে পারিবে না যে, ঐ সমন্বারম্ভবাক্য মুমুক্ষু বিষয়ে অভিহিত। অর্থাৎ ঐ উভয় মুমুক্ষুর অনুগমন করে, সংসারীর অনুগমন করে না, এরূপ নহে। কারণ, শ্রুতি "এইরূপ কামনা বা সংকল্প করে বলিয়া সংকল্পানুরূপ লোকে যায়" এইরূপে সংসারী জীবকে লক্ষ্য করিয়া প্রোক্ত প্রস্তাব শেষ করিয়াছেন। অপিচ "যে কামনা করে না, সংকল্প ত্যাগ করে—"এইরূপে মুমুক্ষুবিষয়ক পৃথক্ উপক্রম (প্রস্তাব বা সন্দর্ভ) বলিয়াছেন। তন্মধ্যে যে সকল

---

* শতং যথা বিভজ্য দীয়তে পঞ্চাশদেকস্মৈ পঞ্চাশদন্যস্মৈ, তথা বিদ্যাকর্ম্মণী অপি বিভাগেন সমন্বারভেতে ন তু সাহিত্যেনেতি।

শত মুদ্রাবিভাগের দৃষ্টান্তে উক্ত উভয়ের (বিদ্যাকর্ম্মের) বিভাগ অবধারণ করিতে হইবে।

বাদিত্বাৎ। এবং সত্যবিভাগেনাপীদং সমন্বারম্ভবচনমবকল্পতে ॥৩।৪।১১॥

যচ্চোক্তং "তদ্বতো বিধানাৎ" ইতি, অত উত্তরং পঠতি—

অধ্যয়নমাত্রবতঃ ॥ ৩ । ৪ । ১২ ॥*

"আচার্য্যকুলাৎ বেদমধীত্য" ইত্যত্রাধ্যয়নমাত্রস্য শ্রবণাদধ্যয়নমাত্রবত এব কর্ম্মবিধিরিত্যধ্যবস্যামঃ। নন্বেবং সত্যবিদ্বত্ত্বাদনধিকারঃ কর্ম্মসু প্রসজ্যেত। নৈষ দোষঃ। ন বয়মধ্যয়নপ্রভবং কর্ম্মাববোধনমধিকারকারণং বারয়ামঃ। কিং তর্হি, ঔপনিষদমাত্মজ্ঞানং স্বাতন্ত্র্যেণৈব প্রয়োজনবৎ প্রতীয়মানং ন কর্ম্মাধিকারকারণতাং প্রতিপদ্যত ইত্যেতাবৎ প্রতিপাদয়ামঃ।

ইতি। সংসারিবিষয়া বিদ্যা বিহিতা যথোদ্গীথবিদ্যা, প্রতিষিদ্ধা চ যথা সচ্ছাস্ত্রাধিগমনলক্ষণা ॥ ৩ । ৪ । ১১ ॥

অধ্যয়নমাত্রবত এব কর্ম্মবিধির্ন তূপনিষদধ্যয়নবতঃ। এতদুক্তং ভবতি। যদধ্যয়নমর্থাববোধপর্য্যন্তং কর্ম্মসূপযুজ্যতে। যথা কর্ম্মবিধিবাক্যানাং তন্মাত্রবত এবাধিকারঃ কর্ম্মসু, নোপনিষদধ্যয়নবতঃ, তদধ্যয়নস্য কর্ম্মস্বনুপযোগাদিতি। অধ্যয়নমাত্রবত এবেতি মাত্রগ্রহণেনার্থজ্ঞানং বা ব্যবচ্ছিন্নমিতি মন্তব্যো

বিদ্যা সংসারগোচরা, সে সকল বিদ্যা অবিশেষে বিহিত ও প্রতিষিদ্ধ। আর যে বিদ্যা সংসারগোচরা নহে, সে বিদ্যাবিষয়ে ঐ সমন্বারম্ভ বাক্যের অবিভাগ অর্থাৎ সমুচ্চয় উপপন্ন হইতে পারে ॥ ৩ । ৪ । ১১ ॥

বলিয়াছিলে যে, কর্ম্ম কেবল বেদাধ্যয়নবান্ পুরুষের জন্য বিহিত, তদনুসারেও বৈদিকজ্ঞানের কর্ম্মশেষতা প্রতীত হয়, আচার্য্য ব্যাস সে কথারও উত্তর দিতেছেন।

"গুরুকুলে বাস করতঃ বেদ অধ্যন করিয়া—" এই বাক্যে অধ্যয়ন শব্দ সন্নিবিষ্ট থাকায় নিশ্চয় হয়, যে লোক কেবলমাত্র বেদ উচ্চারণ করিতে শিখিয়াছে—অভ্যাস করিয়াছে, সেও কর্ম্মকাণ্ডে অধিকারী। অর্থবোধ ব্যতীত প্রকৃত কর্ম্মাধিকার হয় না সত্য; পরন্তু আমরা এমন কথা বলি না যে, অধ্যয়নপ্রসূত কর্ম্মবিষয়ক জ্ঞান কর্ম্মের অধিকার নিবারক। আমরা ইহাই প্রতিপাদন করিব, দেখাইব, যে বেদশিরাঃ উপনিষদ্ ও তৎপ্রভব আত্মজ্ঞানের ফল স্বতন্ত্র, এবং তাহাই কর্ম্মাধিকারের অপ্রয়োজক। যে এক যজ্ঞ করিবে, সে যেমন অন্য যজ্ঞের জ্ঞান অপেক্ষা করে না, তেমনি,

* মাত্রশব্দেন জ্ঞানস্য ব্যবচ্ছেদঃ।
কর্ম্মাধিকারে জ্ঞানের প্রতীক্ষা নাই। তাহা কেবলমাত্র অধ্যয়ন-সাপেক্ষ।

যথা চ ন ক্রত্বন্তরজ্ঞানং ক্রত্বন্তরাধিকারিণাপেক্ষ্যতে, এবমেতদপি দ্রষ্টব্যমিতি ॥ ৩ । ৪ । ১২ ॥

যদপ্যুক্তং "নিয়মাচ্চ" ইতি, অত্রাভিধীয়তে—

নাবিশেষাৎ ॥ ৩ । ৪ । ১৩ ॥ *

"কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেৎ" ইত্যেবমাদিষু নিয়মশ্রবণেষু ন বিদুষ ইতি বিশেষোঽস্তি। অবিশেষেণ নিয়মবিধানাৎ ॥ ৩ । ৪ । ১৩ ॥

স্তুতয়েঽনুমতির্ব্বা ॥ ৩ । ৪ । ১৪ ॥ †

"কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি" ইত্যত্রাপরো বিশেষ আখ্যায়তে। যদ্যপ্যত্র প্রকরণসামর্থ্যাৎ বিদ্বানেব কুর্ব্বন্নিতি সম্বধ্যতে,

---

ভ্রান্তশ্চোদয়তি—"নন্বেবং সতি" ইতি। স্বাভিপ্রায়মুদ্ঘাটয়ন্ সমাধত্তে—"ন বয়ম্"-ইতি। উপনিষদধ্যয়নাপেক্ষং মাত্রগ্রহণং নার্থবোধাপেক্ষমিত্যর্থঃ ॥ ৩ । ৪ । ১২ ॥

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণীত্যবিদ্যাবদ্বিষয়মিত্যর্থঃ। বিদ্যাবদ্বিষয়ত্বেঽপ্যবিরোধো-বিদ্যাস্তুত্যর্থত্বাদিত্যাহ—॥ ৩ । ৪ । ১৩ ॥

অপি চ, বিদ্যাফলং প্রত্যক্ষং দর্শয়ন্তী শ্রুতিঃ কালান্তরভাবিফল-কর্ম্মাঙ্গত্বং বিদ্যায়া নিরাকরোতীত্যাহ ॥ ৩ । ৪ । ১৪ ॥

যে কর্ম্ম করিবে, সেও ঔপনিষদ আত্মজ্ঞান অপেক্ষা করে না। কারণ এই যে, অর্থ জানুক বা না জানুক, উপনিষদুক্ত মন্ত্র অভ্যস্ত হইলেই সে কর্ম্ম-বিষয়ে কৃতকার্য্য হইতে পারে ॥ ৩ । ৪ । ১২ ॥

আর এক কথা বলিয়াছিলে যে, কর্ম্ম করার নিয়ম দেখা যায়, সে কথারও প্রত্যুত্তর দিতেছি—

"কর্ম্মতৎপর থাকিয়া শতবর্ষব্যাপী জীবন ইচ্ছা করিবেক" ইত্যাদি বাক্যে কর্ম্মকরণের নিয়ম শুনা যায় সত্য; পরন্তু সে নিয়ম জ্ঞানী অজ্ঞানী উভয় সাধারণ। জ্ঞানীর পক্ষে কোনরূপ বিশেষ নিয়ম শ্রুত হয় নাই ॥ ৩ । ৪ । ১৩ ॥

"এতদ্দেহে কর্ম্ম করিতে করিতে—" এই বাক্যের অপর এক অর্থ আছে। "কর্ম্ম কুর্ব্বন্" এই কথার সঙ্গে প্রকরণ অনুসারে বিদ্বানের সম্বন্ধ বা অন্বয় হয় হউক, তথাপি দোষ হইবে না। অর্থাৎ জ্ঞানীও কর্ম্ম করিবেন, এ

---

* দর্শিতং যন্নিয়মবিধানং, তদবিদ্বদ্বিষয়মিতি।

অবিশেষে নিয়মের বিধান, সুতরাং জ্ঞানীর সম্বন্ধে বিশেষাভাব। অর্থাৎ জ্ঞানীও কর্ম্ম-তৎপর হইবেন, এ বিশেষ ঐ বিধানে লব্ধ হয় না।

† অথবা স্তুতয়ে বিদ্যাপ্রশংসার্থং অনুমতিঃ কর্ম্মানুজ্ঞানম্।

অথবা ঐ কর্ম্মানুমতি (কর্ম্ম করিবার আদেশ বা বিধান) বিদ্যার (জ্ঞানের বা উপাসনার) স্তুতিনিমিত্ত অর্থাৎ ঐ কথা বিদ্যামহিমা বলিবার জন্ত বা বিদ্যা প্রশংসা করিবার জন্ত।

তথাপি বিদ্যাস্তুতয়ে কর্ম্মানুজ্ঞানমেতৎ দ্রষ্টব্যম্। "ন কর্ম্ম লিপ্যতে নরে" ইতি হি বক্ষ্যতি। এতদুক্তং ভবতি—যাবজ্জীবং কর্ম্ম কুর্ব্বত্যপি পুরুষে বিদুষি ন কর্ম্ম লেপায় ভবতি বিদ্যাসামর্থ্যাদিতি। তদেবং বিদ্যা স্তূয়তে ॥ ৩। ৪। ১৪ ॥

কামকারেণ চৈকে ॥ ৩। ৪। ১৫ ॥

অপি চ, একে বিদ্বাংসঃ প্রত্যক্ষীকৃতবিদ্যাফলাঃ সন্তস্তদবষ্টম্ভাৎ ফলান্তরসাধনেষু প্রযাজাদিষু প্রয়োজনাভাবং পরামৃশন্তি। কামকারেণেতি শ্রুতির্ভবতি বাজসনেয়িনাম্ "এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে, কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোকঃ" ইতি। অনুভবা-

---

কামকার ইচ্ছা ॥ ৩। ৪। ১৫ ॥

অর্থ হইলেও তাহা অস্মৎপক্ষের প্রতিকূল হইবে না। কারণ, ঐ কর্ম্মানুজ্ঞা ("বিদ্বান্ কর্ম্ম করিতে করিতে" এ কথা) জ্ঞান প্রশংসার্থ ব্যতীত অন্য অর্থে প্রযোজিত হয় নাই। কেননা, শ্রুতি ঐ কথার অব্যবহিত পরেই বলিয়াছেন—কোন কর্ম্মই বিদ্বান্ নরে লিপ্ত হয় না। কর্ম্ম বিদ্বান্ নরে লিপ্ত হয় না, এই কথায় ইহাই বলা হইয়াছে যে, বিদ্যার এমনই প্রভাব যে, যাবজ্জীবন কর্ম্ম করিলেও তাহা বিদ্বান্ (আত্মতত্ত্বজ্ঞানী) নরে সংসৃষ্ট হয় না। জ্ঞানবলে সে সকল পদ্মপত্রস্থ জলের ন্যায় বিশ্লিষ্ট হইয়া যায়। এইরূপ জ্ঞানস্তুতি করা হইয়াছে মাত্র ॥ ৩। ৪। ১৪ ॥

কোন কোন জ্ঞানী—যাঁহারা জ্ঞানফল প্রত্যক্ষ করিয়াছিলেন, তাঁহারা—সেই উপলক্ষ্যে কাম্যফলোপায় প্রযাজ প্রভৃতি যাগে প্রয়োজনাভাব বুঝিতে পারিয়াছিলেন, এবং তাহা প্রকাশ করিয়াছিলেন। এই কথাই "কামকারেণ" সূত্রে বলা হইয়াছে অর্থাৎ দেখান হইয়াছে। এ সম্বন্ধে যজুর্ব্বেদীয় বাজসনেয়ী শাখায় শ্রুতি আছে। যথা—"পূর্ব্ব পূর্ব্ব জ্ঞানীরা প্রজা কামনা করেন নাই। (প্রজা=সন্তান। তদুপলক্ষিত গার্হস্থ্য ধর্ম্ম)। তাঁহারা জানিয়াছিলেন ও বলিয়াছিলেন যে, আত্মাই আমাদের প্রত্যক্ষ লোক; সুতরাং আমরা প্রজা লইয়া কি করিব" ইত্যাদি। [অনু...শ্রয়িতুম্] অনুভবারূঢ় বা প্রত্যক্ষীকৃত জ্ঞানফল কর্ম্মফলের ন্যায় কালান্তরভাবী নহে। জ্ঞানের অব্যবহিত

* একে ঋষয় বিদ্বাংসঃ কামকারেণ স্বেচ্ছাতঃ। ইচ্ছাদিসাধ্যকর্ম্মণস্ত্যাগাৎ ন জ্ঞানং কর্ম্মণোঽঙ্গমিতি স্থিতিঃ।

প্রত্যক্ষীকৃতবিদ্যাফল পূর্ব্বর্ষিগণ কামনাপ্রসূত বা ইচ্ছাসাধ্য কর্ম্ম করেন নাই।

রূঢ়মেব চ বিদ্যাফলং ন ক্রিয়াফলবৎ কালান্তরভাবীত্যসকৃদাবেদিতম্। অতোঽপি ন বিদ্যায়াঃ কর্ম্মশেষত্বং, নাপি তদ্বিষয়ায়াঃ ফলশ্রুতেরযথার্থত্বং শক্যমাশ্রয়িতুম্ ॥ ৩। ৪। ১৫ ॥

উপমর্দ্দঞ্চ ॥ ৩। ৪। ১৬ ॥ *

অপি চ, কর্ম্মাধিকারহেতোঃ ক্রিয়াকারকফললক্ষণস্য সমস্তস্য প্রপঞ্চস্যাবিদ্যাকৃতস্য বিদ্যাসামর্থ্যাৎ স্বরূপোপমর্দ্দমামনন্তি "যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ তৎ কেন কং জিঘ্রেৎ" ইত্যাদিনা। বেদান্তোদিতাত্মজ্ঞানপূর্ব্বিকান্তু কর্ম্মাধিকারসিদ্ধিং প্রত্যাশাসানস্য কর্ম্মাধিকারোচ্ছিত্তিরেব প্রসজ্যেত। তস্মাদপি স্বাতন্ত্র্যং বিদ্যায়াঃ ॥ ৩। ৪ ১৬ ॥

ঊর্দ্ধরেতঃসু চ শব্দে হি ॥ ৩। ৪। ১৭ ॥ †

ঊর্দ্ধরেতঃসু চাশ্রমেষু বিদ্যা শ্রূয়তে। ন চ তত্র কর্ম্মাঙ্গত্বং

অধিকোপদেশাদিত্যনেনাত্মন এব শুদ্ধবুদ্ধোদাসীনত্বাদয় উক্তাঃ। ইহ তু সমস্তক্রিয়াকারকফলবিভাগোপমর্দ্দশ্চেতি ॥ ৩। ৪। ১৬ ॥

সুবোধম্ ॥ ৩। ৪। ১৭ ॥

পরেই জ্ঞানফল অনুভূত হয়, এ তথ্য আমরা পুনঃপুনঃ বলিয়াছি ও প্রতিপাদন করিয়াছি। সে জন্যও জ্ঞান কর্ম্মের সহচর বা অঙ্গ নহে এবং তৎসম্বন্ধীয় ফলবাক্যও অর্থবাদ নহে ॥৩।৪।১৫॥

অন্য হেতুও আছে। সে হেতু এই। শ্রুতি বলিয়াছেন যে, যাহা যাহা কর্ম্মাধিকারের কারণ—অর্থাৎ ক্রিয়া ও কারক (কর্ত্তা কর্ম্ম সম্প্রদান প্রভৃতি), সে সমুদায়ই মিথ্যাপ্রপঞ্চ বা অবিদ্যাবিজৃম্ভিত। সেই জন্যই সে সকল বিদ্যার উদয়ে উপমর্দ্দিত বা বিলীন হইয়া যায়। যথা—"যে সময়ে জ্ঞানীর এ সমস্তই আত্মভূত হয়, সে সময়ে বা তখন কে কি দিয়া কি দেখিবে?" ইত্যাদি। যাহারা বেদান্তোক্ত জ্ঞানের উদয়ের পরে কর্ম্মাধিকারের আশা করেন, তাহাদের আশা দুরাশাই। বৈদান্তিক আত্মজ্ঞান উদিত হইলে কর্ম্মাধিকার হওয়া দূরে থাকুক, তদ্দ্বারা তাহার মূলোচ্ছেদই হইয়া থাকে। অতএব, বিদ্যার (জ্ঞানের) স্বাতন্ত্র্যই সিদ্ধান্ত, সাহিত্যপক্ষ সিদ্ধান্ত নহে ॥ ৩। ৪। ১৬ ॥

ঊর্দ্ধরেতঃ আশ্রমে (সন্ন্যাসনামক চতুর্থাশ্রমে) বিদ্যার শ্রবণ আছে।

---

* অশেষক্রিয়াবিভাগোপমর্দ্দকত্বং জ্ঞানস্যেতি নাত্মবিজ্ঞানং কর্ম্মাঙ্গমিতি।

ঔপনিষদ আত্মবিজ্ঞান কর্ম্মাঙ্গ হওয়া দূরে থাকুক, তাহার উদয়ে কর্ম্মের উপমর্দ্দন (বিনাশ) দেখা যায়।

† ঊর্দ্ধরেতঃসু চতুর্থাশ্রমেষু। শব্দে বৈদিকেষু শব্দেষু।

বিদ্যায়া উপপদ্যতে, কর্ম্মাভাবাৎ। ন হ্যগ্নিহোত্রাদীনি বৈদিকানি কর্ম্মাণি তেষাং সন্তি। স্যাদেতৎ, ঊর্দ্ধরেতস আশ্রমা ন শ্রূয়ন্তে বেদ ইতি, তদপি নাস্তি, তেঽপি হি বৈদিকেষু শব্দেষ্ববগম্যন্তে। "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ। যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে" "তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে" "এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" "ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ" ইত্যেবমাদিষু। প্রতিপন্নাপ্রতিপন্নগার্হস্থ্যানামপাকৃতানপা-

[বিদ্যাস্বাতন্ত্র্যে হেত্বন্তরমাহ—ঊর্দ্ধরেতঃস্বিতি। বিদ্যাকর্ম্মণী নাঙ্গাঙ্গিভূতে, মিথো ব্যতিরেকিত্বাদৃতুগমন-নৈষ্ঠিকব্রতবদিতি মত্বা যোজয়তি—ঊর্দ্ধেত্যাদিনা। তথাপি কথং কর্ম্মাঙ্গত্বং বিদ্যায়া ব্যাসেধ্যতে, তত্রাহ ন চেতি। তেষামপি স্নানাদিকর্ম্মাস্তীত্যাশঙ্ক্যাহ নহীতি। বাধিতানুবৃত্ত্যা তৎসম্ভাবেঽপি বৈদিকাগ্নিহোত্রাদ্যভাবাৎ ন ক্রত্বঙ্গতা জ্ঞানস্যেত্যর্থঃ। শব্দে হীতি সূত্রাবয়বব্যাবৃত্ত্যামাশঙ্কামাহ স্যাদিতি। সূত্রাবয়বেনোত্তরমাহ তদপীতি। কর্ম্মানধিকৃতান্ধাদিবিষয়ং পারিব্রাজ্যমিত্যাশঙ্ক্যাহ প্রতিপন্নেতি। ঋণাপাকরণে শ্রুতিস্মৃতিভ্যাং গৃহস্থস্যৈবাপাকৃতর্ণত্রয়স্যৈবোর্দ্ধরেতঃশব্দিতমৈথুনাসমাচারোপলক্ষিতং পারিব্রাজ্যমিত্যাশঙ্ক্যাহ—অপাকৃতেতি। সাক্ষাদ্বিধিশ্রুতিবিরোধেঽর্থবাদশ্রুতিস্মৃত্যোর্ব্বাধ্যতেত্যভিপ্রেত্যোক্তম্ শ্রুতীতি। শ্রুতির্ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদিত্যাদ্যা দর্শিতা, স্মৃতিস্তু "যস্যাশ্রমবিকল্পমেকে ব্রুবতে যমিচ্ছেৎ তমাবসেৎ" ইত্যাদ্যোদাহার্য্যা। ঊর্দ্ধরেতঃস্বাশ্রমেষু বিদ্যায়াঃ সিদ্ধৌ ফলিতমাহ তস্মা-

সে আশ্রমে কিরূপে বিদ্যার কর্ম্মাঙ্গতা স্থির রাখিবে? সে আশ্রমে ত কর্ম্ম নাই? সে আশ্রমে, কি অগ্নিহোত্র কি অন্য কর্ম্ম কোন কর্ম্মই নাই। [স্যদেতৎ...দিষু] কৈ? বেদে ত ঊর্দ্ধরেতঃ আশ্রমের শ্রবণ নাই? (ঊর্দ্ধরেতনামক আশ্রমই নাই; সুতরাং সে আশ্রমের উল্লেখে জ্ঞানের কর্ম্মাঙ্গতার ব্যভিচার প্রদর্শন অসিদ্ধ বা অযৌক্তিক) এ কথাও বলিতে পার না। কারণ, ঊর্দ্ধরেতঃ আশ্রমও বৈদিক শব্দে পাওয়া যায় বা দেখা যায়। যথা—"ধর্ম্মস্কন্ধ তিন্—দান, অধ্যয়ন ও তপঃ।" "যাহারা অরণ্যে শ্রদ্ধাপূর্ব্বক তপঃ উপাসনা করে।" "যাহারা অরণ্যে তপঃশ্রদ্ধার উপাসনা করে।". "পরিব্রাজকগণ এই লোক ইচ্ছা করিয়াই প্রব্রজ্যা করেন।" "ব্রহ্মচর্য্য সমাপ্ত হইলেই পরিব্রাজক হইবেক অর্থাৎ প্রব্রজ্যাশ্রম লইবেক।" ইত্যাদি। [প্রতি...ইতি] গার্হস্থ্যপ্রাপ্ত হউক বা গার্হস্থ্যপ্রাপ্ত না হউক, ঋণত্রয় অপাকৃত হউক বা অনপাকৃতই

ঊর্দ্ধরেতঃ আশ্রমে অর্থাৎ সন্ন্যাসাশ্রমে বিদ্যাশ্রুতি দেখা যায়। যে আশ্রমে কর্ম্ম নাই, প্রত্যুত কর্ম্মের ত্যাগই আছে, সেই আশ্রমেই জ্ঞানের বিধান। ইহাতেও বুঝা যায়, কর্ম্মের সহিত জ্ঞানের সমুচ্চয়-সম্বন্ধ নাই। কর্ম্মত্যাগের আশ্রয়ীভূত চতুর্থাশ্রম (সন্ন্যাস) বেদশব্দবোধিত। (ভাষ্য দেখ)।

কৃতর্ণানাঞ্চোর্দ্ধরেতস্ত্বং শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধম্, তস্মাদপি স্বাতন্ত্র্যং বিদ্যায়া ইতি ॥ ৩ । ৪ । ১৭ ॥

পরামর্শং জৈমিনিরচোদনা চাপবদতি হি ॥ ৩ । ৪ । ১৮ ॥*

"ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যাদয়ো যে শব্দা ঊর্দ্ধরেতসামাশ্রমাণাং সদ্ভাবায়োদাহৃতাঃ, ন তে তৎপ্রতিপাদনায় প্রভবন্তি। যতঃ পরামর্শমেষু শব্দেষ্বাশ্রমান্তরাণাং জৈমিনিরাচার্য্যো মন্যতে, ন বিধিম্। কুতঃ। ন হ্যত্র লিঙাদীনামন্যতমশ্চোদনাশব্দোঽস্তি। অর্থান্তরপরত্বঞ্চৈতেষাং প্রত্যেকমুপলভ্যতে। "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যত্র তাবদ্ "যজ্ঞোঽধ্যয়নং দানম্ ইতি

দিতি। তস্যাঃ স্বাতন্ত্র্যে কেবলায়াঃ সিদ্ধা মুক্তিঃ ফলিতেতি বক্তুমিতীত্যুক্তম্। ইত্যানন্দগিরিঃ। ৩। ৪। ১৭ ॥]

সিদ্ধ ঊর্দ্ধরেতসামাশ্রমিত্বে তদ্বিদ্যানামকর্ম্মাঙ্গতয়াপবর্গতা স্যাৎ। আশ্রমিত্বেন [আশ্রমিত্ব মেব] ত্বেষামন্যার্থপরামর্শমাত্রান্ন সিধ্যতি, বিধ্যভাবাৎ। স্মৃত্যাচারপ্রসি-

হউক, ঊর্দ্ধরেতস্ত্ব অর্থাৎ সন্ন্যাসধর্ম শ্রুতি স্মৃতি উভয়ত্রই প্রসিদ্ধ আছে। অতএব, তদনুসারেও বিদ্যার স্বাতন্ত্র্যসিদ্ধি হয় ॥ ৩। ৪। ১৭ ॥

ঊর্দ্ধরেতঃ আশ্রম আছে, তাহা শাস্ত্রীয়, এতৎপ্রতিপাদনার্থ যে সকল শব্দ "ধর্ম্মস্কন্ধ তিন্" ইত্যাদি প্রকারে প্রদর্শিত হইল, সে সকল সে আশ্রমের প্রতিপাদক নহে, অর্থাৎ তদ্দ্বারা চতুর্থাশ্রমসদ্ভাব প্রতিপাদিত হয় না। কারণ, জৈমিনি মুনি বলিয়াছেন, দেখাইয়াছেন, ঐ সকল শব্দে বিধি-বিভক্তি নাই। বিধিবিভক্তি না থাকায় ঐ সকলের মাত্র পরামর্শতা অর্থাৎ মাত্র উল্লেখভাব প্রতীত হয়, চতুর্থাশ্রম প্রতিপাদিত হয় না। ফলিতার্থ—চতুর্থাশ্রম অসিদ্ধ। লিঙ্ অথবা অন্য কোনও বিধায়ক শব্দ ঐ স্থলে দৃষ্ট হয় না এবং ঐ সকলের প্রত্যেকের অন্য অর্থে তাৎপর্য্য থাকাও প্রতীত হয়। [ত্রয়ো…ইতি] "ধর্ম্মস্কন্ধ

---

* পরামর্শঃ অনুবাদঃ। বিধায়কাঃ শব্দাশ্চোদনা। তে চ লিঙাদয়স্তদভাবোঽচোদনা। অপবাদো নিন্দা। জৈমিনিরাচার্য্যস্তেষু তেষু বাক্যেষু পরামর্শমনুবাদমাশ্রমান্তরস্য মন্যতে, ন বিধিম্। যতঃ অচোদনা বিধায়কশব্দাভাবস্তত্রেতি শেষঃ। ন কেবলমচোদনা, অপি চাপবদতি নিন্দতি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরম্। উদাহৃতেষু বাক্যেষু লিঙাদ্যভাবাৎ পারিব্রাজ্যস্য বিধেয়তা (অনুষ্ঠেয়তা) নাস্তীত্যর্থঃ। তৎপরামর্শস্তু ব্রহ্মসংস্থতাস্তুত্যর্থং, ন তু তদ্বিধানার্থমিতি জৈমিনের্ম্মতম্।

ঊর্দ্ধরেতঃশব্দিত চতুর্থাশ্রম-(সন্ন্যাসাশ্রম) প্রতিপাদক যে সকল প্রমাণ (শাস্ত্র) আহরণ করিলে, দেখাইলে, সে সকল তাহা (চতুর্থাশ্রম সদ্ভাব) সমর্থন করিতে শক্ত নহে। কারণ, জৈমিনি মুনি বলিয়াছেন, শাস্ত্রে গার্হস্থ্য ব্যতীত আশ্রমান্তরের বিধান নাই। ধর্ম্মস্কন্ধ ইত্যাদি

প্রথমঃ। তপ এব দ্বিতীয়ঃ। ব্রহ্মচার্য্যাচার্য্যকুলবাসী তৃতীয়োঽত্যন্তমাত্মানমাচার্য্যকুলেঽবসাদয়ন্, সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি” ইতি পরামর্শপূর্ব্বকমাশ্রমাণামনাত্যন্তিকফলত্বং সঙ্কীর্ত্ত্য, আত্যন্তিকফলতয়া ব্রহ্মসংস্থতা স্তূয়তে “ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি” ইতি। ননু পরামর্শেঽপ্যাশ্রমা গম্যন্ত এব। সত্যং গম্যন্তে, স্মৃত্যাচারাভ্যান্তু তেষাং প্রসিদ্ধির্ন

দ্ধিশ্চ তেষাং প্রত্যক্ষশ্রুতিবিরোধাদপ্রামাণ্যম্। নিন্দতি হি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরং ‘বীরহা বা এষ দেবানাম্’ইত্যাদিকা। প্রত্যক্ষশ্রুতিবিরোধে চ স্মৃত্যাচারয়োরপ্রামাণ্যমুক্তং ‘বিরোধে ত্বনপেক্ষং স্যাদসতি হ্যনুমানম্’ইতি। তদেতৎ সর্ব্বমাহ ‘ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ’ ইত্যাদিনা ‘অনধিকৃতবিষয়া বা’ইত্যন্তেন। অন্ধপঙ্গ্বাদয়ো হি যে নৈমিত্তিককর্ম্মানধিকৃতাস্তান্ প্রত্যাশ্রমান্তরবিধিরিতি।

তিন্, তন্মধ্যে প্রথম স্কন্ধ যজ্ঞ অধ্যয়ন ও দান। (এই বাক্যে গার্হস্থ্যের পরামর্শ অর্থাৎ উল্লেখ বা অনুসন্ধান করা হইয়াছে)।) দ্বিতীয় স্কন্ধ তপশ্চরণ। (এই বাক্যে বানপ্রস্থাশ্রম পরামৃষ্ট হইয়াছে।) তৃতীয় স্কন্ধ ব্রহ্মচর্য্য, আচার্য্যকুলে বাস, গুরুকুলে বাস দ্বারা আপনাকে (দেহকে) অতিশয়িতরূপে অবসন্ন করা। (ইহাই ব্রহ্মচর্য্যাশ্রমের স্মারক।) যাহারা তাহা করে, তাহারা সকলেই পুণ্যলোক প্রাপ্ত হয়।” এই শ্রুতি আশ্রমত্রয়ের পরামর্শ (অনুবাদ বা অনুসন্ধান) করতঃ সে সকল আশ্রমের ফলের অনিত্যতা ব্যক্ত করিয়া অবশেষে ব্রহ্মনিষ্ঠতার (ব্রহ্মজ্ঞানের) স্তুতি বা প্রশংসা করিয়াছেন। যথা—“ব্রহ্মনিষ্ঠ অমৃতত্ব প্রাপ্ত অর্থাৎ মুক্ত হয়।” এখানে দেখ, স্পষ্টতঃ আশ্রমবিধায়ক শব্দ নাই, অর্থাৎ গার্হস্থ্য ব্যতীত অন্যাশ্রমের গ্রহণ করিবেক, এমন কোন বিধান এতদ্বাক্যে লব্ধ হইতেছে না। [ননু...বা] যদি বল, আশ্রমবোধক শব্দের পরামর্শ অর্থাৎ উল্লেখ আছে, ঐ উল্লেখের বলেই আশ্রমান্তরের বিধান লব্ধ হইবেক; পূর্ব্বোক্ত উল্লেখ ও অনুবাদ অর্থাৎ পরামর্শনামে প্রসিদ্ধ এবং অনুবাদ পূর্ব্ববাদসাপেক্ষ; সুতরাং অনুবাদ বা পরামর্শ দেখিলেই প্রতীত হয়, পূর্ব্বে অন্যত্র তাহার প্রসিদ্ধি বা বিধান আছে। (অতএব, পরামর্শও বিধানসিদ্ধির অন্যতম কারণ বলিয়া গণ্য)। তাহা সত্য বটে; কিন্তু সে প্রসিদ্ধি স্মৃতি ও আচার হইতে সম্প্রসূত। কিন্তু সাক্ষাৎ কোন প্রত্যক্ষা শ্রুতিকে ঐ সকল আশ্রমের বিধান করিতে দেখা যায় না। যেহেতু আশ্রমান্তর শ্রুতিবিহিত নহে; সেই হেতু কেবলমাত্র স্মৃত্যাচারপ্রসিদ্ধ আশ্রমান্তর শ্রুতিবিরুদ্ধ, সেই হেতু সে সকল অনাদরণীয়। কিংবা যাহারা

বাক্যে লিঙ্ প্রভৃতি বিধায়ক শব্দ নাই। অপিচ, আশ্রমবাচক শব্দও নাই; অধিকন্তু আশ্রমান্তরের অপবাদ অর্থাৎ নিন্দা আছে। ইত্যাদি ইত্যাদি কারণে চতুর্থাশ্রম অবৈধ (বিধিবোধিত নহে, সুতরাং অনুষ্ঠেয়ও নহে)।

প্রত্যক্ষায়াঃ শ্রুতেঃ। অতশ্চ প্রত্যক্ষশ্রুতিবিরোধে সত্য-নাদরণীয়াস্তে ভবিষ্যন্ত্যনধিকৃতবিষয়া বা।

নন্বু গার্হস্থ্যমপি সহৈবোর্দ্ধরেতোভিঃ পরামৃষ্টং "যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমঃ" ইতি। সত্যমেবম্, তথাপি তু গৃহস্থং প্রত্যেবাগ্নিহোত্রাদীনাং কর্ম্মণাং বিধানাৎ শ্রুতিপ্রসিদ্ধমেব তদস্তিত্বম্। তস্মাৎ স্তুত্যর্থ এবায়ং পরামর্শো ন চোদনার্থঃ। অপি চ, অপবদতি হি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরং "বীরহা বা এষ দেবানাং যোঽগ্নিমুদ্বাসয়তে।" "আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীর্নাপুত্রস্য লোকোঽস্তীতি।" "তৎ

অপি চাপবদতি হি। ন কেবলমন্যপরতয়া পরামর্শস্যাশ্রমান্তরং ন লভ্যতে, অপি ত্বাশ্রমান্তরনিন্দাদ্বারেণাপবাদাদপীত্যর্থঃ।

স্যাদেতৎ। ভবত্বেব পরামর্শোঽন্যার্থঃ। যে চেমেঽরণ্য ইত্যাদিভ্যস্ত্বাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—"যে চেমেঽরণ্যে"ইতি। অস্যাপি দেবপথোপদেশপরত্বাৎ নৈতৎপরত্বমিত্যর্থঃ।

গার্হস্থ্যাশ্রমের অনধিকারী—অনুপযুক্ত, তাহাদেরই জন্য অন্যান্য আশ্রম বিহিত, (অন্ধ ও পঙ্গু প্রভৃতি—যাহারা কর্ম্ম করিতে অশক্ত—তাহারাই কর্ম্মত্যাগরূপ সন্ন্যাসাশ্রমের অধিকারী)।

[নন্বু...চোদনার্থঃ] বলিতে পার যে, যজ্ঞ অধ্যয়ন ও দান, এই কথায় গার্হস্থ্যও পরামৃষ্ট (অভিহিত) হইয়াছে এবং তাহা উর্দ্ধরেতঃ-আশ্রম বাক্যের একাংশ, সুতরাং উর্দ্ধরেতঃ আশ্রম অপ্রামাণিক হইলে গার্হস্থ্যও অপ্রামাণিক হইবে। ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, উক্ত বাক্যে গার্হস্থ্যের পরামর্শ (অনুবাদ) হইয়াছে সত্য; পরন্তু গৃহস্থকর্ত্তব্য অগ্নিহোত্রাদি কর্ম্মের বিধান শ্রুতিপ্রসিদ্ধ। অর্থাৎ সে আশ্রম সাক্ষাৎ শ্রুতির (শব্দের) দ্বারা বিহিত। যেহেতু তাহা শ্রুতিবিহিত, সেই হেতু উদাহৃত বাক্যে তাহার পরামর্শ অর্থাৎ অনুবাদ। এই অনুবাদ বা পরামর্শ বিধানার্থ নহে; কিন্তু স্তুত্যর্থ (প্রশংসার্থ)। [অপিচ···বিধিঃ] আরও দেখ, শ্রুতি সাক্ষাৎ নিন্দার্থবাচী শব্দে অন্যান্য আশ্রমের অপবাদ অর্থাৎ নিন্দা করিয়াছেন। যথা—"যে অগ্নি পরিত্যাগ করে, সে-ই দেবতাদের বীর্যহন্তা হয়, অথবা সেই ব্যক্তিই দেবগণের মধ্যে অবস্থান করতঃ বীর্যঘাতী হয়।" "বেদদাতা গুরুকে তাঁহার অভিলষিত ধন (গুরুদক্ষিণা) প্রদান করতঃ পরে সন্তান-পরম্পরার বিচ্ছেদ করিও না। অপুত্রের লোক (স্বর্গাদি) নাই।" "তাহাদিগের সকলকেই পশুতুল্য জানিবে।" ইত্যাদি। "যাহারা অরণ্যবাসী হইয়া শ্রদ্ধা ও তপঃসহকারে উপাসনা করে" ইত্যাদি বাক্যেও আশ্রমান্তরের উপদেশ হয় নাই। ঐ সকল বাক্যে দেবযান পথের উপদেশ হইয়াছে মাত্র।

সর্ব্বে পশবো বিদুঃ” ইত্যেবমাদ্যা। তথা “যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে। তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে” ইতি চ দেবযানোপদেশো নাশ্রমান্তরোপদেশঃ।

সন্দিগ্ধঞ্চাশ্রমান্তরাভিধানং “তপ এব দ্বিতীয়ঃ” ইত্যেবমাদিষু। তথা “এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি” ইতি লোকসংস্তবোঽয়ং* ন পারিব্রাজ্যবিধিঃ। ননু “ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ”ইতি বিস্পষ্টমিদং প্রত্যক্ষং পারিব্রাজ্যবিধানং জাবালানাম্। সত্যমেবমেতৎ, অপেক্ষ্য ত্বেতাং শ্রুতিময়ং বিচার ইতি দ্রষ্টব্যম্॥ ৩। ৪। ১৮॥

অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ ॥৩।৪।১৯॥*

অনুষ্ঠেয়মাশ্রমান্তরং বাদরায়ণ আচার্য্যো মন্যতে, বেদেষু

ন চান্যপরাদপি স্ফুটতরাশ্রমান্তরপ্রত্যয় ইত্যাহ—“সন্দিগ্ধঞ্চ” ইতি। ন হি তপ এব দ্বিতীয় ইত্যত্রাশ্রমান্তরাভিধায়ী কশ্চিদস্তি শব্দ ইতি। নন্বেতমেব প্রব্রাজিন ইতি বচনাদাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—“তথা এতমেব” ইতি। “এতদপি লোকসংস্তবনপরম্”ইতি। অধিকরণারম্ভমাক্ষিপ্য নাস্তি প্রত্যক্ষবচনমিতি কৃত্বা চিন্তেয়মিতি সমাধত্তে—“ননু ব্রহ্মচর্য্যাদেব” ইতি॥ ৩। ৪। ১৮॥

ভবত্বন্যার্থঃ পরামর্শস্তথাপ্যেতস্মাদাশ্রমান্তরাণি প্রতীয়মানানি চ নাপা-

---

“তপস্যাই দ্বিতীয়” ইত্যাদি বাক্যে আশ্রমান্তরের কথন হইয়াছে কি-না, সন্দেহ। (কারণ, ঐ সকল স্থলে আশ্রমবাচক শব্দ নাই।) “পরিব্রাজকগণ এই লোক (আত্মলোক, মোক্ষ) ইচ্ছা করিয়া প্রব্রজ্যা করেন।” এই স্থলে সন্ন্যাসাশ্রমের পর্য্যায়ে (নামান্তরে) প্রব্রজ্যা-শব্দ আছে সত্য; পরন্তু তাহাতে বিধায়ক শব্দ (লিঙ্ বিভক্তি প্রভৃতি) না থাকায় তাহার দ্বারা পারিব্রাজ্যের (চতুর্থাশ্রমের) বিধান সিদ্ধ হয় নাই। উহা বিধেয় বা অনুষ্ঠেয়রূপ নহে। কেবল লোকস্তুতির জন্যই উহার উল্লেখ। [ননু দ্রষ্টব্যম্] যদি বল, ব্রহ্মচর্য্য হইতে প্রব্রজ্যা করিবেক, এই ত জাবালদিগের বিধান আছে? “প্রব্রজেৎ—প্রব্রজ্যা করিবেক” এই ত সন্ন্যাসবিধায়ক প্রত্যক্ষ শ্রুতি আছে? ইহার প্রত্যুত্তর —ঐ শ্রুতি পর্য্যবেক্ষণ না করিয়াই এতৎ বিচার উপস্থাপিত করা হইয়াছে॥ ৩। ৪। ১৮॥

অন্যান্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় (বিধেয় বা বিধানলব্ধ), ইহা

---

* আশ্রমান্তরমিতি যোজ্যম্। সাম্যং সমানত্বং পরামর্শস্য, তস্মাৎ। সিদ্ধান্তসূত্রমেতৎ। বাদারায়ণ মুনির মত এই যে, অন্য আশ্রমও গার্হস্থ্যবৎ অনুষ্ঠেয়। কারণ এই যে, আশ্রম সমূহের পরামর্শ অর্থাৎ অনুবাদ সমান। উদাহৃত বাক্যে গার্হস্থ্যের অনুবাদ যদ্রূপ, আশ্রমান্তরের অনুবাদও তদ্রূপ, সুতরাং পরামর্শসাম্য বলে অন্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় বা বিধেয়। (ভাষ্যানুবাদ দেখ)।

শ্রবণাৎ,গ্নিহোত্রাদীনাঞ্চাবশ্যানুষ্ঠেয়ত্বাৎ তদ্বিরোধাদনধিকৃতানুষ্ঠেয়মাশ্রমান্তরমিতি হীমাং মতিং নিরাকরোতি গার্হস্থ্যবদেবাশ্রমান্তরমপ্যনিচ্ছতা প্রতিপত্তব্যমিতি মন্যমানঃ। কুতঃ। সাম্যশ্রুতেঃ। সমানা হি গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য পরামর্শশ্রুতির্দৃশ্যতে "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যাদ্যা। যথেহ শ্রুত্যন্তরবিহিতমেব গার্হস্থ্যং পরামৃষ্টম্, এবমাশ্রমান্তরমপীতি প্রতিপত্তব্যম্। যথা চ শাস্ত্রান্তরপ্রাপ্তয়োরেব নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ উপবীতবিধিপরে বাক্যে। তস্মাৎ তুল্যমনুষ্ঠেয়ত্বং গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য।

করণমর্হন্তি। এবং তাস্বপাক্রিয়েরন্ যত্নস্মান্ন প্রতীয়েরন্, প্রতীয়মানানি বা শ্রুত্যা বাধ্যেরন্। ন তাবন্ন প্রতীয়ন্তে। তথাহি—ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ইতি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতম্। তত্র স্কন্ধশব্দো যদ্যাশ্রমপরো ন স্যাদপি তু সমূহবচনঃ, ততো ধর্ম্মাণাং যজ্ঞাদীনাং প্রাতিস্বিকোৎপত্তীনাং কিমপেক্ষ্য ত্রিত্বং সখ্যাসু

বাদরায়ণের (ব্যাসের) মত। তৎপ্রতি হেতু—সাম্যশ্রবণ। বেদে সমানরূপে আশ্রমচতুষ্টয় শ্রুত হইয়াছে। অগ্নিহোত্রাদি কর্ম্ম অবশ্যানুষ্ঠেয়, গৃহস্থ তাহার অধিকারী, অন্য আশ্রম তাহার বিপরীত বা বিরোধী (অন্য আশ্রমে অবশ্যানুষ্ঠেয় অগ্নিহোত্রাদির আচরণ দেখা যায় না), সুতরাং অগ্নিহোত্রাদি কর্ম্মে অসমর্থ অন্ধ পঙ্গু প্রভৃতির জন্যই কর্ম্মবর্জ্জিত আশ্রমান্তরের বিধান; অর্থাৎ তাদৃশ ব্যক্তিই অগত্যা কর্ম্মবর্জ্জিত আশ্রমের অধিকারী; এইরূপ মতি (বুদ্ধি) সূত্রকার ব্যাস এতৎসূত্রে নিরাকৃত করিতেছেন। সূত্রকার ভাবিয়া দেখিয়াছেন, ইচ্ছা না থাকিলেও বাদীদিগকে গার্হস্থ্যের ন্যায় অন্যাশ্রমের বিধান স্বীকার করিতে হইবে। কারণ, পরামর্শ ও শ্রুতি দুই দিকেই সমান। [সমানা...বিদ্যয়া] ধর্ম্মস্কন্ধ তিন, এই শ্রুতিতে গৃহাশ্রম ও অন্য আশ্রম সমানরূপে পরামৃষ্ট হইয়াছে। ধর্ম্মস্কন্ধবাক্যে শ্রুত্যন্তরবিহিত গার্হস্থ্যের যদ্রূপ পরামর্শ (অনুবাদ), শাস্ত্রান্তরবিহিত অন্য আশ্রমেরও তদ্রূপ পরামর্শ (অনুবাদ) আছে, ইহা জানিবে। এক স্থানে বিহিত বিষয় যে, অন্য স্থানে পরামৃষ্ট (অনূদিত) হয়, তাহার উদাহরণ (দৃষ্টান্ত) আছে। যেমন উপবীতবাক্যে শাস্ত্রান্তরপ্রাপ্ত নিবীত ও প্রাচীনাবীত * পরামৃষ্ট (অনূদিত) হয় বা হইয়াছে, সেইরূপ উদাহৃত

---

* উত্তরীয় বস্ত্র মালাবৎ কণ্ঠলম্বিত করতঃ ধারণ করিলে অথবা তদ্দ্বারা দেহার্দ্ধ বন্ধন করিলে নিবীত নাম প্রাপ্ত হয়। বামস্কন্ধ হইতে দক্ষিণভাগে উত্তরীয় স্থাপন করিলে তাহা উপবীত এবং দক্ষিণ স্কন্ধারূঢ় করতঃ বামভাগাবলম্বী করিলে তাহা প্রাচীনাবীত নাম প্রাপ্ত হয়। মনুষ্য কার্য্যে নিবীত, পিতৃকার্য্যে প্রাচীনাবীত, তদ্ভিন্ন কার্য্যে উপবীত। পূর্ব্বমীমাংসায় "নিবীতং মনুষ্যাণাং" ইত্যাদি বাক্যের উদ্দেশ্য বিচারিত হইয়াছে এবং তাহাতে স্থির হইয়াছে যে, উপবীত বিধানার্থই নিবীত ও প্রাচীনাবীত পরামৃষ্ট (অনূদিত) হইয়াছে।

তথা "এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" ইত্যস্য বেদানুবচনাদিভিঃ সমভিব্যাহারঃ। "যে চেমেঽরণ্যে" ইত্যুপাসতে ইত্যস্য চ পঞ্চাগ্নিবিদ্যয়া।

যত্তূক্তং "তপ এব দ্বিতীয়ঃ" ইত্যাদিষ্বাশ্রমান্তরাভিধানং সন্দিগ্ধমিতি। নৈষ দোষঃ, নিশ্চয়কারণসদ্ভাবাৎ। "ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইতি হি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতং, ন চ যজ্ঞাদয়ো ভূয়াংসো ধর্ম্মা উৎপত্তিভিন্নাঃ সন্তোঽন্যত্রাশ্রমসম্বন্ধাৎ ত্রিত্বেঽন্তর্ভাবয়িতুং শক্যন্তে। তত্র যজ্ঞাদিলিঙ্গো গৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধো নির্দ্দিষ্টঃ। ব্রহ্মচারীতি চ স্পষ্ট আশ্রমনির্দ্দেশঃ। তপ

ব্যবস্থাপ্যেত। একৈকাশ্রমোপসংগৃহীতাশ্বাশ্রমাণাং ত্রিত্বাচ্ছক্যাস্ত্রিত্বে ব্যবস্থাপয়িতুমিত্যাশ্রমত্রিত্বপ্রতিজ্ঞোপপত্তিঃ। তত্র যজ্ঞাদিলিঙ্গো গৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধঃ, ব্রহ্মচারীতি দ্বিতীয়স্তপ ইতি চ। তপঃপ্রধানাত্তু বানপ্রস্থাশ্রমান্নান্যো ব্রহ্মসংস্থ ইতি চ পারিশেষ্যাৎ পরিব্রাড়িতি বক্ষ্যতি। তস্মাদন্যপরাদপি পরামর্শাদাশ্রমান্তরাণি প্রতীয়মানানি দেবতাধিকরণন্যায়েন ন শক্যন্তেঽপাকর্ত্তুম্। ন চ প্রত্যক্ষশ্রুতিবিরোধঃ, বীরহা বেত্যাদেঃ প্রতিপন্নগার্হস্থ্যং প্রমাদাদজ্ঞানাদ্বাগ্নিমুদ্বাসয়িতুং প্রবৃত্তং প্রত্যুপপত্তেঃ। এবঞ্চাবিরোধে সিদ্ধবৎ পরামর্শাদাশ্রমান্তরাণাং শাস্ত্রান্তরসিদ্ধিং বা কল্পয়িষ্যামো যথোপবীতবিধিপরে বাক্যে

বাক্যেও আশ্রমান্তরের পরামর্শ হইয়াছে এবং সে পরামর্শ সাধু বলিয়া গণ্য। ফল কথা এই যে, অন্যান্য আশ্রমও গার্হস্থের ন্যায় অনুষ্ঠেয়। অপিচ, "পরিব্রাজকগণ এই আত্মলোক লাভার্থ প্রব্রজ্যা (সর্ব্বকর্ম্মত্যাগরূপ সন্ন্যাস) করেন" এই বাক্য ও "ব্রাহ্মণগণ দান, বেদাধ্যয়ন, যজ্ঞ, ইত্যাদির দ্বারা ব্রহ্ম জানিবার ইচ্ছা করেন" এই বেদানুবাচন-বাক্য একসঙ্গে পঠিত এবং "যাহারা অরণ্যে শ্রদ্ধাই তপঃস্থানীয়, এইরূপে উপাসনা করে" এই বাক্যও পঞ্চাগ্নিবিদ্যাবিধায়ক বাক্যের সাহিত্যে (এক সঙ্গে) অভিহিত; (সুতরাং তুল্যবিধান)।

[যত্তূক্তং...শ্রমান্তরম্] বলিয়াছিলে যে, "তপ এব দ্বিতীয়ঃ" এই বাক্যে আশ্রমান্তরের বিধান হইয়াছে কি-না সন্দেহ, বস্তুতঃ তাহা সন্দেহযুক্ত নহে। যখন নিশ্চায়ক হেতু আছে, তখন তাহাতে সন্দেহ করা অযুক্ত। নিশ্চায়ক হেতু থাকিলে ঐরূপ উক্তি দোষ বহন করে না। বিবেচনা কর, "তিনটী ধর্ম্মস্কন্ধ" এই প্রথমোক্ত বাক্যে তিন্ সংখ্যা পরিগণিত বা প্রতিজ্ঞাত হইয়াছে। শাস্ত্রে যজ্ঞাদি বহু ধর্ম্ম অভিহিত থাকায় আশ্রম-বিভাগ ব্যতীত সে সমুদায় তিনের অন্তর্ভূত হইবার সম্ভাবনা নাই; সুতরাং প্রতীত হইতেছে যে, যজ্ঞাদিচিহ্নিত গৃহাশ্রম প্রথম স্কন্ধ, ব্রহ্মচর্য্যাশ্রম (ব্রহ্মচারী শব্দ বিস্পষ্ট আশ্রমবাচক) দ্বিতীয়

ইত্যপি কোঽন্যস্তপঃপ্রধানাদাশ্রমাদ্ধর্ম্মস্কন্ধোঽভ্যুপগম্যেত। "যে চেমেঽরণ্যে" ইতি চারণ্যলিঙ্গাৎ শ্রদ্ধাতপোভ্যামাশ্রমগৃহীতিঃ। তস্মাৎ পরামর্শেঽপ্যনুষ্ঠেয়মাশ্রমান্তরম্ ॥ ৩। ৪। ১৯ ॥

বিধির্ব্বা ধারণবৎ ॥ ৩। ৪। ২০ ॥*

বিধির্ব্বায়মাশ্রমান্তরস্য, ন পরামর্শমাত্রম্। নন্বু বিধিত্বা-ভ্যুপগম একবাক্যতাপ্রতীতিরুপরুধ্যেত। প্রতীয়তে চাত্রে-

---

'উপব্যয়তে দেবলক্ষ্যমেব তৎ কুরুতে' ইত্যত্র 'নিবীতং মনুষ্যাণাং প্রাচীনা-বীতং পিতৃণাম্" ইতি শাস্ত্রান্তরসিদ্ধয়োর্নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ ইতি ॥ ৩। ৪। ১৯।

যদ্যপি ব্রহ্মসংস্থত্বস্তুতিপরতয়াঽস্য সন্দর্ভস্যৈকবাক্যতা গম্যতে। সম্ভবন্ত্যা-শ্চৈকবাক্যতায়াং বাক্যভেদোঽন্যায্যঃ, তথাপ্যাশ্রমান্তরাণাং পূর্ব্বসিদ্ধেরভাবাৎ পরামর্শানুপপত্তেরপরামর্শে চ স্তুতেরসম্ভবেন কিম্পরতয়া একবাক্যতাঽস্তু, ইতি তাং ভঙ্‌ক্ত্বা ধারণবদ্বরমপূর্ব্বত্বাদ্বিধিরেবাঽস্ত। যথা—"অধস্তাৎ সমিধং ধারয়ন্ননুদ্রবেদুপরি হি দেবেভ্যো ধারয়তি" ইত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্য-

---

স্কন্ধ এবং তপোনামক অন্য একটী স্কন্ধ তাহার তৃতীয়। এই স্থানে জিজ্ঞাস্য এই যে, তপঃশব্দে তপস্যাপ্রধান আশ্রম ব্যতীত অন্য কিছু গ্রহণ করিতে পার না। অন্য কোন ধর্ম্মস্কন্ধ গ্রহণ করিবে? অবশ্যই অরণ্য-শব্দের সামর্থ্যে ও শ্রদ্ধাতপঃ-শব্দের দ্বারা অতিরিক্ত এক আশ্রম গ্রহণ করিতে হইবে। যদি তাহাই হয়, তবে তাহা চতুর্থাশ্রম ব্যতীত অন্য কিছুই নহে। অতএব, পরামর্শ অর্থাৎ অনুবাদ-বাক্য হইলেও তদ্দ্বারা (ধর্ম্মস্কন্ধশব্দঘটিত বাক্যের দ্বারা) গার্হস্থ্যের ন্যায় চতুর্থাশ্রমেরও বৈধতা অবধারিত হয়; সুতরাং উপসংহার—উত্তরাশ্রমও গার্হস্থ্যের সহিত সমান অনুষ্ঠেয় (বিধেয় বা বিধিবোধিত) ॥ ৩। ৪। ১৯ ॥

অথবা ঐটাই বিধায়ক বাক্য। ঐ বাক্যেই আশ্রমান্তরের কেবল উল্লেখমাত্র হয় নাই, উহাতে বিধানও হইয়াছে। ঐ বাক্যকে বিধিবাক্য বলিয়া অস্বীকার করিতে গেলে একবাক্যতা প্রতীতির বাধা জন্মে সত্য; (তিন ধর্ম্মস্কন্ধের ফল পুণ্যলোকপ্রাপ্তি, কিন্তু ব্রহ্মসংস্থতার ফল মোক্ষ। এই যে, ব্রহ্মনিষ্ঠতার প্রশংসা, এ প্রশংসার দ্বারা সমুদায় বাক্য একীকৃত হয়; হইয়া একই অর্থের প্রতীতি জন্মায়; সুতরাং ঐকাশ্রম্যই বিহিত বলিয়া বিজ্ঞাত হওয়া যায় সত্য;)

---

* বেত্যবধারণে। বিধিরেবাঽয়ং ন পরামর্শঃ। ধারণবদিতি দৃষ্টান্তঃ। একবাক্যতা-জ্ঞানেঽপি তত্ত্যাগেনাপূর্ব্বার্থে বিধৌ দৃষ্টান্তঃ—ধারণবদিতি। ভাষ্যে চৈতদ্বিবৃতমস্তি।

পরামর্শ পক্ষ স্বীকার করিলেও চতুর্থাশ্রমের অনুষ্ঠেয়তা প্রাপ্ত হওয়া যায়। কিন্তু বিচার চক্ষে দেখিতে গেলে ঐ বাক্যই তাহার বিধায়ক বলিয়া প্রতীত হইবে। পূর্ব্বমীমাংসায় যেমন উপরিধারণ বাক্যে বিধি, সেইরূপ এখানেও ধর্ম্মস্কন্ধ বাক্যে আশ্রমবিধি। দৃষ্টান্তের বিবরণ ভাষ্য ব্যাখ্যায় পাইবেন।

কবাক্যতা—পুণ্যলোকফলাস্ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ, ব্রহ্মসংস্থতা ত্বমৃতত্ব-ফলেতি। সত্যমেতৎ। সতীমপি ত্বেকবাক্যতাপ্রতীতিং পরিত্যজ্য বিধিরেবাভ্যুপগন্তব্যঃ, অপূর্ব্বত্বাদ্বিধ্যন্তরস্যাদর্শনাৎ, বিস্পষ্টাচ্চাশ্রমান্তরপ্রত্যয়াৎ গুণবাদকল্পনয়ৈকবাক্যত্বপ্রয়োজনানুপপত্তেঃ। ধারণবৎ। যথা "অধস্তাৎ সমিধং ধারয়ন্ননুদ্রবেদুপরি হি দেবেভ্যো ধারয়তি" ইত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্যতাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ। তথা

তাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ। যথোক্তম্ "বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাৎ" ইতি, তথেহাপ্যাশ্রমান্তরপরামর্শশ্রুতির্ব্বিধিরেবেতি কল্প্যতে। সম্প্রতি পরামর্শেঽপীতরেষামাশ্রমাণাং ব্রহ্মসংস্থতাসংস্তবসামর্থ্যাদেব বিধাতব্যা। ন

পরন্তু সে একবাক্যতা ও ঐক্যজ্ঞান পরিত্যাগ করিয়া বিধিত্ব স্বীকার করাই সঙ্গত। কারণ এই যে, ঐ আশ্রমবিশেষ অপূর্ব্ব অর্থাৎ পূর্ব্বপ্রাপ্ত নহে। ফলিতার্থ এই যে, তদ্বিধায়ক বিধ্যন্তর দৃষ্ট হয় না, বিধ্যন্তর দৃষ্ট না হওয়ায় উদাহৃত বাক্যেই প্রোক্ত আশ্রমের বিধান অবশ্য স্বীকার্য্য। [বিস্পষ্টা···কল্প্যতে] যখন স্পষ্টতই আশ্রম প্রতীতি হইতেছে, তখন আর স্তুতিবাদ কল্পনা করিয়া একবাক্য করিবার প্রয়োজন নাই। পূর্ব্বমীমাংসায় যেরূপে ধারণ-বাক্যের বিধিত্ব স্বীকৃত হইয়াছে, এই উত্তরমীমাংসায়ও সেইরূপেই উদাহৃত বাক্যের বিধিত্ব স্বীকৃত হইবে। একটী শ্রুতি আছে—"তাহার নীচে সমিধ্ স্থাপন করিবেক। দেবতার উদ্দেশে উপরিধারণ করিবেক। এই বাক্যে "নীচে সমিধ্ ধারণ" এই অংশে বিধিবিভক্তি ও উপরিধারণ অংশে পরামর্শ অর্থাৎ অনুবাদ প্রয়োগ দৃষ্ট হয়; সুতরাং প্রতীত হয়, প্রদর্শিত তদুভয় বাক্য এক হইয়া একই অর্থকে অর্থাৎ অধোধারণরূপ অর্থকেই বলবৎ করিতেছে। বস্তুতঃ তাহা নহে। একবাক্যতা প্রতীত হইলেও উপরিধারণের অপূর্ব্বত্ব থাকায় (অন্য বাক্যে বিহিত না হওয়ায়) ইহাই সুস্থির হয় যে, প্রোক্ত সন্দর্ভ বাক্যদ্বয়ে বিভক্ত। তাহার শেষ বাক্যে উপরিধারণের বিধান অর্থাৎ বিধিবিভক্তি না থাকিলেও, "উপরি ধারয়তি—উপরে ধারণ করিতেছে" এইরূপ প্রয়োগ থাকিলেও, তাহা বিধি বলিয়া গণ্য। * এ কথা পূর্ব্বমীমাংসার শেষ-লক্ষণে

* মহাপিতৃযজ্ঞ ও মৃত ব্যক্তির অগ্নিহোত্র, এই দুই স্থলে ঐ বাক্য কথিত হইয়াছে। বাক্যের অর্থ এই যে, যখন হোমীয় ঘৃতাদি স্রুক্ নামক হোমপাত্রে লইয়া হোমকুণ্ডসমীপে নীত হইবে, তখন পিত্র্য হোম হইলে সেই হোমীয় ঘৃতাদির নীচে সমিধ্ পাতিত করিবেক। ইহার নাম অধোধারণ, এবং বিধায়ক লিঙ বিভক্তি থাকায় এই অধোধারণ বাক্যই বিধিবাক্য। আর দৈব (দেবতার উদ্দেশে) হোম হইলে তাহার উপরে সমিধ্ স্থাপন করে, এই বাক্যে যে, উপরে সমিধ্ দিবার কথা আছে, তাহা উপরিধারণ। এই উপরিধারণ বিধিবিভক্তির দ্বারা অভিহিত না হইলেও পূর্ব্বাপ্রাপ্ততা বিধায় বিধি বলিয়া গণ্য। অর্থাৎ ধারয়তি শব্দের পরিবর্ত্তে ধারয়েৎ

চোক্তং শেষলক্ষণে "বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাৎ" ইতি। তদ্বদিহা-প্যাশ্রমপরামর্শশ্রুতির্বিধিরেবেতি কল্প্যতে।

যদ্যপি পরামর্শ এবায়মাশ্রমান্তরাণাং, তদাপি ব্রহ্মসংস্থতা তাবৎ সংস্তবসামর্থ্যাদবশ্যবিধেয়াঽভ্যুপগন্তব্যা। সা চ কিং চতুর্ষ্বাশ্রমেষু যস্য কস্যচিৎ? আহোস্বিৎ পরিব্রাজকস্যৈব? ইতি বিবেক্তব্যম্। যদি চ ব্রহ্মচর্য্যান্তেষ্বাশ্রমেষু পরামৃশ্যমানেষু পরিব্রাজকোঽপি পরামৃষ্টঃ,ততশ্চতুর্ণামপ্যাশ্রমাণাং পরামৃষ্টত্বা-বিশেষাদনাশ্রমিত্বানুপপত্তেশ্চ যঃ কশ্চিচ্চতুর্ষ্বাশ্রমেষু ব্রহ্মসংস্থো ভবিষ্যতি। অথ ন পরামৃষ্টঃ, ততঃ পরিশিষ্যমাণঃ পরিব্রাড়েব ব্রহ্মসংস্থ ইতি সেৎস্যতি।

থল্ববিধেয়ং সংস্তূয়তে, তদর্থত্বাৎ সংস্তবস্যেত্যাহ—"যদ্যপি"ইতি। অত্রাবান্তর-বিচারমারভতে "সা চ কিং চতুর্ষু" ইতি।

বিচারপ্রয়োজনমাহ—"যদি চ" ইতি।" নন্বনাশ্রম্যেব ব্রহ্মসংস্থো ভবিষ্যতীত্যত

অর্থাৎ অঙ্গবিচার সূত্রে সুব্যক্ত আছে। যথা—"পূর্ব্বপক্ষ বিদূরিত করিবে। করিয়া ইহাই অবধারণ করিবে যে, অপূর্ব্ব অর্থাৎ বাক্যান্তর-প্রাপ্ত নহে বলিয়া ধারণ-বাক্য বিধিবাক্য; অনুবাদ বাক্য নহে।" পূর্ব্বমীমাংসার এই সূত্রে যেমন ধারণের বিধিত্ব সিদ্ধান্তিত হইয়াছে, তেমনি, এই উত্তর মীমাংসাতেও আশ্রম-শ্রুতির বিধিত্ব সিদ্ধান্তিত হইবে।

[যদ্যপি...যুক্তম্] ঐ বাক্য আশ্রমান্তরের পরামর্শক হইলেও তদ্দ্বারা স্তুতির সামর্থ্যে ব্রহ্মনিষ্ঠতার বিধান হইতে পারে। "যদ্ধি স্তূয়তে তৎ বিধীয়তে —যাহার স্তুতি, তাহারই বিধান।" এতদ্দৃষ্টে ব্রহ্মনিষ্ঠতাও বিধেয়, ইহা স্বীকৃত হইলে, তখন বিবেচ্য হইবে যে, ব্রহ্মসংস্থা সকল আশ্রমের? কিংবা কেবলই পরিব্রাজকের? যদি অন্য আশ্রমত্রয়ের সহিত পারিব্রাজ্যও পরামৃষ্ট হইয়া থাকে, তবে অনাশ্রমিত্ব বাক্যের ("অনাশ্রমী ন তিষ্ঠেত্তু দিনমেকমপি দ্বিজঃ" এই বাক্যের) সার্থক্য থাকিবেক না। তাহাতে এইরূপ বিধান নিষ্পত্তি হইবে যে, আশ্রম চতুষ্টয়ের মধ্যে যে কোন আশ্রমী ব্রহ্মনিষ্ঠ হইতে পারিবে। আর যদি আশ্রম-ত্রয়ের সঙ্গে পারিব্রজ্যের পরামর্শ না হইয়া থাকে, অর্থাৎ তাহা যদি অপ্রাপ্ত থাকে, তাহা হইলে এই বিধানই লব্ধ হইবে যে, পরিব্রাজক কেবলই ব্রহ্মনিষ্ঠ হইবেন। ফলতঃ, এই শেষ পক্ষই সঙ্গত। এই স্থলে কেহ কেহ বলেন, তপঃশব্দটী বানপ্রস্থ

এইরূপ পদপ্রযুক্ত করা হয়। এ সকল কথা পূর্ব্বমীমাংসায় আছে। অতএব, যদ্রূপ পূর্ব্ব-মীমাংসায় উপরি সমিধ ধারণের অপূর্ব্বতা দৃষ্টে পিত্র্যহোম ও দৈবহোম, এই দুই বিষয়ে অধোধারণ ও উপরিধারণ বিধেয় বলিয়া স্থির করা হয়। সে স্থলে যেমন বাক্যভেদ অর্থাৎ দুই বাক্য স্বীকার করার দোষ হয় না, তদ্রূপ, এখানেও দুই বাক্য দোষাবহ হইবেক না।

তত্র তপঃশব্দেন বৈখানসগ্রাহিণা পরামৃষ্টঃ পরিব্রাড়পীতি কেচিৎ। তদযুক্তম্। ন হি সত্যাং গতৌ বানপ্রস্থবিশেষণেন পরি-

